যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০৭টি	০৭টি	০০টি	০০টি	০৬টি	০৭টি	১৬৬.৬৭%	০৬টি	৩৩.৭৬%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৭টি**

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল:**

ক্র: নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১.	অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন	১৯৫৭৮.১৫	জুলাই,২০১০ হতে ডিসেম্বর, ২০১৯
২.	নাটোর ও গাইবান্ধা জেলা সদরে ইনডোর স্টেডিয়াম নির্মাণ	১৪১৮.৯৭	জানুয়ারি, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৯
৩.	বীর মুক্তিযোদ্ধা এ্যাডঃ আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)	৪৩৮৩.৪৮	জুলাই ২০১৭ হতে জুন ২০২০
৪.	শেরপুর শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি স্টেডিয়াম উন্নয়ন এবং ইনডোর স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)	৪১০২.৩৮	জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০
৫.	মুন্সীগঞ্জ জেলা স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ	২০৩৭.৭৪	জানুয়ারি, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০১৯
৬.	সিলেট বিভাগীয় ক্রিকেট কমপ্লেক্সের আউটার স্টেডিয়ামের উন্নয়ন এবং মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়াম উন্নয়নসহ জাতির পিতার মুর্যাল স্থাপন	৩৮৬০.৩১	জানুয়ারি, ২০১৮ থেকে জুন, ২০২০
৭.	নেত্রকোণা জেলা সদরে ইনডোর স্টেডিয়াম, খেলোয়াড়দের জন্য ডরমিটরি ভবন নির্মাণ এবং বিদ্যমান টেনিস কমপ্লেক্সের উন্নয়ন	২৪৫৩.০৯	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:**

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	১.১ প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। ১.২ প্রকল্প শেষে অডিট আপত্তির উপযুক্ত জবাব তথ্য ও দলিলাদি খুজে না পাওয়ায় তা নিষ্পত্তিকরণ বিলম্বিত হয়। ১.৩ প্রকল্প শেষে অডিট আপত্তির উপযুক্ত জবাব তথ্য ও দলিলাদি খুজে না পাওয়ায় তা নিষ্পত্তিকরণ বিলম্বিত হয়। ১.৪ আবাসিক প্রশিক্ষণার্থীদের জন্য ক্রয়কৃত খাট, চেয়ার ও টেবিল বিক্ষিপ্তভাবে রাখলে এবং তোষক, জাজিম, কম্বল বিভিন্ন জায়গায় স্তুপাকারে রাখলে ইদুর এবং উইপোকাসহ নানাবিদ ক্ষতিকর পোকা মাকরের মাধ্যমে বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে। ১.৫ প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অত্যধিক কালক্ষেপণ পরিহার করে মূল প্রকল্প দলিল অনুযায়ী নির্ধারিত মেয়াদকালের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন।	১.১ প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী; ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে। ১.২ প্রকল্প সমাপ্তিতে অবকাঠামোসহ প্রকল্পের আওতায় সম্পন্ন সকল কম্পোনেন্ট প্রকল্প দলিল মোতাবেক বুঝে নেয়া প্রয়োজন। মেয়াদ শেষে প্রকল্পের ত্রুটিবিচ্যুতি সংশোধন করার সুযোগ থাকেনা। তদুপরি যেসকল অবকাঠামো নির্মাণের পর এখনো সিকিউরিটি মানি ঠিকাদারকে ফেরত দেয়া হয়নি সেগুলোর ত্রুটিবিচ্যুতি বের করে তা জরুরিভিত্তিতে মেরামত করিয়ে নিতে হবে। ১.৩ প্রকল্পের আওতায় নির্মিত যুব কেন্দ্র সমূহ সর্বোচ্চ ব্যবহারের স্বার্থে প্রশিক্ষকসহ সকল পদে জরুরি ভিত্তিতে নিয়োগ সম্পন্ন করা একান্ত প্রয়োজন। ১.৪ আবাসিক প্রশিক্ষণার্থীদের জন্য ক্রয়কৃত খাট, চেয়ার ও টেবিল বিক্ষিপ্তভাবে রাখলে এবং তোষক, জাজিম, কম্বল বিভিন্ন জায়গায় স্তুপাকারে রাখলে ইদুর এবং উইপোকাসহ নানাবিদ ক্ষতিকর পোকা মাকরের মাধ্যমে বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে। আবাসিক ছাত্র/ছাত্রীদের জন্য ক্রয়কৃত খাট, চেয়ার ও টেবিল প্রতিটি কক্ষে সাজিয়ে রাখলে এবং তোষক, জাজিম, কম্বল প্রতিটি কক্ষে বিছানার সাথে গুছিয়ে রাখলে তা বিনষ্ট হওয়ার আশংকা কমবে। তাতে আলো বাতাস পাবে এবং এর স্থায়ীত্বকাল বৃদ্ধি পাবে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন। যুব উন্নয়ন অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবে। ১.৫ প্রকল্প শেষে অডিট আপত্তির উপযুক্ত জবাব তথ্য ও দলিলাদি খুজে না পাওয়ায় তা নিষ্পত্তিকরণ বিলম্বিত হয়। এ প্রেক্ষিতে প্রকল্প মেয়াদের মধ্যে অডিট সম্পন্ন করতঃ উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। ১.৬ চাহিদা না থাকা সত্ত্বেও সুদূর ভবিষ্যতের কথা ভেবে অতিরিক্ত অবকাঠামো নির্মাণ পরিহার করা প্রয়োজন। দীর্ঘদিন অব্যবহৃত

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		থাকায় অবচিতি জনিত কারণে এসব অবকাঠামো প্রয়োজনের সময় ব্যবহার উপযোগি থাকে না, বিষয়টি বিবেচনায় রাখতে হবে। ১.৭ ভবিষ্যতে অনুরূপ প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির অন্তত ১ বছর পূর্ব থেকে নিয়োগ প্রক্রিয়া আরম্ভ করতে হবে যাতে প্রকল্প শেষে নিয়োগকৃত লোকবল নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সরঞ্জামাদির দায়িত্ব গ্রহণ করতে পারে। ১.৮ প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অত্যধিক কালক্ষেপণ পরিহার করে মূল প্রকল্প দলিল অনুযায়ী নির্ধারিত মেয়াদকালের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন। মেয়াদকালের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করা গেলে অত্যাধিক কালক্ষেপণের জন্য প্রশাসনিক ব্যয় বৃদ্ধি পরিহার করা সম্ভব হবে।
২.	২.১ নাটোর ইনডোর স্টেডিয়ামের টিনের ছাদের বৃষ্টির পানি প্রবেশ, কাঠের দরজা ভাঙ্গা, দেয়ালে পরিলক্ষিত ফাটল ও রং নষ্ট হওয়াসহ পরিলক্ষিত ত্রুটি-বিচ্যুতি এবং গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের নিম্নমানের থাইগ্লাস ফিটিংস, তামার পরিবর্তে এলুমিনিয়ামের তার বৈদ্যুতিক সংযোগ, নিম্নমানের চেয়ার ও সেনিটারী ফিটিংস, মেঝে অসমতল ও ফাটা থাকা, দেয়ালে ফাটা ও রং নষ্ট ইত্যাদি পরিলক্ষিত হয়। ২.২ পিসিআর ১ বছর ৮ মাস বিলম্বে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে এবং অডিট সম্পন্ন হওয়ার কোন ব্যাখ্যা/প্রমাণক প্রদান করা হয়নি। পিসিআর-এ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন সুস্পষ্ট নয়। ২.৩ পিসিআর এ ক্রয় পরিকল্পনা প্যাকেজের সাথে আরডিপিপি/ ডিপিপি এর প্যাকেজের প্রাক্কলিত মূল্যের কোন মিল পাওয়া যায়নি। কয়েকটি প্যাকেজ একত্রিত করে দরপত্র আহবান করা হয়েছে। ২.৪ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো সংস্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাব রয়েছে।	২.১ মূল প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ২২.০৬% ও সময় বৃদ্ধি ১৬৬.৬৭% হয়েছে। ভবিষ্যতে মূল প্রকল্পের প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.২ নাটোর ইনডোর স্টেডিয়ামের টিনের ছাদের বৃষ্টির পানি প্রবেশ, কাঠের দরজা ভাঙ্গা, দেয়ালে পরিলক্ষিত ফাটল ও রং নষ্ট হওয়াসহ পরিলক্ষিত ত্রুটি-বিচ্যুতি এবং গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের নিম্নমানের থাইগ্লাস ফিটিংস, তামার পরিবর্তে এলুমিনিয়ামের তার বৈদ্যুতিক সংযোগ, নিম্নমানের চেয়ার ও সেনিটারী ফিটিংস, মেঝে অসমতল ও ফাটা থাকা, দেয়ালে ফাটা ও রং নষ্ট ইত্যাদি পরিলক্ষিত প্রকল্পের ত্রুটি-বিচ্যুতির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.৩ পিসিআর ১ বছর ৮ মাস বিলম্বে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে এবং অডিট সম্পন্ন হওয়ার কোন ব্যাখ্যা/প্রমাণক প্রদান করা হয়নি। পিসিআর-এ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন সুস্পষ্ট নয় এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয়নি। ভবিষ্যতে এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সচেতনতা দেখাতে হবে। ২.৪ পিসিআর এ ক্রয় পরিকল্পনা প্যাকেজের সাথে আরডিপিপি/ ডিপিপি এর প্যাকেজের প্রাক্কলিত মূল্যের কোন মিল পাওয়া যায়নি। কয়েকটি প্যাকেজ একত্রিত করে দরপত্র আহবান করা হয়েছে বিধায় এ বিষয়ে পিপিআর এর ব্যত্যয়ের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ব্যাখ্যা প্রদান করা প্রয়োজন।

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		২.৫ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো সংস্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ২.৬ প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে এ প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে। ২.৭ আইএমইডি কর্তৃক ইতঃপূর্বে প্রকল্প পরিদর্শন প্রতিবেদনে এ বিষয়ে কী ব্যবস্থা নেয়া হয়েছে তা আইএমই বিভাগকে জানানো হয়নি। ভবিষ্যতে পরিদর্শন প্রতিবেদনের ফলোআপ আইএমই বিভাগকে অবহিত করতে হবে।
৩.	৩.১ প্রকল্পের অধীনে নির্মিত অত্যাধুনিক মিডিয়া সেন্টারসহ অন্যান্য স্থাপনাগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিকল্পে নিয়মিতভাবে বিভিন্ন ক্রীড়ানুষ্ঠান আয়োজনের প্রয়োজন। ৩.৪ প্যাভিলিয়ন ভবনের ভিআইপি রুমসংলগ্ন ভেঙ্গে গিয়েছে গ্লাসওয়াল জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন।	৩.১ প্রকল্প দলিল মোতাবেক প্রকল্প শেষে অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা ব্যবস্থার দায়িত্ব সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থাকে ন্যাস্ত করা হলেও এ সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংস্থান জেলা ক্রীড়া সংস্থার সীমিত আয় হতে সম্ভব নয় বিধায় স্টেডিয়াম ও সংলগ্ন ইনডোর স্টেডিয়ামের রক্ষণাবেক্ষণ ও আনুষাংগিক ব্যয় বহনের বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, স্থানীয় প্রশাসন-কে সম্মিলিতভাবে উদ্যোগ গ্রহণ করতে হবে। অন্যথায় নির্মিত অবকাঠামো বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে। ৩.২ প্রকল্পের অধীনে নির্মিত অত্যাধুনিক মিডিয়া সেন্টারসহ অন্যান্য স্থাপনাগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিকল্পে নিয়মিতভাবে বিভিন্ন ক্রীড়ানুষ্ঠান আয়োজন করতে হবে। এছাড়া, স্থাপনাগুলোর উপযুক্ত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। ৩.৩ প্যাভিলিয়ন ভবনের ভিআইপি রুমসংলগ্ন ভেঙ্গে যাওয়া গ্লাসওয়াল জরুরীভিত্তিতে মেরামত করাসহ একই গ্যালারীতে সমমূল্যের টিকিটধারী দর্শকদের সমসুবিধা নিশ্চিত করতে উক্ত গ্যালারী পুরো অংশে মেমব্রেন শীটের ছাউনী দেয়া প্রয়োজন। এছাড়া, স্টেডিয়ামের মাঠে ইঁদুরের গর্ত ও কাশফুলের গাছ সত্বর অপসারণ করা প্রয়োজন অন্যথায় মাঠটি খেলার অনুপযোগী হয়ে পড়বে। ৩.৪ প্রকল্পটি ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০ অর্থাৎ তিন বছর মেয়াদে বাস্তবায়িত হলেও ১ম অর্থবছর (২০১৭-১৮) ও শেষ অর্থবছরে (২০১৯-২০) প্রকল্প কার্যক্রমের কোন অডিট সম্পন্ন না হওয়ার বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ব্যাখ্যা প্রদান করবেন। এছাড়া, গত ২৬/১২/২০১৯ খ্রি হতে ০১/০১/২০২০ খ্রি: সময়ে সম্পন্নকৃত প্রকল্পের ২০১৮-২০১৯ আর্থিক সালের মঞ্জুরি ও বরাদ্দভিত্তিক হিসাব নীরিক্ষা সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন সংগ্রহপুর্বক উত্থাপিত আপত্তি (যদি থাকে) নিস্পত্তি করে

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		আইএমই বিভাগ- কে অবহিত করতে হবে। ২৩.৫ উপরে উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ২৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।
৪.	৪.১ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য জেলা ক্রীড়া সংস্থা সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ৪.২ প্রকল্পের অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ৪.৩ প্রকল্পের PCR দিতে এক বৎসরেরও বেশি সময় লাগলো কেন? এ বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক ব্যাখ্যা প্রদান করা প্রয়োজন।	৪.১ মূল প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ৭.৯৭% ও সময় বৃদ্ধি ৫০% হয়েছে। ভবিষ্যতে মূল প্রকল্পের প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; ৪.২ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য জেলা ক্রীড়া সংস্থা সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ও এজন্যে রাজস্ব বাজেটে অর্থ বরাদ্দ প্রদান করতে হবে ; ৪.২ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্মিত অবকাঠামোর (স্টেডিয়াম, ইনডোর স্টেডিয়াম, টেনিস কমপ্লেক্স) যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে টুর্নামেন্ট আয়োজন, প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন এবং প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগের মাধ্যমে অবকাঠামো সচল রাখাসহ সার্বিক বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৪.৩ প্রকল্পের অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৪.৫ প্রকল্পের PCR দিতে এক বৎসরেরও বেশি সময় লাগলো কেন? এ বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক ব্যাখ্যা প্রদান করতে হবে ; এবং ৪.৬ উল্লিখিত মতামত/সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থার তথ্যাদি প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল ।
৫.	৫.১ ইনডোর স্টেডিয়ামের প্রবেশ পথে গেইটে প্রতিষ্ঠানের নাম দেয়া প্রয়োজন। ৫.২ নির্মিত টেনিস কোর্টে যাতে বৃষ্টির পানি জমে থাকে। ৫.৩ এই প্রকল্পের আওতায় নির্মিত জেলা স্টেডিয়াম ভবনের অনেক স্থানে দেয়ালে ড্যাম্প পড়ে গিয়েছে। ৫.৪ অগ্নি নির্বাপক ব্যবস্থা সময় সময় আপডেট করা প্রয়োজন এবং প্রয়োজনে ফায়ার সার্ভিস থেকে পর্যাপ্ত প্রশিক্ষণের জন্য ব্যবস্থা	৫.২ "মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি ২০৩৭.৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে। প্রকল্পটির প্রতিটি কম্পোনেন্ট সঠিকভাবে রক্ষণাবেক্ষন করা প্রয়োজন। সে প্রেক্ষিতে প্রতিবছর জেলা ক্রীড়া পরিষদ যে পরিমান অনুদান পায় তা অপ্রতুল-মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে স্থানীয়ভাবে কমিটি গঠন করে বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ফান্ড গঠন করে তা দ্বারা প্রকল্পের কম্পোনেন্ট গুলো রক্ষণাবেক্ষন করা যেতে পারে। ৫.৩ ইনডোর স্টেডিয়ামের প্রবেশ পথে গেইটে প্রতিষ্ঠানের নাম

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	নেয়া প্রয়োজন।	দিতে হবে। ৫.৪ নির্মিত টেনিস কোর্টে যাতে বৃষ্টির পানি জমে না থাকে সে ব্যবস্থা নিতে হবে। ৫.৫ মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়ামের মাঠে বৃষ্টির পানি যেন জমে না থাকে সে ব্যবস্থা নিতে হবে। ৫.৬ এই প্রকল্পের আওতায় নির্মিত জেলা স্টেডিয়াম ভবনের যে সব স্থানে দেয়ালে ড্যাম্প পড়ে গিয়েছে সে সব জায়গা মেরামত করতে হবে। ৫.৭ অগ্নি নির্বাপক ব্যবস্থা সময় সময় আপডেট করতে হবে এবং প্রয়োজনে ফায়ার সার্ভিস থেকে পর্যাপ্ত প্রশিক্ষণের জন্য ব্যবস্থা নিতে হবে। ৫.৮ স্টেডিয়ামের মাঠে যে ঘাস লাগানো হয়েছে তার যথাযথ যত্ন নেয়ার ব্যবস্থা করতে হবে। ৫.৯ উল্লিখিত সুপারিশসমূহের (১৬.১-১৬.৭নং অনুচ্ছেদ) আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে।
৬.	৬.১ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহ সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে বাৎসরিক বরাদ্দ প্রদান করার পাশাপাশি অবকাঠামোসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ৬.২ মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়ামের ভলিবল কোর্টের স্ট্যান্ড স্থাপন করার পাশাপাশি পুরুষ ও মহিলাদের জন্য নির্মিত টয়লেটের দেয়ালের সুপার স্ট্রাকচার ব্রিক ওয়ার্ক ভাঙ্গা স্থান পরিলক্ষিত হয়। ৬.৩ প্রকল্পের ক্রয়কার্য ক্রয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগ্রীর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কি-এর উদ্যোগ গ্রহণ করতে বাস্তবায়নকারী সংস্থার যথাযথ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।	৬.১ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহ সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে বাৎসরিক বরাদ্দ প্রদান করার পাশাপাশি অবকাঠামোসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৬.২ মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়ামের ভলিবল কোর্টের স্ট্যান্ড স্থাপন করার পাশাপাশি পুরুষ ও মহিলাদের জন্য নির্মিত টয়লেটের দেয়ালের সুপার স্ট্রাকচার ব্রিক ওয়ার্ক এর ভাঙ্গা স্থান অতিদ্রুত মেরামত করতে হবে। ৬.৩ প্রকল্পের ক্রয়কার্য ক্রয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগ্রীর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কি-এর উদ্যোগ গ্রহণ করতে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। ৬.৪ ভবিষ্যতে স্টীলস্ট্রাকচারের অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দূর্ঘটনা এড়ানোর প্রথমিক পর্যায়ে অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে।

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
৭	৭.১ প্রকল্পের আওতায় আরপিপি অনুযায়ী সীমানা প্রচীরের উপর গ্রীল ফেন্সিং কেন করা হয়নি তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক পর্যবেক্ষণ করা প্রয়োজন। ৭.২ ইনডোর স্টেডিয়ামের ২টি ইনডোর ফ্লাড লাইট এবং ডরমিটরি ভবনের নষ্ট পানির পাম্পটি অতিদ্রুত প্রতিস্থাপন করা প্রয়োজন। ৭.৩ প্রকল্পের উত্থাপিত অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির লক্ষ্যে চলমান প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করতে হবে।	৭.১ প্রকল্পের আওতায় আরপিপি অনুযায়ী সীমানা প্রচীরের উপর গ্রীল ফেন্সিং কেন করা হয়নি তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আইএমইডি'কে অবহিত করবে; ৭.২ প্রকল্পের আওতায় নির্মীত অবকাঠামসমূহ সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে বাৎসরিক বরাদ্দ প্রদান করার পাশাপাশি অবকাঠামসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; ৭.৩ প্রকল্পের ক্রয়কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগীর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কি-এর উদ্যোগ গ্রহণ করতে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে; ৭.৪ ইনডোর স্টেডিয়ামের ২টি ইনডোর ফ্লাড লাইট এবং ডরমিটরি ভবনের নষ্ট পানির পাম্পটি অতিদ্রুত প্রতিস্থাপন করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; ৭.৫ ভবিষ্যতে প্রকল্পের পিসিআর এ সঠিক তথ্য অন্তর্ভুক্তির বিষয়ে বাস্তবায়নকারী সংস্থাকে আরও বেশী যত্নবান হতে হবে; ৭.৬ ভবিষ্যতে স্টীল স্ট্রাকচারের অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে; ৭.৭ প্রকল্পের উত্থাপিত অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির লক্ষ্যে চলমান প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করে আইএমইডি'কে অবহিত করতে হবে; ৭.৮ উপরোল্লিখিত সুপারিশসমূহের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

অবশিষ্ট ১১ জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

প্রকল্পের নাম: অবশিষ্ট ১১ জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প ।

১.০ **প্রকল্পের অবস্থান** : মানিকগঞ্জ, গাজীপুর, রাজবাড়ী, নেত্রকোনা, লক্ষ্মীপুর, নীলফামারী, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, চুয়াডাঙ্গা, মেহেরপুর এবং সাতক্ষীরা জেলা।

২.০ **বাস্তবায়নকারী সংস্থা** : যুব উন্নয়ন অধিদপ্তর।

৩.০ **প্রশাসনিক মন্ত্রণালয়** : যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ।

৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (মোট টাকা জিওবি, প্রকল্প সাহায্য)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্তব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ) (সংস্থা)		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৪৬৩৬.২৫ -	২১৪৫০.৪৫ -	১৯৫৭৮.১৫	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ (৬০ মাস)	জুলাই,২০১০ হতে ডিসেম্বর, ২০১৯ (১১৪ মাস)	জুলাই,২০১০ হতে ডিসেম্বর, ২০১৯ (১১৪ মাস)	৪৯৪১.৯০ (৩৩.৭৬%)	৫৪ মাস (৯০%)

পিসিআর অনুযায়ী প্রদত্ত।

৫.০ <u>প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে) :</u>

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গেরনাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(ক)	**রাজস্ব**					
(১)	কর্মকর্তাগণের বেতন	জন	২	৮২.৮৪৭	০২	৭৬.৯৯১
(২)	কর্মচারীদের বেতন	জন	৩	৩৪.১৫	০২	২৪.৪০
(৩)	দায়িত্ব ভাতা		-	৩.৭০৩		৩.৭০৩
(৪)	যাতায়াত ভাতা		-	০.৭৫১		০.৫৮২
(৫)	বাড়ি ভাড়া ভাতা		-	৬২.০৮৩		৫৩.৬৮৫
(৬)	চিকিৎসা ভাতা		-	৫.৪০৫		৪.৮৩৫
(৭)	মোবাইল ফোন ভাতা		১	০.৬৯৬		০.৬২৬
(৮)	টিফিন ভাতা		২	০.৬২২		০.৫১৬
(৯)	উৎসব ভাতা		-	১৭.৪৯৫		১৭.৩৫৫
(১০)	সম্মানী		-	১৮.৭৮		১৫.০৩৯
(১১)	অন্যান্য ভাতা		-	১৩.৩৬		১৩.১৭২
(১২)	বিদ্যুৎ	-	-	৬৩.৯৩		২২.২৪৫
(১৩)	পানি	-	৩	১০.১১	০৩	১.৭৩৩

(১৪)	ইন্টারনেট/ফ্যাক্স/মেইল	-	-	০.০৮		০.০৮
(১৫)	পোস্টেজ	-		০.৫০		০.৫০
(১৬)	টেলিফোন	-	১২	৪.০৭	১২	২.৩০৬
ক্রমিক নম্বর	**অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গেরনাম**	**একক**	**পরিকল্পিত লক্ষ্যমাত্রা**		**প্রকৃত বাস্তবায়ন**	
			বাস্তব	**আর্থিক**	**বাস্তব (%)**	**আর্থিক (%)**
(১৭)	বিজ্ঞাপন ব্যয়	-	-	২২.৬২		১৮.১০৭
(১৮)	অডিও ভিডিও/ফিল্ম নির্মাণ	-	০১	৩.০০	০১	২.৯৬
(১৯)	পুস্তক এবং সাময়িকী	-	-	২.৭৭		১.৯৪
(২০)	ব্যবস্থাপনা ব্যয় (বিবিধ)	-	-	৪২.৯০		৩৯.৯৩৬
(২১)	প্রশিক্ষণ	-	৮৮০০	৩৭৫.৭১	৩৬৭৯	২৭৫.৪৭
(২২)	ভ্রমন ব্যয়	-	.-	১৬.০০		১৫.৯৫
(২৩)	পেট্রল ও লুব্রিকেন্ট	-	১২	৭৮.৭০		৭২.৯৮৮
(২৪)	মাছ ও পশু খাদ্য	-	-	১.৪০		১.৪০
(২৫)	প্রকাশনা ও বাধাই	-	-	১৩.২৮		৯.৪১
(২৬)	স্টেশনারি ও সীল	-	-	১৪.৯৪		১৪.২৯৩
(২৭)	কনজিউম্যাবল স্টোরস	-	-	৪৪.৭০		৪৩.৫৯৬
(২৮)	স্পেয়ার পার্টস ও কাচামাল	-		২২.০০	প্রতি কেন্দ্রে ২ টি গরু এবং ২০০ টি পাখি হিসেবে	২২.০০
(২৯)	পরামর্শক/মূল্যায়ন	-	০১	৩৪২.০৫		৩১২.২৯৩
(৩০)	মোটরযান	-	-	২৭.৫২		২৪.৪১৫
(৩১)	কম্পিউটার	-	-	১.৫০		১.৪৯
(৩২)	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	-	-	১.৫০		১.০৬
(৩৩)	ভূমি উন্নয়ন কর	-	-	৬.২৪		২.৯৪২
(৩৪)	পৌর কর	-	-	৯৭.৭৬৮		৫৭.৬১৫
	উপমোট (রাজস্ব)			**১৪৩৩.১৮**		**১১৫৫.৬৩৩**
(খ)	**মূলধন**					
(৩৫)	মোটরযান ক্রয়	-	১২	৫২১.৯৩	১২	৫২১.৯৩
(৩৬)	কম্পিউটার ও এক্সেসরিস	-	১৪	১৩.৫২	১৪	১৩.৫০৮
(৩৭)	অফিস সরঞ্জামাদি	-	৭২	১০৫.৭৫	৭২	৯৯.৬৮
(৩৮)	ফার্নিচার	-	৮৩৩৫	৪৯৭.০০	৮৩৩৫	৪৮৪.৫৪৭
(৩৯)	অনাবাসিক ভবন (ভূমি উন্নয়ন)	ঘনমিটার	২১০২০৭	৫৩৬.৬৭	২০৪১২০	৪৯৫.১৮
(৪০)	অনাবাসিক ভবন (অফিস কাম একাডেমিক ভবন)	বর্গমিটার	২৩১০০	৩৯৩৫.০৬	২৩১০০	৩৬৮৫.০২
(৪১)	আবাসিক ভবন	বর্গমিটার	১১৮৮০	৩২৩৮.০৭	১১৮৮০	২৮৫১.৩৪
(৪২)	অনাবাসিক ভবন (অন্যান্য নির্মান)	মিটার/ বর্গমিটার	৫৭২২৮	৭৭২৪.৮৩	৫৭২২৮	৭০১৮.৬১৯
(৪৩)	অধিগ্রহণ/ভূমি ক্রয়	একর	২০.৪৬	৩৪৪৪.৪৪	২০.২৩	৩২৫২.৬৯১
	উপমোট- (মূলধন)			**২০০১৭.২৭**		**১৮৪২২.৫১৫**
	সর্বমোট-			**২১৪৫০.৪৫**	**৯৫.৭৪%**	**১৯৫৭৮.১৪৮ (৯১.২৭%)**

পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ২১৪৫০.৪৫ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৯৫৭৮.১৪৮ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯১.২৭% এবং বাস্তব অগ্রগতি ৯৫.৭৪%।

৬.০ সাধারণ পর্যবেক্ষণ: প্রকল্পটির বাস্তবায়িত কার্যক্রম দেখার জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক (সামাজিক) কর্তৃক গত ২১/০৮/২০২০, ২৮/০৮/২০২০ ও ১৭/১০/২০২০ তারিখে প্রকল্প এলাকার মধ্য থেকে যথাক্রমে মানিকগঞ্জ,

লক্ষ্মীপুর এবং মেহেরপুর জেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক অতিরিক্ত সচিব জনাব সেলিম রেজা, মানিকগঞ্জ, লক্ষ্মীপুর এবং মেহেরপুর জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপ পরিচালক, প্রকল্পের সহকারী পরিচালকসহ মানিকগঞ্জ, লক্ষ্মীপুর এবং মেহেরপুর জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৬.১। পটভূমি: যুবসমাজ আমাদের দেশের সৃষ্টিশীল ও উদ্ভাবনী শক্তির আধার। তারাই জাতির ভবিষ্যতের সম্পদ এবং আশা ভরসার উৎস। জাতীয় উন্নয়ন কর্মকান্ডে তাদের সক্রিয় অংশগ্রহণের উপর জাতির অগ্রগতি নির্ভরশীল। বিদ্যমান জাতীয় যুব পলিসি মোতাবেক ১৮ থেকে ৩৫ বছর বয়সীরা যুব হিসেবে বিবেচিত। দেশের প্রায় এক তৃতীয়াংশ জনগণ যুব হিসেবে পরিগণিত সংখ্যার হিসেবে যা প্রায় সাড়ে চার কোটি। চাকুরি বাজারের সিংহভাগ আসে যুবদের থেকে। তদুপরি অধিকাংশ যুবরা এখনো উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্ত নয়। সরকারের পক্ষে সীমিত সংস্থান এবং সুযোগ-সুবিধার কারণে বিদ্যমান চাকরির বাজারে তাদের সংযুক্ত করা সম্ভব নয়। এ প্রেক্ষিতে তাদেরকে বিভিন্ন উৎপাদনশীল এবং গঠনমূলক কাজের দায়িত্ব দেওয়া প্রয়োজন যাতে তারা একটি দক্ষ উৎপাদনশীল শক্তি হিসেবে নিজেদের গড়ে তুলতে পারে। পূর্ব থেকেই জেলা পর্যায়ে ১টি করে ৫৩ জেলায় আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। ''অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় বাকি ১১ জেলাতে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার জন্য এ প্রকল্প নেয়া হয়।

প্রকল্পের আওতায় স্থাপিত যুব প্রশিক্ষণ কেন্দ্রে বেকার যুবদের প্রাণিসম্পদ, হাঁস-মুরগি ও মৎস্য চাষ এবং কৃষিতে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়াও এইচআইভি/এইডস প্রতিরোধ, পরিবেশ সংরক্ষণ, যৌতুক প্রতিরোধ, নাগরিক শিক্ষা, সাস্থ্য-সেবা, পরিবার পরিকল্পনা ইত্যাদি সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ দেওয়া হবে। এ লক্ষ্যে মোট ২১৪৫০.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে ডিসেম্বর, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আলোচ্য প্রকল্পটির প্রস্তাব করে। মূল ডিপিপি ১৪৬৩৬.২৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে জুন, ২০১৫ মেয়াদে সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গত ১৯/১০/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে সর্বশেষ ২১৪৫০.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে ডিসেম্বর, ২০১৯ মেয়াদে সংশোধিত ডিপিপিটি গত ১৫/১২/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৬.২ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-

ক) মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বেকার যুবদের প্রাণিসম্পদ ও হাঁস-মুরগী পালন, মৎস্যচাষ, কৃষি ও সামাজিক সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান;

খ) আত্মকর্মসংস্থানের জন্য যুবদের উদ্বুদ্ধ করা;

গ) কর্মসংস্থান/আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে যুবদের স্বনির্ভর করা ও কাঙ্খিত জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন;

ঘ) যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ের অফিস ও যুব প্রশিক্ষণ কেন্দ্র একই চৌহদ্দিতে আনা ও প্রশিক্ষণের যাবতীয় কার্যক্রম একই স্থানে থেকে পরিচালনা করা।

৬.৩ প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন :

ক) মূল : ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৫

খ) স্পেশাল সংশোধিত : ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৫

গ) ১ম সংশোধিত : ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৬

ঘ) ২য় সংশোধিত : ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৮

ঙ) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ১ম : ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৯

চ) ২য় আন্তঃঅঙ্গ ব্যয় সম্বয়ন ও মেয়াদবৃদ্ধি: ০১ জুলাই ২০১০ হতে ৩১ ডিসেম্বর ২০১৯

৬.৪ <u>প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ঃ</u>

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হলো :

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
০১।	ভূমি অধিগ্রহণ	২০.৪৬ একর	৩৪৪৪.৪৪
০২।	অফিস-কাম-একাডেমিক ভবন	১১টি	৩৯৩৫.০৬
০৩।	ছাত্রাবাস নির্মাণ কাজ	১১টি	২৮৫২.৫২
০৪।	ছাত্রীনিবাস নির্মাণ কাজ	১১টি	১৯৬৩.১০
০৫।	কর্মচারীদের বাসস্থান নির্মাণ কাজ	১১টি	১৩৪৮.১৩

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
০৬।	কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ	১১টি	১৮৮৯.৯৪
০৭।	ভূমি উন্নয়ন	১১টি	৫৩৬.৬৭
০৮।	কাউ শেড নির্মাণ কাজ	১১টি	১৫০.১৯
০৯।	সীমানা দেওয়াল নির্মাণ কাজ	১১টি	৬৩৭.১২
১০।	ডাক-কাম-পোল্ট্রি শেড নির্মাণ কাজ	১১টি	২১৫.১৯
১১।	অভ্যন্তরীণ রাস্তা ও বৈদ্যুতিকরণ কাজ	১১টি	৬৮৪.৯৭
১২।	মাস্টার ড্রেন ও ঘাটলা	১১টি	৩৯৭.১৮
১৩।	গভীর নলকূপ ও পানি সরবরাহ ব্যবস্থা	১১টি	৩৯২.৩৯
১৪।	যাববাহন ক্রয়	১২টি	৫২১.৯৩
১৫।	আসবাবপত্র ক্রয়	৮৩৩৫টি	৪৯৭.০০
১৬।	কম্পিউটার ক্রয়	১৪টি	১৩.৫২
১৭।	প্রশিক্ষণ যন্ত্রপাতি ক্রয়	৭২টি/সেট	১০৫.৭৫

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বেরধরণ	মেয়াদকাল
০১	জনাব মোঃ আজিজুর রহমান মহাপরিচালক	ফুলটাইম	২৫-১০-২০১০ হতে ১৯-০৭-২০১১
০২	জনাব মোঃ নবীরুল ইসলাম উপসচিব	ফুলটাইম	২০-০৭-২০১১ হতে ২২-০৬-২০১৪
০৩	জনাব শিশির কুমার রায় উপসচিব	ফুলটাইম	২২-০৬-২০১৪ হতে ০২-০৭-২০১৪
০৪	জনাব মোঃ নবিরুল ইসলাম উপসচিব	ফুলটাইম	০৩-০৭-২০১৪ হতে ০৩-০৯-২০১৪
০৫	জনাব শিশির কুমার রায় উপসচিব	ফুলটাইম	০৩-০৯-২০১৪ হতে ০৮-১০-২০১৪
০৬	জনাব এস এম সেলিম রেজা অতিরিক্ত সচিব	ফুলটাইম	০৮-১০-২০১৪ হতে ৩১-১২-২০১৯

৬.৬ মূল্যায়ন পদ্ধতি (Methodology) :

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) Project Implementation Committee (PIC), Project Steering Committee (PSC)সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৭.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

৭.১ আর্থিক অগ্রগতি :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১০-১১	২৫০.০০	২৫০.০০	-	২৪৯.৯৯	২৪৯.৯৯	-	২.৫০%
২০১১-১২	৯০০.০০	৯০০.০০	-	৮৯৮.২৫	৮৯৮.২৫	-	৫.১৬%
২০১২-১৩	৩৩৭৫.০০	৩৩৭৫.০০	-	৩৩৬৮.৩৪	৩৩৬৮.৩৪	-	৩২.৩৭%
২০১৩-১৪	৩১০০.০০	৩১০০.০০	-	৩০৯১.৩৩	৩০৯১.৩৩	-	৫২.৮২%
২০১৪-১৫	৩৯৮১.০০	৩৯৮১.০০	-	৩১৫৩.০৭	৩১৫৩.০৭	-	৬.৩৮%
২০১৫-১৬	২৫০০.০০	২৫০০.০০	-	২৪০৬.৬৫	২৪০৬.৬৫	-	২.৫০%
২০১৬-১৭	২১১০.০০	২১১০.০০	-	২০৬৮.৮২	২০৬৮.৮২	-	২.৫০%
২০১৭-১৮	২৪০০.০০	২৪০০.০০	-	১৬৮৬.১০	১৬৮৬.১০	-	২.৫০%
২০১৮-১৯	২৮০০.০০	২৮০০.০০	-	২০৩০.২১	২০৩০.২১	-	২.৫০%
২০১৯-২০	৮০০.০০	৮০০.০০	-	৬২৫.৩৯	৬২৫.৩৯	-	২.৫০%
মোট=	২২২১৬.০০	২২২১৬.০০	-	১৯৫৭৮.১৫	১৯৫৭৮.১৫	-	৯৫.৭৪%

(পিসিআর অনুযায়ী প্রদত্ত)

৭.২। অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

সর্বশেষ আরডিপিপি (দ্বিতীয় আন্তঅঙ্গ ব্যয় সমন্বয়) এবং পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ২১৪৫০.৪৫ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৯৫৭৮.১৪৮ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯১.২৭% এবং বাস্তব অগ্রগতি ৯৫.৭৪%। অব্যয়িত রয়েছে ১৮৭২.৩০২ লক্ষ টাকা। প্রাক্কলিত ব্যয়ের চেয়ে দরপত্রে প্রদত্ত দর কম হওয়ায় এবং লক্ষ্যমাত্রা মোতাবেক প্রশিক্ষণ সম্পাদিত না হওয়ায় ব্যয় কম হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উল্লেখ করেছেন। প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। প্রকল্পটির প্রধান প্রধান অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলো:

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গোরনাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(ক)	**রাজস্ব**					
(১)	কর্মকর্তাগণের বেতন	জন	২	৮২.৮৪৭	০২	৭৬.৯৯১
(২)	কর্মচারীদের বেতন	জন	৩	৩৪.১৫	০২	২৪.৪০
(৩)	দায়িত্ব ভাতা		-	৩.৭০৩		৩.৭০৩
(৪)	যাতায়াত ভাতা		-	০.৭৫১		০.৫৮২
(৫)	বাড়ি ভাড়া ভাতা		-	৬২.০৮৩		৫৩.৬৮৫
(৬)	চিকিৎসা ভাতা		-	৫.৪০৫		৪.৮৩৫
(৭)	মোবাইল ফোন ভাতা		১	০.৬৯৬		০.৬২৬
(৮)	টিফিন ভাতা		২	০.৬২২		০.৫১৬
(৯)	উৎসব ভাতা		-	১৭.৪৯৫		১৭.৩৫৫
(১০)	সম্মানী		-	১৮.৭৮		১৫.০৩৯
(১১)	অন্যান্য ভাতা		-	১৩.৩৬		১৩.১৭২
(১২)	বিদ্যুৎ	-	-	৬৩.৯৩		২২.২৪৫
(১৩)	পানি	-	৩	১০.১১	০৩	১.৭৩৩
(১৪)	ইন্টারনেট/ফ্যাক্স/মেইল	-	-	০.০৮		০.০৮
(১৫)	পোস্টেজ	-		০.৫০		০.৫০

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গেরনাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১৬)	টেলিফোন	-	১২	৪.০৭	১২	২.৩০৬
(১৭)	বিজ্ঞাপন ব্যয়	-	-	২২.৬২		১৮.১০৭
(১৮)	অডিও ভিডিও/ফিল্ম নির্মাণ	-	০১	৩.০০	০১	২.৯৬
(১৯)	পুস্তক এবং সাময়িকী	-	-	২.৭৭		১.৯৪
(২০)	ব্যবস্থাপনা ব্যয় (বিবিধ)	-	-	৪২.৯০		৩৯.৯৩৬
(২১)	প্রশিক্ষণ	-	৮৮০০	৩৭৫.৭১	৩৬৭৯	২৭৫.৪৭
(২২)	ভ্রমন ব্যয়	-	.-	১৬.০০		১৫.৯৫
(২৩)	পেট্রল ও লুব্রিকেন্ট	-	১২	৭৮.৭০		৭২.৯৮৮
(২৪)	মাছ ও পশু খাদ্য	-	-	১.৪০		১.৪০
(২৫)	প্রকাশনা ও বাধাই	-	-	১৩.২৮		৯.৪১
(২৬)	স্টেশনারি ও সীল	-	-	১৪.৯৪		১৪.২৯৩
(২৭)	কনজিউম্যাবল স্টোরস	-	-	৪৪.৭০		৪৩.৫৯৬
(২৮)	স্পেয়ার পার্টস ও কাচামাল	-		২২.০০	প্রতি কেন্দ্রে ২ টি গরু এবং ২০০ টি পাখি হিসেবে	২২.০০
(২৯)	পরামর্শক/মূল্যায়ন	-	০১	৩৪২.০৫		৩১২.২৯৩
(৩০)	মোটরযান	-	-	২৭.৫২		২৪.৪১৫
(৩১)	কম্পিউটার	-	-	১.৫০		১.৪৯
(৩২)	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	-	-	১.৫০		১.০৬
(৩৩)	ভূমি উন্নয়ন কর	-	-	৬.২৪		২.৯৪২
(৩৪)	পৌর কর	-	-	৯৭.৭৬৮		৫৭.৬১৫
	উপমোট (রাজস্ব)			**১৪৩৩.১৮**		**১১৫৫.৬৩৩**
(খ)	**মূলধন**					
(৩৫)	মোটরযান ক্রয়	-	১২	৫২১.৯৩	১২	৫২১.৯৩
(৩৬)	কম্পিউটার ও এক্সেসরিস	-	১৪	১৩.৫২	১৪	১৩.৫০৮
(৩৭)	অফিস সরঞ্জামাদি	-	৭২	১০৫.৭৫	৭২	৯৯.৬৮
(৩৮)	ফার্নিচার	-	৮৩৩৫	৪৯৭.০০	৮৩৩৫	৪৮৪.৫৪৭
(৩৯)	অনাবাসিক ভবন (ভূমি উন্নয়ন)	ঘনমিটার	২১০২০৭	৫৩৬.৬৭	২০৪১২০	৪৯৫.১৮
(৪০)	অনাবাসিক ভবন (অফিস কাম একাডেমিক ভবন)	বর্গমিটার	২৩১০০	৩৯৩৫.০৬	২৩১০০	৩৬৮৫.০২
(৪১)	আবাসিক ভবন	বর্গমিটার	১১৮৮০	৩২৩৮.০৭	১১৮৮০	২৮৫১.৩৪
(৪২)	অনাবাসিক ভবন (অন্যান্য নির্মাণ)	মিটার/ বর্গমিটার	৫৭২২৮	৭৭২৪.৮৩	৫৭২২৮	৭০১৮.৬১৯
(৪৩)	অধিগ্রহণ/ভূমি ক্রয়	একর	২০.৪৬	৩৪৪৪.৪৪	২০.২৩	৩২৫২.৬৯১

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গোরনাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	উপমোট- (মূলধন)			২০০১৭.২৭		১৮৪২২.৫১৫
	সর্বমোট-			২১৪৫০.৪৫		১৯৫৭৮.১৪৮

৮.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

Objective as per DPP	Actual achievement
1. To develop human resource and reduce poverty through imparting skill development training to the interested unemployed youths on livestock, poultry, fish culture & agriculture and social awareness.	During the inception of the project there is 53 Youth Training Centres (YTC) in 53 districts. Youth of remaining eleven districts were deprived to get similar opportunities of training on livestock, poultry, fish culture & agriculture. Establish eleven (11) YTCs in the remaining eleven districts for creating skill human resources.
2. To motivate the youth community for self-employment.	It is impossible for the government to accommodate all unemployed youths in the existing job market due to limited facilities and resources. To overcome the situation, meanwhile, government has created ample opportunities for self-employment through providing skill development training, micro credit support, technical advice and motivation. This project is able to motivate the trained to engage themselves on livestock, poultry, fish culture & agricultural projects.
3. To make the youths self-reliant through creation of employment/self-employment opportunities and achieve desired economic growth of the nation.	During commencement of the project, there are 53 residential youth training centres in 53 districts. To create equal opportunities for all districts Eleven Youth Training Centres have been established in the remaining 11 districts to train youth on Livestock, Poultry, Pisciculture and Agriculture. Because there are ample scope to be self-employed in agro-based Bangladesh. This training programme of the Department of Youth Development has been widely acknowledged across the country as a successful training programme. After receiving training about 70% of the youths (both male and female) have been able to become economically self-reliant. Thus, the trained and self-employed youths are playing important role for reducing poverty in the rural areas.
4. To bring all training programmes of DYD in one complex where the district office of DYD will be accommodated.	Training of eleven districts was conducted at different rented houses. For this purpose Govt. has to spend enough money every year and at the same time, the unemployed youths are deprived of getting training facilities and related information regarding training in the same venue. Moreover, it causes co-ordination and monitoring difficulties at district level. To overcome the problems it was proposed to bring all the district

Objective as per DPP	Actual achievement
	offices & training courses/centres in the YTCs. After completion of YTCs all the district training courses/ centres including District offices already shifted to the YTCs.

৯.০। **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব:**

৯.১। প্রত্যক্ষ প্রভাব: প্রকল্পের অবকাঠামোগত নির্মাণকাজ সম্পন্ন হওয়ায় যুব প্রশিক্ষণ কেন্দ্রের আওতাধীন যুব'রা হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ ও প্রাথমিক চিকিৎসা সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ সৃষ্টি হয়েছে। যুব প্রশিক্ষণ কেন্দ্রে পুরুষ ও মহিলা হোস্টেল সুবিধা থাকায় দূরবর্তী এবং প্রত্যন্ত এলাকায় বসবাসকারী যুব'রা কেন্দ্রে আবাসিকভাবে থেকে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবে। প্রতি বছর ৪৪০০ জন যুব পুরুষ এবং যুব মহিলা এই এগারোটি কেন্দ্রের অধীনে প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেয়ার সুযোগ পাবে। প্রশিক্ষণ শেষ হওয়ার পরে তারা যোগ্যতা সাপেক্ষে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থায় নিযুক্ত হতে পারবে, পাশাপাশি স্ব-কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে। যুব প্রশিক্ষণ কেন্দ্রে রয়েছে, অফিস-কাম একাডেমিক বিল্ডিং, যাতে থাকছে বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, প্রশিক্ষণ প্রদানের জন্য ক্লাশরুম, ব্যবহারিক প্রশিক্ষণের ক্লাশরুম,অফিসার্স কোয়ার্টার, স্টাফ কোয়ার্টার, বিভিন্ন শেড এবং পুকুরের মতো পরিকাঠামোগত সুবিধাদি যাতে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে প্রশিক্ষণ প্রদান/গ্রহণ করা সহজ হবে। অধিকন্তু, এটি বেকার সমস্যা হ্রাসে এবং গ্রামীণ দরিদ্র পরিবারগুলিতে দারিদ্র্য হ্রাস করতে সহায়তা করবে। এতে পারিবারিকভাবে এবং সমাজে প্রশিক্ষণপ্রাপ্তদের মর্যাদা বৃদ্ধি পাবে যা দারিদ্র্য হ্রাসের পাশাপাশি সমাজে ইতিবাচক প্রভাব ফেলবে।

৯.২। পরোক্ষ প্রভাব: প্রকল্পটি গ্রামীণ অঞ্চলের বেকার যুবদের কর্মসংস্থানের সুযোগ বাড়িয়ে সমাজে ইতিবাচক প্রভাব ফেলবে। একই সাথে তার উপর নির্ভরশীল পরিবারের সদস্যরাও উপকৃত হবেন। তদুপরি, ওই এলাকার অন্যান্য বেকার যুবকগণ তাদের বেকারত্ব ও দারিদ্র্য দূরীকরণের জন্য প্রশিক্ষণ গ্রহণ করতে উৎসাহিত হবে।

১০.০। **মনিটরিং :** প্রকল্পটি নিম্নবর্নিত টেবিল মোতাবেক বিভিন্ন কর্মকর্তা পরিদর্শন করেছেন:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	দপ্তর	পরিদর্শনের তারিখ	পরিদর্শন এলাকা
১	২	৩	৪	৫
১	জনাব পলি কর, সহকারী পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১০/০৮/২০১৪	মেহেরপুর কেন্দ্র
২	জনাব মোঃ নজরুল ইসলাম উপ-পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১৬/১২/২০১৪	রাজবাড়ী ও সাতক্ষীরা কেন্দ্র
৩	জনাব পলি কর, সহকারী পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০৩/০২/২০১৬	রাজবাড়ী কেন্দ্র
৪	জনাব পলি কর, সহকারী পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২৬/১২/২০১৬	নেত্রকোনা কেন্দ্র
৫	জনাব পলি কর, সহকারী পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২৬/১০/২০১৭	নীলফামারী কেন্দ্র
৬	জনাব পলি কর, সহকারী পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২৮/০৩/২০১৮	গাজীপুর কেন্দ্র
৭	জনাব নাসিমা মহসিন মহাপরিচালক (যুগ্মসচিব)	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১৮/১০/২০১৮	মানিকগঞ্জ কেন্দ্র

সর্বশেষ জনাব নাসিমা মহসিন, মহাপরিচালক (যুগ্মসচিব) প্রকল্পটি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রকল্প কর্তৃক ব্যবস্থা গ্রহণ পূর্বক বাস্তবায়ন অগ্রগতি ০৬/০১/২০১৯ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়।

তাছাড়া, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক বাস্তবায়ন কমিটি (পিআইসি), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প কার্যালয় ও মাঠ পর্যায়ে পরিদর্শন করা হয়েছে।

১১.০। কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণ: অবকাঠামোগত সকল কাজ সম্পন্ন হলেও প্রকল্পের আওতায় অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ সম্পূর্ণভাবে সম্পন্ন হয়নি। সংশোধিত প্রকল্প দলিল মোতাবেক ১১ টি প্রশিক্ষণ কেন্দ্রে সর্বমোট ৮৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার সুযোগ রাখা হয়। প্রকল্প মেয়াদে প্রশিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এবং স্থান নির্বাচন নিয়ে স্থানীয় বিরোধের জন্য গাজীপুর ও মানিকগঞ্জ জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণে বিলম্ব হওয়ায় প্রকল্পের আওতায় নির্ধারিত ৮৮০০ জনের পরিবর্তে ৩৬৭৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়েছে।

১২.০। অডিট সম্পর্কিত তথ্য :

এক্সটার্নাল অডিট :

Audit Period	Date of submission of Audit Report	Major findings/objections	Whether objections resolved or not.
1	2	3	4
2010-2011	০৩-০৬-২০১৩	০৫টি	আপত্তি নিষ্পন্ন হয়েছে
2011-2012	০৩-০৬-১৩	০৪টি	আপত্তি নিষ্পন্ন হয়েছে
2012-2013	২৮-০৮-২০১৪	০৬টি	আপত্তি নিষ্পন্ন হয়েছে
2013-2014	০৯-১১-২০১৭ ও ১৪-১১-২০১৭	১০টি	৮টি নিষ্পন্ন ও ২টি অনিষ্পন্ন
2014-2015	অডিট হয়নি	-	-
Audit Period	Date of submission of Audit Report	Major findings/objections	Whether objections resolved or not.
2015-2016	অডিট হয়নি	-	-
2016-2017	অডিট হয়নি	-	-
2017-2018	২২-০৯-২০১৯	০৪টি	০৩টি আপত্তি নিষ্পন্ন হয়েছে ০১টি অনিষ্পন্ন আছে
2018-2019	২৫-০২-২০২০	০৫টি	অনিষ্পন্ন আছে
2019-2020 July' 19-December'19	অডিট হয়নি	-	-

১২.২। অনিষ্পন্ন অডিট আপত্তি সংক্রান্ত তথ্য : ২০১৩-২০১৪ অর্থবছরে ২টি এবং ২০১৭-২০১৮ অর্থবছরে ১টি অডিট আপত্তি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে এগুলোর বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	আপত্তির বিবরণ	অর্থবছর	জড়িত টাকা	গৃহীত ব্যবস্থা
১	২	৩	৪	৫
১	ভ্যাট এর টাকা নির্ধারিত সময়ে জমা না দেয়ার জন্য আপত্তি হয়েছে।	২০১৩-২০১৪	২৫,৫২০.০০	ভ্যাট এর টাকা জমা দিয়ে আপত্তিটি নিষ্পত্তির জন্য জবাব প্রদান করা হয়েছে।

২	শিডিউল বিক্রয়ের টাকার উপর সিটিআর হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় থেকে সঠিকভাবে এন্ট্রি না দেয়ার জন্য আপত্তি হয়েছে।	২০১৩-২০১৪	৩৯,০০০.০০	হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে সিটিআর পাঠানোর জন্য অনুরোধ করা হয়েছে।
৩	প্রশিক্ষণ ব্যয়ের স্বপক্ষে বিল ভাউচার অডিটকালে উপস্থাপন না করতে পারার জন্য আপত্তি হয়েছে।	২০১৭-২০১৮	৭৫,৪৮,০৫৩.০০	জেলা কার্যালয় থেকে সংগ্রহ করে জমা প্রদান করে নিষ্পত্তির জন্য জবাব প্রদান করা হয়েছে।

১২.৩। ২০১৮-২০১৯ অর্থবছরে ৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন অবস্থায় আছে, এসব আপত্তি অডিট চলার সময়ে প্রকল্প দপ্তর অবহিত হয়, তবে দাপ্তরিকভাবে নিরীক্ষা দপ্তর থেকে আপত্তি না আসার জন্য এ সংক্রান্ত কোন তথ্য প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট থেকে পাওয়া যায়নি মর্মে প্রকল্প পরিচালক জানান এগুলোর বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	আপত্তির বিবরণ	জড়িত টাকা	গৃহীত ব্যবস্থা
১	২	৪	৫
১	প্রকল্প দলিলে প্রভিশন না থাকা সত্ত্বেও নিজস্ব উদ্যোগে নীলফামারী যুব প্রশিক্ষণ কেন্দ্র মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন ও মতবিনিময় অনুষ্ঠানের জন্য ভিডিও কনফারেন্সিং উপযোগী মঞ্চ প্রস্তুত ও অন্যান্য আয়োজন করে অনিয়মিত ব্যয় করা হয়েছে।	৪,৯৯,২০০.০০	দাপ্তরিকভাবে নিরীক্ষা দপ্তর থেকে আপত্তি না আসার জন্য এ সংক্রান্ত কোন ব্যবস্থা গ্রহণ করা যায়নি মর্মে প্রকল্প পরিচালক জানান।
২	ডিপিপিতে অন্তর্ভূক্ত না থাকা সত্ত্বেও যুব ভবনের নিচ তলা হতে ৬ষ্ঠ তলা পর্যন্ত সুয়্যারেজ লাইনের ময়লা পরিস্কার কাজের লেবার চার্জ বাবদ অনিয়মিত পরিশোধ।	২০,০০০.০০	
৩	বিজ্ঞাপন জনিত পত্রিকার বিল হতে ভ্যাট কর্তন না করার জন্য রাজস্ব ক্ষতি।	২১,৬০০.০০	
৪	প্রকল্প দলিলে প্রভিশন না থাকা সত্ত্বেও নিজস্ব উদ্যোগে দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করে অনিয়মিত ব্যয় করা হয়েছে।	১,৬৫,৬০০.০০	
৫	মানিকগঞ্জ কেন্দ্রের আসবাবপত্র সরবরাহের ক্ষেত্রে ১২% এর পরিবর্তে ১০% ভ্যাট কর্তন করা হয়েছে।	৯,৯৮৭.০০	

২০১৩-১৪ অর্থ বছরের ২টি অডিট আপত্তি, ২০১৭-১৮ অর্থ বছরের ১ টি এখনো অনিষ্পন্ন অবস্থায় আছে। ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৯-২০ অর্থ বছরের কোন অডিট সম্পন্ন হয়নি। এ প্রকল্পের অডিট কারা করবে তা নিয়ে নিরীক্ষা দপ্তরের অভ্যন্তরীণ দ্বন্দ্বের জেরের ফলে ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থ বছরের অডিট হয়নি মর্মে প্রকল্পের কর্মকর্তাগণ জানান। প্রকল্পের পরিসমাপ্তিতে পেন্ডিং আপত্তিসমূহ নিষ্পত্তিকরণে যুব উন্নয়ন অধিদপ্তরকে কার্যকর ভূমিকা রাখতে হবে।

১৩.০ <u>ক্রয় সংক্রান্ত তথ্যাদি:</u> (Procurement of goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয়পরিকল্পনা অনুযায়ী ১২ টি পন্য ১৭ টি কার্য এবং ১ টি সেবা মোট ৩০ টি প্যাকেজে ক্রয়কার্য সম্পন্ন করা হয়। এর মধ্যে ১ কোটি টাকার উর্ধ্ব মূল্যের সেবা এবং ২ কোটি টাকার উর্ধ্ব মূল্যের ক্রয়কার্যের বিবরণ প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে:

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per DPP	Contracted Value	Invitation Date	Contract signing/IC opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
1. Consultancy firm Appointment	355.17	303.33	19-10-2010	11-07-2011	30-06-2019	30-06-2019
2. Construction of office cum academic building at YTC Joypurhat	345.39	362.2570	29-12-2011	24-04-2012	19-09-2013	30-09-2014
3. Construction of male hostel at YTC Joypurhat	256.02	245.4529	29-12-2011	11-04-2012	18-08-2013	26-11-2013
4. Construction of office cum academic building at YTC Chuadanga	345.39	388.73	10-01-2012	02-04-2012	27-11-2013	19-11-2013
5. Construction of male hostel at YTC Chuadanga	256.02	276.70	10-01-2012	04-03-2012	04-10-2013	25-03-2014
6. Construction of office cum academic building at YTC Chapainawabganj	345.39	332.6932	10-01-2012	24-04-2012	08-10-2013	09-04-2014
7. Construction of male hostel at YTC Chapainawabganj	256.02	212.86	10-01-2012	05-03-2012	30-09-2013	17-01-2014
8. Purchase of Hiace Microbus for 7 YTC	337.68	296.87	DPM 22-02-2016	24-04-2016	08-06-2016	30-06-2016
9. Construction of office cum academic building at YTC Nilphamary	345.39	305.2468	05-07-2012	24-09-2012	15-04-2014	28-02-2016
10. Construction of male hostel at YTC Nilphamary	256.02	202.5157	05-07-2012	24-09-2012	15-02-2014	15-02-2016
11. Construction of office cum academic building at YTC Netrokona	345.39	321.2813	01-08-2012	23-01-2013	07-04-2014	07-04-2014
12. Construction of male hostel at YTC Netrokona	256.02	221.0993	01-08-2012	15-01-2013	06-03-2014	31-05-2014
13. Construction of office cum academic	345.39	296.5552	14-11-2012	04-03-2013	20-09-2014	30-11-2015

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per DPP	Contracted Value	Invitation Date	Contract signing/IC opening date	As per Contract	Actual
building at YTC Rajbari						
14. Construction of male hostel at YTC Rajbari	256.02	210.0493	14-11-2012	04-03-2013	17-07-2014	31-12-2019
15. Construction of office cum academic building at YTC Satkhira	345.39	357.4369	20-11-2012	23-04-2013	12-09-2014	12-09-2014
16. Construction of male hostel at YTC Satkhira	256.02	264.92	20-11-2012	20-02-2013	12-07-2014	31-12-2015
17. Construction of office cum academic building at YTC Maherpur	345.39	323.2193	04-06-2013	20-10-2013	28-04-2015	31-12-2017
18. Construction of male hostel at YTC Maherpur	256.02	238.5328	04-06-2013	20-10-2013	28-03-2015	31-12-2017
19. Construction of office cum academic building at YTC Laxmipur	345.39	310.7074	20-11-2013	06-03-2014	14-09-2015	05-09-2015
20. Construction of male hostel at YTC Laxmipur	256.02	223.5280	20-11-2013	06-03-2014	14-07-2015	31-01-2016
21. Construction of office cum academic building at YTC Gazipur	473.26	358.5859	01-04-2015	23-08-2015	18-03-2017	31-12-2019
22. Construction of male hostel at YTC Gazipur	339.64	261.9344	01-04-2015	23-08-2015	17-01-2017	31-12-2019
23. Construction of office cum academic building at YTC Manikganj	473.26	411.4788	15-12-2015	19-04-2016	12-10-2017	28-02-2019
24. Construction of male hostel at YTC Manikganj	339.64	264.5305	15-12-2015	19-04-2016	20-08-2017	28-12-2019
25. Construction of female hostel at YTC Manikganj	232.43	238.0185	15-12-2015	19-04-2016	20-08-2017	13-11-2019

১৪.০ <u>পরিদর্শিত এলাকা:</u> প্রকল্পের আওতাভূক্ত ১১ টি জেলার মধ্য থেকে মানিকগঞ্জ, লক্ষ্মীপুর ও মেহেরপুর জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করা হয়। এছাড়া বাকী ৮ টি যুব প্রশিক্ষণ কেন্দ্র সম্পর্কে খোজ খবর নেয়া হয় এবং কেন্দ্রের বিভিন্ন অবকাঠামোর ছবি বিশ্লেষণ করা হয়।

১৫.০ <u>পরিদর্শন পর্যবেক্ষণ:</u> পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শনকালে পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

১৫.১। প্রকল্পটি ডিসেম্বর, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ২২/০৭/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী;

১৫.২। প্রকল্পের আওতায় মোট ১১ টি জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রে মোট ৫ টি ভবন রয়েছে; এগুলো হচ্ছে: ১ টি অফিস কাম একাডেমিক ভবন, ১ টি ছাত্রাবাস, ১ টি ছাত্রী নিবাস, ১ টি অফিসার্স কোয়ার্টার এবং ১ টি কর্মচারীগনের কোয়ার্টার। তাছাড়া প্রতিটি কেন্দ্রে ১ টি করে পোল্ট্রি ও ডেইরি শেড বিদ্যমান। পরিদর্শিত সকল ভবনের মান বাহ্যিকভাবে ভালো প্রতীয়মান হয়েছে। প্রকল্পের আওতায় সকল ভবন সংশ্লিষ্ট জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক, যথাযথভাবে বুঝে নিয়েছেন।

১৫.৩। প্রকল্পের আওতায় মানিকগঞ্জ জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্রের অফিস কাম একাডেমিক ভবনের চতুর্থ তলার টয়লেটের ছাদ দিয়ে পানি পড়তে দেখা গেল যা উপরের তলার (পঞ্চম তলা) টয়লেট এর পাইপ সংযোগ থেকে চুইয়ে পড়ছে। পঞ্চম তলার টয়লেট পাইপ এর সংযোগস্থল যথাযথভাবে মেরামত করা প্রয়োজন, উপস্থিত উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ জানান যে সংশ্লিষ্ট ঠিকাদারের সিকিউরিটির টাকা এখনো ছাড় না হওয়ায় তা সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে তা ঠিক করিয়ে নেয়া যাবে;

১৫.৪। একই ভবনের ছাদে পানি জমে থাকায় তার প্রভাবে বাইরের দেয়া ড্যাম্প হয়ে আছে, এতে ষষ্ঠ তলায় ছাদের সংযোগস্থলের বিভিন্ন স্থানে ভেতরে এবং বাইরের দেয়ালের রং বিনষ্ট হয়ে গিয়েছে। এ সকল স্থানে পুনরায় রং করা প্রয়োজন, এক্ষেত্রেও তা সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে তা ঠিক করিয়ে নেয়া যাবে মর্মে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ জানান;

১৫.৫। মানিকগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ শুরু না হওয়ায় এবং লক্ষ্মীপুর কেন্দ্রে আংশিকভাবে শুরু হওয়ায় ছাত্রাবাস এবং ছাত্রী নিবাস খালি পড়ে আছে। ছাত্রাবাস এবং ছাত্রী নিবাসের জন্য ক্রয়কৃত খাট, চেয়ার ও টেবিল বিক্ষিপ্তভাবে ছড়িয়ে রাখা হয়েছে। আবাসিক ছাত্র/ছাত্রীদের জন্য ক্রয়কৃত তোষক, জাজিম, কম্বল বিভিন্ন জায়গায় স্তুপাকারে রাখা আছে; এতে এগুলোতে ইদুর এবং উইপোকাসহ নানাবিদ ক্ষতিকর পোকা মাকরের মাধ্যমে বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে।

১৫.৬। প্রতিটি কেন্দ্রে ২১ জন করে ১০টি কেন্দ্রে মোট ২১০ জন এবং ১টি কেন্দ্রে শুধুমাত্র ১ জন ড্রাইভারসহ সর্বমোট ২১১ জন লোকবল রাজস্ব বাজেটের আওতায় নিয়োগ দেয়া হবে যাদের মাধ্যমে প্রশিক্ষণ কেন্দ্রসমূহ সচল থাকবে। বিভিন্ন প্রতিকূলতার জন্য নিয়োগ প্রক্রিয়া এখনও সম্পন্ন করা যায়নি। ফলে প্রকল্পের আওতায় ১১ টি জেলায় নির্মিত যুব উন্নয়ন কেন্দ্রসমূহে উপপরিচালক, যুব উন্নয়ন এর অফিস শিফট করা হলেও প্রশিক্ষণ পূর্ণ উদ্যোগে শুরু করা যাচ্ছে না। অনেক ক্ষেত্রে অন্যভাবে প্রশিক্ষক সংগ্রহ করে প্রশিক্ষণ আরম্ভ করেছেন মর্মে জানা গিয়েছে। তদুপরি কোভিড-১৯ জনিত কারণে চলমান প্রশিক্ষণও বর্তমানে থেমে আছে/সীমিত আকারে চলছে।

১৫.৭। মানিকগঞ্জ, লক্ষ্মীপুর এবং মেহেরপুর সকল ক্ষেত্রে একাডেমিক ভবনের ৫ম ও ৬ষ্ঠ তলা, ছাত্রাবাস ও ছাত্রীনিবাসের ফ্লোরগুলো ব্যবহৃত না হওয়ায় বিভিন্ন স্থানে ধুলা, ময়লা দেখা যায়। লোকবল না থাকায় প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো, আসবাবপত্র এবং অন্যান্য সরঞ্জাম যথাযথভাবে পরিচ্ছন্ন রাখা সম্ভব হচ্ছে না মর্মে স্থানীয় যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাগণ অবহিত করেন । মানিকগঞ্জ এবং লক্ষ্মীপুরে অফিসার্স কোয়ার্টার এবং কর্মচারীদের কোয়ার্টার ১টি করে ব্যতিত সকল ফ্ল্যাট খালি পাওয়া যায়। মেহেরপুরে সকল কোয়ার্টার খালি পাওয়া যায়। ফাঁকা এ সকল ভবন দীর্ঘদিন খালি পড়ে থাকলে নির্মিত অবকাঠামোর অবচয়/ বিনষ্ট হওয়ার আশংকা থাকছে।

১৫.৮। লক্ষ্মীপুর যুব প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন করা হয়েছে ৩ বছর পূর্বে, ভবনসমূহ পুরোপুরি ব্যবহৃত না হওয়ায় এবং উপকূলবর্তী অঞ্চল বিধায় অনেক স্থানে ড্যাম্প থাকায় দেয়ালের রং বিনষ্ট হয়ে যাচ্ছে। কেন্দ্রের ভেতরে প্রচুর ঝোপ ঝাড় রয়েছে, অনেক আগাছা অগোছালোভাবে বেড়ে উঠেছে, সামনের অংশ ছাড়া পরিকল্পিতভাবে গাছ লাগানো/বাগান করা হয়নি। প্রয়োজনীয় লোকবল নিয়োগ না হওয়ায় এবং রক্ষণাবেক্ষণে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকায় এগুলো যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা যাচ্ছে না মর্মে উপস্থিত উপপরিচালক জানান।

১৫.৯। ১ বছর পূর্বে, মেহেরপুর যুব প্রশিক্ষণ কেন্দ্র বুঝে নেয়া হলেও এর ভবনসমূহ করা হয়েছে ২/৩ বছর পূর্বে, ভবনসমূহ পুরোপুরি ব্যবহৃত না হওয়ায় রং করার পর টয়লেটের টাইলস এর কাজ করায় টয়লেট সংলগ্ন দেয়াল অনেক স্থানে ড্যাম্প হয়ে দেয়ালের রং নষ্ট হয়ে গিয়েছে। প্রয়োজনীয় লোকবল নিয়োগ না হওয়ায় এবং রক্ষণাবেক্ষণে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকায় এগুলো যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা যাচ্ছে না মর্মে উপপরিচালক, মেহেরপুর জানান।

১৫.১০। মূল প্রকল্প দলিল অনুযায়ী এ প্রকল্পের বাস্তবায়ন কাল ছিল জুলাই ২০১০ হতে জুন ২০১৫ পর্যন্ত, এরপর প্রকল্পটি বিভিন্ন দফায় সংশোধিত হয়ে, সময় বৃদ্ধি পেয়ে জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদকাল বৃদ্ধি পায়। সময় বৃদ্ধির মূল কারণ ছিল জমি অধিগ্রহণ প্রক্রিয়ায় অত্যধিক কালক্ষেপণ। বিশেষতঃ গাজীপুর এবং মানিকগঞ্জ জেলায় জায়গা নির্ধারণে বিভিন্ন মহলের চাপ থাকায় তা স্থিরকরণে বিলম্ব হয়। তাছাড়া কিছু কিছু ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ শেষ না করায় বিলম্ব হয়। তাছাড়া প্রকল্প বাস্তবায়নকালিন প্রকল্প পরিচালক পরিবর্তন কাজের গতিকে কমিয়ে দেয়, প্রকল্প বাস্তবায়নকালে এ প্রকল্পে মোট ৬ জন প্রকল্প পরিচালক কাজ করেছেন।

১৫.১১। মূল প্রকল্প দলিল অনুযায়ী এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ছিল ১৪৬৩৬.২৫ লক্ষ টাকা। কয়েক দফায় প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়ে সর্বশেষ সংশোধনী মোতাবেক তা দাড়ায় ২১৪৫০.৪৫ লক্ষ টাকা। মূলত গাজীপুর, মানিকগঞ্জ এবং লক্ষ্মীপুর জেলায় অত্যাধিক হারে জমির মূল্য বৃদ্ধি, কয়েক দফায় গণপূর্ত বিভাগের কাজের রেট পরিবর্তন, অত্যাধিক কালক্ষেপণের জন্য প্রশাসনিক ব্যয় বৃদ্ধি এবং সার্বিক ব্যয় বৃদ্ধির জন্য প্রকল্পের ব্যয় প্রায় ৩৩.৭৬% বৃদ্ধি পেয়েছে; যা নির্ধারিত সময়ে সম্পন্ন করা গেলে ব্যয় বৃদ্ধি এড়ানো যেত।

১৬। **চিত্রসহ ছবির বর্ণনা :**

চিত্রসহ ছবি	বর্ণনা
	"অবশিষ্ট ১১ জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়িত মানিকগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রের মূল গেইটের সামনে প্রকল্প পরিচালকসহ।
	"অবশিষ্ট ১১ জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়িত লক্ষ্মীপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের মূল গেইটের সামনে প্রকল্প পরিচালকসহ।

	প্রকল্পের আওতায় বাস্তবায়িত লক্ষ্মীপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক কাম অফিস ভবন, ছাত্রাবাস, ছাত্রীনিবাসের বিভিন্ন ফ্লোরের টয়লেট অব্যবহৃত থাকায় আবর্জনা জমে আছে।
	প্রকল্পের আওতায় মেহেরপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের মূল গেইটের সামনে।
	প্রকল্পের আওতায় মানিকগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্রী নিবাস, কর্মকর্তা/কর্মচারীগনের কোয়ার্টার।
	কেন্দ্রের ছাত্রাবাস ও প্রশাসনিক ভবন।

	প্রকল্পের আওতায় মানিকগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/ কর্মচারীগনের কোয়ার্টার, পুকুর এবং পোল্ট্রি ও ডেইরি শেড।

১৭। **মতামত/সুপারিশ:**

১৭.১। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী; ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে।

১৭.২। প্রকল্প সমাপ্তিতে অবকাঠামোসহ প্রকল্পের আওতায় সম্পন্ন সকল কম্পোনেন্ট প্রকল্প দলিল মোতাবেক বুঝে নেয়া প্রয়োজন। মেয়াদ শেষে প্রকল্পের ত্রুটিবিচ্যুতি সংশোধন করার সুযোগ থাকেনা। তদুপরি যেসকল অবকাঠামো নির্মাণের পর এখনো সিকিউরিটি মানি ঠিকাদারকে ফেরত দেয়া হয়নি সেগুলোর ত্রুটিবিচ্যুতি বের করে তা জরুরিভিত্তিতে মেরামত করিয়ে নিতে হবে।

১৭.৩। প্রকল্পের আওতায় নির্মিত যুব কেন্দ্র সমূহ সর্বোচ্চ ব্যবহারের স্বার্থে প্রশিক্ষকসহ সকল পদে জরুরি ভিত্তিতে নিয়োগ সম্পন্ন করা একান্ত প্রয়োজন।

১৭.৪। আবাসিক প্রশিক্ষণার্থীদের জন্য ক্রয়কৃত খাট, চেয়ার ও টেবিল বিক্ষিপ্তভাবে রাখলে এবং তোষক, জাজিম, কম্বল বিভিন্ন জায়গায় স্তুপাকারে রাখলে ইদুর এবং উইপোকাসহ নানাবিদ ক্ষতিকর পোকা মাকরের মাধ্যমে বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে। আবাসিক ছাত্র/ছাত্রীদের জন্য ক্রয়কৃত খাট, চেয়ার ও টেবিল প্রতিটি কক্ষে সাজিয়ে রাখলে এবং তোষক, জাজিম, কম্বল প্রতিটি কক্ষে বিছানার সাথে গুছিয়ে রাখলে তা বিনষ্ট হওয়ার আশংকা কমবে। তাতে আলো বাতাস পাবে এবং এর স্থায়ীত্বকাল বৃদ্ধি পাবে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন। যুব উন্নয়ন অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবে।

১৭.৫। প্রকল্প শেষে অডিট আপত্তির উপযুক্ত জবাব তথ্য ও দলিলাদি খুজে না পাওয়ায় তা নিষ্পত্তিকরণ বিলম্বিত হয়। এ প্রেক্ষিতে প্রকল্প মেয়াদের মধ্যে অডিট সম্পন্ন করতঃ উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে।

১৭.৬। চাহিদা না থাকা সত্ত্বেও সুদূর ভবিষ্যতের কথা ভেবে অতিরিক্ত অবকাঠামো নির্মাণ পরিহার করা প্রয়োজন। দীর্ঘদিন অব্যবহৃত থাকায় অবচিতি জনিত কারণে এসব অবকাঠামো প্রয়োজনের সময় ব্যবহার উপযোগি থাকে না, বিষয়টি বিবেচনায় রাখতে হবে।

১৭.৭। ভবিষ্যতে অনুরূপ প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির অন্তত ১ বছর পূর্ব থেকে নিয়োগ প্রক্রিয়া আরম্ভ করতে হবে যাতে প্রকল্প শেষে নিয়োগকৃত লোকবল নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সরঞ্জামাদির দায়িত্ব গ্রহণ করতে পারে।

১৭.৮। প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অত্যধিক কালক্ষেপণ পরিহার করে মূল প্রকল্প দলিল অনুযায়ী নির্ধারিত মেয়াদকালের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন। মেয়াদকালের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করা গেলে অত্যাধিক কালক্ষেপণের জন্য প্রশাসনিক ব্যয় বৃদ্ধি পরিহার করা সম্ভব হবে।

প্রতিবেদনের আলোকেগৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে।

নাটোর ও গাইবান্ধা জেলায় ইনডোর স্টেডিয়াম নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

১.০	প্রকল্পের নাম	:	নাটোর ও গাইবান্ধা জেলায় ইনডোর স্টেডিয়াম নির্মাণ (১ম সংশোধিত)
২.০	প্রকল্পের অবস্থান	:	নাটোর ও গাইবান্ধা জেলা সদর
৩.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৪.০	বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় ক্রীড়া পরিষদ

৫.০ **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১১৬২.৫৫	১৪৩৮.৯৭	১৪১৮.৯৭	জানুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৭ (১৮ মাস)	জানুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮ (৩০ মাস)	জানুয়ারি, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৯ (৪৮ মাস)	২৫৬.৪২ (২২.০৬%)	২ বছর ৬ মাস (১৬৬.৬৭%)

ক) বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।

খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ২২.০৬%

গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%) : ১৬৬.৬৭%

৬.০। পটভূমি: দেশের প্রতিটি নাগরিকের জাতীয় ও ব্যক্তিগত জীবনে খেলাধুলার প্রয়োজনীয়তা রয়েছে। খেলাধুলা নাগরিকদের শারিরীক ও মানসিক বিকাশ, শারিরীক গঠন এবং নিয়মানুবর্তিতা শিক্ষা প্রদানে অবদান রাখে। খেলাধুলা সকলের মধ্যে বন্ধুত্বপূর্ণ এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরি করে। খেলাধুলার মাধ্যমে আন্তঃসম্পর্কের উন্নয়ন ঘটে। নাটোর ও গাইবান্ধা জেলা সদরে ইনডোর স্টেডিয়াম তৈরি হলে এ এলাকার যুব সমাজের জন্য ইনডোর খেলাধুলার একটি নতুন দ্বার উন্মোচিত হবে। পাশাপাশি দেশে অভ্যন্তরীণ ক্রীড়ার পরিসর বৃদ্ধি পাবে এবং তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভা বিকশিত হতে সহায়ক হবে।

৭.০ প্রকল্পের উদ্দেশ্য ও মূল কার্যক্রম :

৭.১। প্রকল্পের উদ্দেশ্য : নাটোর ও গাইবান্ধা জেলায় ইনডোর ক্রীড়া অবকাঠামো সুবিধা তৈরি করা এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

৭.২। প্রকল্পের মূল কার্যক্রম :

- নাটোর ও গাইবান্ধা জেলা সদরে ইনডোর স্টেডিয়াম নির্মাণ ;
- জিমনেসিয়ামের সরঞ্জাম ক্রয় ;
- ফ্লাড লাইট স্থাপন ;
- আসবাবপত্র ক্রয় ;
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ ; এবং

➢ পরামর্শক সেবা।

৮.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি'র লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
A.	**Indoor Stadium for Natore District:**					
1.	Construction of Indoor Stadium (125'-0"×105'-0") =1220 Sqm.					
a)	Foundation up to plinth (1220-818)=402 Sqm	Sqm	450.00	91.13	100%	91.13
b)	R.C.C floor with sand filling & others	Sqm	765.00	22.26	100%	22.26
c)	Super structure					
	i. Ground floor	Sqm	832.00	151.98	100%	151.98
	ii. 1st floor	Sqm	324.00	56.16	100%	56.16
	iii. 2nd floor	Sqm	150.00	26.39	100%	26.39
d)	Internal sanitary works	Sqm	1306.00	15.23	100%	15.23
e)	Internal Electrical works	Sqm	1306.00	23.41	100%	23.41
f)	External Electrical connection	L.S	1.00	3.00	100%	3.00
g)	External Water supply	L.S	1.00	2.50	100%	2.50
h)	G.I pipe ladder	L.S	1.00	4.00	100%	4.00
	Sub-total=			**396.06**		**396.06**
2.	Pre fabricated steel shed	Sqm	1360.00	166.12	100%	165.69
3.	Indoor flood light system	Nos	60.00	11.05	100%	11.05
4.	Supply of Chair	Nos	450.00	10.35	100%	10.35
5.	Gymnasium equipment	Nos	14.00	12.00	100%	12.00
6.	Furniture	Nos	61.00	6.00	100%	6.00
7.	Internal RCC Road	Sqm	250.00	6.30	100%	6.19
8.	Boundary wall	Rm	250.00	17.23	100%	16.94

9.	Earth filling	Cum	6300.00	27.83	100%	27.69
	Total=			**652.94**		**651.97**
B.	**Indoor Stadium for Gaibandha District**					
1.	Construction of Indoor Stadium (125'-0"×105'-0") =1220 Sqm					
a)	Foundation up to plinth (1220-818)= 402 Sqm	Sqm	450.00	92.59	100%	92.59
b)	RCC floor with sand filling & others	Sqm	765.00	22.26	100%	22.26
c)	Super structure					
	i. Ground floor	Sqm	832.00	151.98	100%	151.98
	ii. 1st floor	Sqm	324.00	56.16	100%	56.16
	iii. 2nd floor	Sqm	150.00	26.39	100%	26.39
d)	Internal sanitary works	Sqm	1306.00	15.23	100%	15.23
e)	Internal Electrical works	Sqm	1306.00	23.41	100%	23.41
f)	External Electrical connection	L.S	1.00	3.00	100%	3.00
g)	External water supply	L.S	1.00	2.50	100%	2.50
h)	G.I pipe ladder	L.S	1.00	4.00	100%	4.00
	Sub-total=			**397.52**		**397.52**
2.	Pre Fabricated steel shed	Sqm	1360.00	166.12	100%	166.06
3.	Indoor flood light system	Nos	60.00	11.05	100%	6.00
4.	Supply of Chair	Nos	450.00	10.35	100%	9.45
5.	Gymnasium equipment	Nos	14.00	12.00	100%	12.00
6.	Furniture	Nos	61.00	6.00	100%	5.94
7.	Internal RCC Road	Sqm	550.00	13.86	100%	4.68
8.	Boundary wall	Rm	250.00	17.23	100%	15.33
9.	i) Earth filling	Cum	4321.00	19.09	100%	19.09
	ii) Supplying wooden ballah	Rm	2411.45	17.22	100%	15.60
	iii) Palisading work by supplying bitumin drum	Sqm	488.00	2.91	100%	2.91

	sheet					
	iv) S/F/F of horizontal bracing	Rm	405.00	1.09	100%	1.09
	v) RCC retaining wall (195'-0"×15'-0"=271.74Sqm)	Sqm	271.74	93.60	100%	93.60
	Sub-Total=			**133.90**		**129.86**
	Total (B)=			**768.03**		**749.28**
	Total (A+B)=			**1420.97**		**1401.25**
C.	Consultancy (Design, Drawing, supervision, etc)	Men month	12.00	11.00	100%	10.72
D.	Advertisement bill & others items	L.S	-	2.00	100%	2.00
E.	Stationery, Computer equipment accessories etc.	L.S	-	1.00	100%	1.00
F.	Honorarium (Various Committee Meeting, etc.)	L.S	-	3.00	100%	3.00
H.	Unexpected. Misc. Expenditure etc.	L.S	-	1.00	100%	1.00
	Sub-total (C to H)=			**18.00**		**17.72**
	Grand Total=			**1438.97**		**1418.97 (৯৮.৬১%) ***

* আর্থিক অগ্রগতি ৯৮.৬১% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৯.০। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা/থানা
রাজশাহী	নাটোর	নাটোর সদর
রংপুর	গাইবান্ধা	গাইবান্ধা সদর

১০.০। <u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ</u> প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী সকল অংগের কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের ইনডোর ফ্লাড লাইট, আভ্যন্তরীণ সংযোগ সড়ক, চেয়ার সরবরাহ ও আসবাবপত্র প্রভৃতি খাতে প্রাক্কলিত দর থেকে ২০.০০ লক্ষ টাকা কম খরচ হয়েছে। প্রকল্পের সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৪৩৮.৯৭ লক্ষ টাকার বিপরীতে ছাড় হয়েছে ১৪১৯.০০ লক্ষ টাকা ও প্রকৃত ব্যয় হয়েছে ১৪১৮.৯৭ লক্ষ টাকা। অব্যয়িত ০.০৩ লক্ষ টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১১.০। প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন :

- প্রকল্পটি ১১৬২.৫৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২১/০৩/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

- প্রকল্পের নির্বাচিত সাইট যথাসময়ে বুঝে না পাওয়ার কারণে কাজ শুরু করা সম্ভব হয়নি। পরবর্তীতে নতুন সাইট এর মাটি ভরাট কাজ অন্তর্ভুক্ত করে প্রাক্কলিত ব্যয় ১৪৩৮.৯৭ লক্ষ টাকা এবং মেয়াদ জানুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮ পর্যন্ত নির্ধারণপূর্বক গত ২৭/০২/২০১৮ তারিখে সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।
- আইএমইডির সুপারিশক্রমে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম বার মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি এবং ২য় বার প্রকল্পের মেয়াদ ৬ (ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

১২.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়
২০১৫-২০১৬	৫০০.০০	৫০০.০০	৫০০.০০
২০১৬-২০১৭	৪০০.০০	৪০০.০০	৪০০.০০
২০১৭-২০১৮	১০০.০০	১০০.০০	১০০.০০
২০১৮-২০১৯	৪০০.০০	৪০০.০০	৪০০.০০
২০১৯-২০২০	৩৮.০০	১৯.০০	১৮.৯৭
মোট=	১৪৩৮.০০	১৪১৯.০০	**১৪১৮.৯৭ (৯৮.৬১%)**

(পিসিআর অনুযায়ী প্রদত্ত)

১৩.০। <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ</u>

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরন	মেয়াদকাল
০১	জনাব নারায়ণ চন্দ্র দেবনাথ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় ক্রীড়া পরিষদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	অতিরিক্ত দায়িত্ব	১৩/০৮/২০১৫ হতে ০৯/০৮/২০১৭
০২	জনাব মোঃ শুকুর আলী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় ক্রীড়া পরিষদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	অতিরিক্ত দায়িত্ব	০৯/০৮/২০১৭ হতে ১৮/১২/২০১৮
০৩	জনাব মোঃ রেজাউল করিম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় ক্রীড়া পরিষদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	অতিরিক্ত দায়িত্ব	১৮/১২/২০১৮ হতে ০৮/০৪/২০১৯
০৪	জনাব মোঃ শাহআলম সরদার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় ক্রীড়া পরিষদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	অতিরিক্ত দায়িত্ব	০৮/০৪/২০১৯ হতে ৩১/১২/২০১৯

১৪.০। <u>প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের বিবরণ :</u>

১৪.ক) নাটোর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম নির্মাণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	মূল অনুমোদিত ডিপিপি অনুযায়ী		১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী		বৃদ্ধি	
		পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়
০১	প্লিন্থ লেভেল পর্যন্ত ভিত্তি	৪০২ বঃমিঃ	৭৬.২০	৪৫০ বঃমিঃ	৯১.১৩	৪৮ বঃমিঃ	১৪.৯৩
০২	গ্রাউন্ড ফ্লোর	৬৮৭ বঃমিঃ	১২৫.৪৯	৮৩২ বঃমিঃ	১৫১.৯৮	১৪৫ বঃমিঃ	২৬.৪৯
০৩	২য় তলা	২৯০ বঃমিঃ	৫০.২৭	৩২৪ বঃমিঃ	৫৬.১৬	৩৪ বঃমিঃ	৫.৮৯

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	মূল অনুমোদিত ডিপিপি অনুযায়ী		১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী		বৃদ্ধি	
		পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়
০৪	অভ্যন্তরীণ স্যানিটারি কাজ	১১৫১ বঃমিঃ	১২.০২	১৩০৬ বঃমিঃ	১৫.২৩	১৫৫ বঃমিঃ	৩.২১
০৫	অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ	১১৫১ বঃমিঃ	২০.৬৩	১৩০৬ বঃমিঃ	২৩.৪১	১৫৫ বঃমিঃ	২.৭৮
০৬	চেয়ার সরবরাহ	৩২০ টি	৭.৩৬	৪৫০ টি	১০.৩৫	১৩০ টি	২.৯৯
০৭	জিমের সরঞ্জাম	থোক	৪.০০	থোক	১২.০০	থোক	৮.০০
০৮	আসবাবপত্র	থোক	৪.০০	থোক	৬.০০	থোক	২.০০
০৯	সীমানা দেয়াল	২৫০ বঃমিঃ	১৭.২৩	২৫০ বঃমিঃ	১৭.২৩	-	-
১০	মাটি ভরাট	৪০০০ ঘঃমিঃ	৮.৬৮	৬৩০০ ঘঃমি:	২৭.৮৩	২৩০০ ঘঃমিঃ	১৯.১৫

১৪.খ) গাইবান্ধা জেলা সদরে ইনডোর স্টেডিয়াম নির্মাণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	মূল অনুমোদিত ডিপিপি অনুযায়ী		১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী		বৃদ্ধি	
		পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়
০১	প্লিন্থ লেভেল পর্যন্ত ভিত্তি	৪০২ বঃমিঃ	৭৬.২০	৪৫০ বঃমিঃ	৯২.৫৯	৪৮ বঃমিঃ	১৬.৩৯
০২	গ্রাউন্ড ফ্লোর	৬৮৭ বঃমিঃ	১২৫.৪৯	৮৩২ বঃমিঃ	১৫১.৯৮	১৪৫ বঃমিঃ	২৬.৪৯
০৩	২য় তলা	২৯০ বঃমিঃ	৫০.২৭	৩২৪ বঃমিঃ	৫৬.১৬	৩৪ বঃমিঃ	৫.৮৯
০৪	অভ্যন্তরীণ স্যানিটারি কাজ	১১৫১ বঃমিঃ	১২.০২	১৩০৬ বঃমিঃ	১৫.২৩	১৫৫ বঃমিঃ	৩.২১
০৫	অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ	১১৫১ বঃমিঃ	২০.৬৩	১৩০৬ বঃমিঃ	২৩.৪১	১৫৫ বঃমিঃ	২.৭৮
০৬	চেয়ার সরবরাহ	৩২০টি	৭.৩৬	৪৫০ টি	১০.৩৫	১৩০ টি	২.৯৯
০৭	জিমের সরঞ্জাম	থোক	৪.০০	থোক	১২.০০	থোক	৮.০০
০৮	আসবাবপত্র	থোক	৪.০০	থোক	৬.০০	থোক	২.০০
০৯	অভ্যন্তরীণ আরসিসি রাস্তা	২৫০ বঃমিঃ	৬.৩০	৫৫০ বঃমি	১৩.৮৬	৩০০ বঃমিঃ	৭.৫৬
১০	মাটি ভরাট	৪০০০ ঘঃমিঃ	৮.৬৮	৪৩২১ ঘঃমিঃ	১৯.০৯	৩২১ ঘঃমিঃ	১০.৪১

১৫.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
নাটোর ও গাইবান্ধা জেলা সদরে ইনডোর গেমসের জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাদি নির্মাণ করা এ প্রকল্পের উদ্দেশ্য।	নাটোর ও গাইবান্ধা জেলা সদরে ইনডোর গেমসের জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাদি নির্মাণ করা হয়েছে এবং ইনডোর গেমসের সরঞ্জামাদি সরবরাহ করা হয়েছে। এতে প্রকল্পের

১৬.০। মনিটরিং এন্ড অডিটিং :

১৬.১। **মনিটরিং :**

ক্রমিক নম্বর	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শনের তারিখ	আইএমইডি'র মতামত/সুপারিশ	মন্তব্য
০১.	জনাব পলি কর, সহকারী পরিচালক, আইএমইডি।	০৯ ও ১০/০২/২০১৭ (পত্র জারির তারিখ- ২৪ ও ২৫/০৪/১৭)	১) প্রকল্পের আওতায় নাটোর ইনডোর স্টেডিয়ামের যে অংশের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে তা প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এতে করে ইনডোর স্টেডিয়ামের প্রকৃত ব্যবহারকারি/সুবিধাভোগিদের ক্ষেত্রে এর উপযোগিতা প্রাপ্তি নিশ্চিত হবে; এবং গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামে-পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত এবং জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামটি নির্মাণ করতে হবে ;	উক্ত পরিদর্শন প্রতিবেদনে আইএমইডির সুপারিশের বিপরীতে গৃহীত ব্যবস্থার কোন তথ্যাদি প্রেরণ করা হয়নি।
			২) প্রকল্পের নাটোর ইনডোর স্টেডিয়ামের স্থায়িত্ব নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবতা এবং প্রয়োজনীয়তার নিরিখে পাইলিংসহ সীমানা প্রাচীর নির্মাণপূর্বক মাটি ভরাট এবং তা সংরক্ষণের ব্যবস্থা করা যেতে পারে; এবং প্রকল্পের ইনডোর স্টেডিয়ামের নকশা ও ডিজাইনের কারনে যে সকল অঙ্গের ব্যয় বৃদ্ধি পেয়েছে-তা বাস্তবতার নিরিখে যৌক্তিকভাবে নির্ধারণ করে সংশোধিত ডিপিপি-তে উপস্থাপন করা যেতে পারে। এক্ষেত্রে পিডব্লিউডি'র সর্বশেষ রেট সিডিউল এবং বর্তমান বাজার দর অনুসরণ করতে হবে ;	
			৩) প্রকল্পের নাটোর ইনডোর স্টেডিয়ামের বাস্তবায়ন কাজ নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্নের লক্ষ্যে নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখতে হবে এবং প্রকল্প প্রকৌশলীর মাধ্যমে সার্বক্ষণিক	

ক্রমিক নম্বর	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শনের তারিখ	আইএমইডি'র মতামত/সুপারিশ	মন্তব্য
			তদারকি ব্যবস্থা করা যেতে পারে। পাশাপাশি জেলা ক্রীড়া সংস্থার তদারকি কার্যক্রমও অব্যাহত রাখতে হবে ; এবং গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামে প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে প্রকল্পের মেয়াদ বাস্তব সম্মতভাবে বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ;	
			৪) প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সমস্যা হ্রাসকরণের লক্ষ্যে যথাযথ পরিকল্পনা অনুযায়ী প্রকল্প প্রণয়নের ওপর জোর দিতে হবে ;	
			৫) প্রল্পের মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতির তথ্য আইএমইডি'র নির্ধারিত ছকে নিয়মিত ও যথাযথভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে।	
০২.	জনাব মোঃ মুজিব-উল-ফেরদৌস, পরিচালক (উপসচিব), আইএমইডি।	০৩/০৯/২০১৮ (পত্র জারির তারিখ- ১১/০৯/১৮)	১) গাইবান্ধা ইনডোর স্টেডিয়াম সরেজমিন পরিদর্শনে প্রতীয়মান হয় যে, প্রকল্প এলাকায় চলমান প্রকল্পের বিভিন্ন তথ্য সম্বলিত সাইনবোর্ড স্থাপন করা হয়নি। ফলে প্রকল্পের চলমান কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগণের পক্ষে অবহিত হওয়া সম্ভব হচ্ছে না যা প্রকল্প কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ব্যাহত করছে। অনতিবিলম্বে প্রকল্প এলাকায় প্রকল্পের মেয়াদকাল, প্রাক্কলিত মূল্য, প্রধান কার্যক্রমসমূহ, ঠিকাদারের নাম ইত্যাদি তথ্য সম্বলিত একটি সাইনবোর্ড স্থাপনের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা যেতে পারে।	উক্ত পরিদর্শন প্রতিবেদনে আইএমইডির সুপারিশের বিপরীতে গৃহীত ব্যবস্থার কোন তথ্যাদি প্রেরণ করা হয়নি।
			২) প্রকল্প দলিলে বর্ণিত Log frame এর Purpose & Goal অংশ এবং সংশ্লিষ্ট OVI অংশ যথাযথভাবে প্রস্তুত করা হয়নি। বিশেষতঃ প্রকল্পটি দেশের	

ক্রমিক নম্বর	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শনের তারিখ	আইএমইডি'র মতামত/সুপারিশ	মন্তব্য
			আর্থ-সামাজিক ক্ষেত্রে কি অবদান রাখবে, প্রকল্পের ফলে কি পরিমাণ নতুন প্রতিভা বা খেলোয়াড় সৃষ্টি হবে এবং প্রকল্পটির স্বল্প ও দীর্ঘমেয়াদী Outcome কি হবে Purpose & Goal অংশে উল্লেখ করা হয়নি। অনতিবিলম্বে Log frame যথাযথভাবে পুনর্গঠন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা যেতে পারে।	
			৩) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সরকারি সকল উন্নয়ন ও কারিগরী প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্বে নিয়োজিত হলেও এ প্রকল্পের ডিপিপি এর লগ ফ্রেম ওয়ার্ক অংশের MOV এর Purpose & Goal অংশে কোথাও আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ ও মূল্যায়নের বিষয়টি উল্লখ করা হয়নি। এছাড়া Purpose কলামের Important Assumption (IA) অংশটি ফাঁকা রয়েছে যা মোটেই গ্রহণযোগ্য নয়। অনতিবিলম্বে প্রাপ্ত ত্রুটিসমূহ সংশোধন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা যেতে পারে।	

১৬.২। **অডিট সম্পর্কিত তথ্য** : জাতীয় ক্রীড়া পরিষদে এজি অফিসের অডিটর টিম ০৫/০১/২০২০ তারিখে অডিট সম্পন্ন করে। এতে অডিট অধিদপ্তর হতে কোন আপত্তি প্রদান করা হয়নি মর্মে জানা যায়। পিসিআরে এ সম্পর্কে তথ্যাদি উল্লেখ করা নেই।

১৭.০। **ক্রয় সংক্রান্ত তথ্যাদি:** (Procurement of goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ০২ টি পণ্য, ০৩ টি পূর্ত কাজ এবং ০১টি সেবাসহ মোট ০৬ টি প্যাকেজের ক্রয়কার্য সম্পন্ন করা হয়েছে। এর মধ্যে ১০০.০০ লক্ষ টাকা মূল্যের উর্ধ্বে সম্পাদিত ক্রয় কার্যের বিবরণ নিম্নরূপ:

(লক্ষ টাকা)

Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP / PCR	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
W-1. Natore Construction of indoor stadium, internal RCC Road, Boundary wall, Supply of furniture equipment etc.	৬৫২.৯৪ *	৬৫২.৬৪	২৫-০৪-২০১৬	১৩-০৭-২০১৬	১২-০৪-২০১৭	২৮-০৬-২০১৮
W-2. Gaibandha-Construction of indoor stadium, internal RCC road, Boundary wall, Supply of furniture equipment etc.	৭৬৮.০৩ *	৬৫২.৯২	২৫-০৪-২০১৬	০৪-০৯-২০১৬	০৪-০৬-২০১৭	২৯-১২-২০১৯
W-3. Gaibandha-Construction of RCC retaining wall and site development (Remaining part).	১১২.৬৯ *	১০৯.৬৫	১৭-০৫-২০১৮	৩১-০৭-২০১৮	৩১-০৮-২০১৮	২৯-০৮-২০১৮

- **আরডিপিপি'র ক্রয় পরিকল্পনায় প্যাকেজসমূহের টেন্ডারকালিন সংস্থানের অনুকুলে একত্রে দরপত্র আহবান করা হয়েছে বিধায় PCR এ প্যাকেজের মূল্য সম্মিলিতভাবে নির্ধারণ করা হয়েছে।**

১৮.০। **প্রকল্প পরিদর্শন :** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক গত ২৪ ও ২৫ নভেম্বর, ২০২১ তারিখে "নাটোর ও গাইবান্ধা জেলায় ইনডোর স্টেডিয়াম নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলী ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৯.০। সার্বিক পর্যবেক্ষণঃ

১৯.১। প্রকল্পটি ডিসেম্বর, ২০১৯ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করা হয়েছে ১৯/০৯/২০২১ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৮ মাস পর আইএমইডিতে পিসিআর প্রেরণ করা হয়েছে, যা পরিকল্পনা শৃংখলার ব্যত্যয়। প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলীসহ কর্মকর্তাগণ বিলম্বে পিসিআার প্রেরণের যৌক্তিক কারণ জানাতে পারেননি। ঠিকাদারের নিকট থেকে সম্পাদিত কাজ বুঝে নিতে কালক্ষেপণ এবং প্রশাসনিক জটিলতার কারণে সময়মত সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হয়নি বলে জানানো হয়েছে। প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ১৪৩৮.৯৭ লক্ষ টাকার বিপরীতে ছাড় হয়েছে ১৪১৯.০০ লক্ষ টাকা, প্রকৃত ব্যয় হয়েছে ১৪১৮.৯৭ লক্ষ টাকা অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৮.৬১% ও বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের অডিট কার্যক্রমের কোন তথ্য পিসিআর এ প্রদান করা হয়নি। PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয়নি। পিসিআর এ ক্রয় পরিকল্পনা প্যাকেজে সাথে আরডিপিপি/ডিপিপি এর প্যাকেজের প্রাক্কলিত মূল্যের কোন মিল পাওয়া যায়নি। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জানতে চাইলে তিনি জানান, কয়েকটি প্যাকেজ একত্রিত করে দরপত্র আহবান করা হয়েছে বিধায় এ রকম সমস্যা হয়েছে। এ বিষয়ে সংস্থাসহ মন্ত্রণালয়কে ব্যাখ্যা প্রদান করতে হবে মর্মে পরিদর্শনকালে মতব্যক্ত করা হয়।

১৯.২। প্রকল্পের আওতায় নাটোর ইনডোর স্টেডিয়াম গত ২৪/১১/২০২১ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধি ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নাটোর ইনডোর স্টেডিয়াম নির্মাণ (প্লিন্থ লেভেল পর্যন্ত ভিত্তি, গ্রাউন্ড ফ্লোর, ২য় তলা, অভ্যন্তরীণ স্যানিটারি কাজ, বৈদ্যুতিক কাজ), অভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ (মাটি ভরাটসহ), বাউন্ডারী ওয়াল ইত্যাদি নির্মাণ করা হয়েছে। নাটোর পরিদর্শনকালে জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধিগণ জানান, ইনডোর স্টেডিয়ামের জন্য সংস্থানকৃত চেয়ার, জিমন্যাসিয়াম ইক্যুইপমেন্ট, আসবাবপত্র বাস্তবায়ন সংস্থা কর্তৃক সরবরাহ করা হয়েছে তা নিম্নমানের। নাটোর জেলার জেলা প্রশাসক মোবাইল ফোনে জানান, ইনডোর স্টেডিয়ামের ছাদের উপরে যে টিন লাগানো হয়েছে তা খুব নিম্নমানের হয়েছে, বৃষ্টি হলেই পানি পড়তে থাকে, ভবনের অনেক জায়গায়, যেমন-সাইড দেয়াল, সিঁড়ির দেয়াল, টয়লেট ব্লকের দেয়ালে ফাটল ধরছে ও রং নষ্ট হয়ে গেছে মর্মে পরিদর্শনকালে দেখা যায়। এ প্রসঙ্গে ক্রীড়া সংস্থার প্রতিনিধিকে জানানো হলে, তিনি জানান এগুলো খুব শীঘ্রই সংস্কার ও প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা হবে। এ বিষয়ে মন্ত্রণালয়সহ প্রকল্প সংস্থাকে খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ব্যাখ্যাসহ আইএমইডিকে অবহিত করতে হবে।

১৯.৩। প্রকল্পের আওতায় গাইবান্ধা ইনডোর স্টেডিয়াম গত ২৫/১১/২০২১ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধি ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। গাইবান্ধা ইনডোর স্টেডিয়াম নির্মাণ (প্লিন্থ লেভেল পর্যন্ত ভিত্তি, গ্রাউন্ড ফ্লোর, ২য় তলা, অভ্যন্তরীণ স্যানিটারি কাজ, বৈদ্যুতিক কাজ), অভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ (মাটি ভরাটসহ), বাউন্ডারী ওয়াল ইত্যাদি নির্মাণ করা হয়েছে। গাইবান্ধা জেলায় ইনডোর স্টেডিয়ামের নির্মাণ কাজ যথানিয়মে সম্পন্ন করা হয়। জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধিগণ জানান, ১) থাইগ্লাসের কাজ সঠিকভাবে হয়নি, কারণ- থাইগ্লাস প্রটেকশনের জন্য গ্লাসের উপরে ও নীচে যে ইক্যুইপমেন্ট ব্যবহার হয়েছে-তা নিম্নমানের, থাই গ্লাস নাড়া দিলে নড়তে থাকে মর্মে পরিদর্শনকালে দেখা গেছে। ২) বিদ্যুৎ এর তার মিটার থেকে পোল/পিলার পর্যন্ত এ্যালুমিনিয়ামের তার দ্বারা সংযোগ স্থাপন করা হয়েছে, যা তামার তার দিয়ে সংযোগ স্থাপন করার প্রয়োজন ছিল। ৩) পানির লাইন সংযোগে বিভিন্ন ফিটিংস নিম্নমানের ও ত্রুটিযুক্ত। ৪) গ্যালারির চেয়ারের ফিটিং সঠিক হয়নি, একটি চেয়ার হাত দিয়ে টান দেয়ায় চেয়ারটি নির্দিষ্ট স্থান থেকে আলাদা হয়ে গেছে। ৫) নিম্নমানের জিমন্যাসিয়াম ইক্যুইপমেন্ট সরবরাহ করা হয়েছে, যা নষ্ট ও প্লাষ্টিকের এবং জিমের ডাম্বেল নাই। ৬) গাইবান্ধা জেলার ইনডোর স্টেডিয়ামের ভিতরে মেঝে ঢালাই নিম্নমানের হওয়ায় অসমতল ও ফেটে গেছে। ৭) ইনডোর স্টেডিয়ামের উপরে ফ্লাড ও ওয়াল লাইট ১০টি নষ্ট পাওয়া গেছে। ভবনের অনেক জায়গায়, যেমন-সাইট দেয়াল, সিঁড়ির দেয়াল, টয়লেট ব্লকের দেয়ালেও ফাটল ধরেছে ও রং নষ্ট হয়েছে গেছে মর্মে পরিদর্শনকালে দেখা যায়। এ প্রসঙ্গে ক্রীড়া সংস্থার প্রতিনিধি সেগুলো খুব শীঘ্রই সংস্কার ও প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে জানা যায়। উল্লেখ্য, প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলা ইনডোর স্টেডিয়ামের বাউন্ডারি ওয়ালের সাথে একটি পুকুর বা ডোবা থাকায় বাউন্ডারি ওয়ালটি যে কোন সময় ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তাগণ জানান, বাউন্ডারি ওয়াল রক্ষার জন্য ওয়ার্কওয়ে নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সমীচীন হবে।

১৯.৪। চিত্রসহ ছবির বর্ণনা :

স্থির চিত্র	বর্ণনা
 	প্রকল্পের আওতায় নাটোর ইনডোর স্টেডিয়ামের বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন। (কাঠের দরজা ভাঙ্গা ও টিনের ছাদ)
	প্রকল্পের আওতায় নাটোর ইনডোর স্টেডিয়ামের বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন। (টয়লেট দেয়ালে ফাটল)
	প্রকল্পের আওতায় গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন। (উপস্থিত ক্রীড়া সংস্থার কর্মকর্তাগণ)
 	প্রকল্পের আওতায় গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন। (জিমনেসিয়ামসমূহ ও চেয়ার ভাঙ্গা আলাদা হয়ে রয়েছে)

১৯.৫। প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদনে সংস্থা কর্তৃক চাহিত তথ্যের জবাব :

ক্রমিক নং	চাহিত তথ্যাদি	জবাব/গৃহীত ব্যবস্থা
(ক)	নাটোর ইনডোর স্টেডিয়ামের টিনের ছাদের বৃষ্টির পানি প্রবেশ, কাঠের দরজা ভাঙ্গা, দেয়ালে পরিলক্ষিত ফাটল ও রং নষ্ট হওয়াসহ পরিলক্ষিত ত্রুটি-বিচ্যুতি এবং গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের নিম্নমানের থাইগ্লাস ফিটিংস, তামার পরিবর্তে এলুমিনিয়ামের তার বৈদ্যুতিক সংযোগ, নিম্নমানের চেয়ার ও স্যানিটারী ফিটিংস, মেঝে অসমতল ও ফাটা থাকা, দেয়ালে ফাটা ও রং নষ্ট ইত্যাদি পরিলক্ষিত প্রকল্পের ত্রুটি-বিচ্যুতির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নাটোর ইনডোর স্টেডিয়ামের নির্মাণ কাজ গত ২৮-০৬-২০১৮ তারিখে সম্পন্ন করে ত্রুটিহীন অবস্থায় সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার নিকট হস্তান্তর করা হয়। দরপত্রের শর্ত মোতাবেক Defect liability period হিসাবে ১২ মাস পর্যন্ত কোন ধরনের নির্মাণ ত্রুটি পরিলক্ষিত হয়নি। যেহেতু নাটোর ইনডোর স্টেডিয়ামের নির্মাণ কাজ সম্পন্নের প্রায় ০৩ বছর ০৬ মাসের অধিক সময় অতিক্রান্ত হয়েছে, কাজেই ব্যবহার জনিত কারণে কাঠের দরজা, দেয়ালে সূক্ষ ফাটল ও রং নষ্ট হয়ে থাকতে পারে। এছাড়া দীর্ঘদিন অতিবাহিত হবার কারণে দুইটি টিনের সংযোগ স্থল হতে বৃষ্টির পানি প্রবেশ করতে পারে। উপরোক্ত সমস্যা সমাধানের জন্য চলমান অর্থাৎ ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব খাতের বরাদ্দের আওতায় ত্রুটিসমূহ সংস্কারের ব্যবস্থা নেয়া হবে। গাইবান্ধ্যা ইনডোর স্টেডিয়ামের নির্মাণ কাজ ২৯-১২-২০১৯ তারিখে সম্পন্ন করে ত্রুটিহীন অবস্থায় সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার নিকট হস্তান্তর করা হয়। দরপত্রের শর্ত মোতাবেক Defect liability period হিসাবে ১২ মাস পর্যন্ত কোন ধরনের নির্মাণ ত্রুটি পরিলক্ষিত হয়নি। থাইগ্লাস ফিটিংস, তামার পরিবর্তে এ্যালুমিনিয়ামের তার বৈদ্যুতিক সংযোগ, নিম্নমানের চেয়ার ও স্যানিটারী ফিটিংস দরপত্রের স্পেসিফিকেশন অনুযায়ী স্থাপন/ফিটিং করা হয়েছে। যেহেতু গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের নির্মাণ কাজ সম্পন্নের প্রায় ০২ বছরের অধিককাল অতিক্রান্ত হয়েছে কাজেই ব্যবহার জনিত কারণে ছোট-খাট ত্রুটি বিচ্যুতি হয়ে থাকতে পারে। উপরোক্ত সমস্যা সমাধানের জন্য চলমান অর্থাৎ ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতের বরাদ্দের আওতায় ত্রুটিসমূহ সংস্কারের বাবস্থা নেয়া হবে।
(খ)	পিসিআর এ ক্রয় পরিকল্পনা প্যাকেজের সাথে আরডিপিপি/ডিপিপি এর প্যাকেজের প্রাক্কলিত মূল্যের কোন মিল পাওয়া যায়নি। কয়েকটি প্যাকেজ একত্রিত করে দরপত্র আহবান করা হয়েছে বিধায় এ বিষয়ে পিপিআর এর ব্যত্যয়ের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক যাচাই করে দেখতে হবে।	ইনডোর স্টেডিয়াম নির্মাণসহ আনুষঙ্গিক সকল কাজ ওতোপ্রোতভাবে জড়িত বিধায় কাজের সুবিধার্থে একত্রে একটি প্যাকেজ হিসাবে সকল নির্মাণ কাজ দরপত্র আহবানপূর্বক সম্পন্ন করা হয়েছে যা PPR এর নির্দেশনার সহিত সাংঘর্ষিক নয়।

২০.০। আইএমইডি'র মতামত/সুপারিশ :

২০.১। মূল প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ২২.০৬% ও সময় বৃদ্ধি ১৬৬.৬৭% হয়েছে। ভবিষ্যতে মূল প্রকল্পের প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

২০.২। নাটোর ইনডোর স্টেডিয়ামের টিনের ছাদের বৃষ্টির পানি প্রবেশ, কাঠের দরজা ভাঙ্গা, দেয়ালে পরিলক্ষিত ফাটল ও রং নষ্ট হওয়াসহ পরিলক্ষিত ত্রুটি-বিচ্যুতি এবং গাইবান্ধা ইনডোর স্টেডিয়ামের নিম্নমানের থাইগ্লাস ফিটিংস, তামার পরিবর্তে এলুমিনিয়ামের তার বৈদ্যুতিক সংযোগ, নিম্নমানের চেয়ার ও সেনিটারী ফিটিংস, মেঝে অসমতল ও ফাটা থাকা, দেয়ালে ফাটা ও রং নষ্ট ইত্যাদি পরিলক্ষিত প্রকল্পের ত্রুটি-বিচ্যুতির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

২০.৩। পিসিআর ১ বছর ৮ মাস বিলম্বে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে এবং অডিট সম্পন্ন হওয়ার কোন ব্যাখ্যা/প্রমাণক প্রদান করা হয়নি। পিসিআর-এ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন সুস্পষ্ট নয় এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয়নি। ভবিষ্যতে এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সচেতনতা দেখাতে হবে।

২০.৪। পিসিআর এ ক্রয় পরিকল্পনা প্যাকেজের সাথে আরডিপিপি/ডিপিপি এর প্যাকেজের প্রাক্কলিত মূল্যের কোন মিল পাওয়া যায়নি। কয়েকটি প্যাকেজ একত্রিত করে দরপত্র আহবান করা হয়েছে বিধায় এ বিষয়ে পিপিআর এর ব্যত্যয়ের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ব্যাখ্যা প্রদান করা প্রয়োজন।

২০.৫। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো সংস্কার ও নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

২০.৬। প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে এ প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে।

২০.৭। আইএমইডি কর্তৃক ইতঃপূর্বে প্রকল্প পরিদর্শন প্রতিবেদনে এ বিষয়ে কী ব্যবস্থা নেয়া হয়েছে তা আইএমই বিভাগকে জানানো হয়নি। ভবিষ্যতে পরিদর্শন প্রতিবেদনের ফলোআপ আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

২০.৮। উল্লিখিত মতামত/সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থার তথ্যাদি প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০২০)

১. প্রকল্পের নামঃ বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন (১ম সংশোধিত)

২. প্রশাসনিক মন্ত্রণালয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা/দপ্তরঃ জাতীয় ক্রীড়া পরিষদ

৪. প্রকল্প এলাকা: জামালপুর সদর।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৩৮২৩.৫০	৪৩৯৬.০০	৪৩৮৩.৪৮	০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৯	০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০	০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০	+৫৫৯.৯৮ (১৪.৬৫%)	১ বছর (৫০%)

৬.০ <u>প্রকল্পের পটভূমি:</u>

জামালপুর জেলা স্টেডিয়ামটি (এ্যাডভোকেট আব্দুল হাকিম) ফুটবল ও ক্রিকেটের জন্য উক্ত জেলার একমাত্র স্টেডিয়াম যেখানে স্থানীয় ফুটবল ও ক্রিকেট খেলা আয়োজন এবং বছরব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করা হয়। কিন্তু স্টেডিয়ামটি আন্তর্জাতিক মানের ক্রিকেট মাঠের উপযোগী নয়। উল্লেখ্য, জাতীয় জীবনে শৃঙ্খলা, সুস্বাস্থ্য, নেতৃত্ব ও চরিত্র গঠনে খেলাধুলার অবদান অপরিসীম। এ প্রেক্ষিতে জামালপুর জেলার তরুণ সমাজের মানুষিক বিকাশ ও খেলার মানোন্নয়নের লক্ষ্যে শরীর চর্চা ও ফুটবল, ক্রিকেট, বেডমিন্টনসহ অন্যান্য খেলার সুযোগ সৃষ্টি এবং স্টেডিয়ামটি আন্তর্জাতিক ক্রিকেট মাঠ উপযোগী করার জন্য বিদ্যমান গ্যালারি ভেঙ্গে নতুন গ্যালারি নির্মাণ, পুরাতন সীমানা দেয়াল ভেঙ্গে নতুন সীমানা দেয়াল নির্মাণ, বিদ্যমান জিমনেসিয়ারেম সংস্কার/মেরামতসহ আসবাবাপত্র ও মালামাল ক্রয়, নতুন প্যাভিলিয়ন ভবন, মিডিয়া সেন্টার, হোস্টেল ভবনসহ অন্যান্য আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ, স্টেডিয়াম কমপ্লেক্সটিতে বিদ্যমান সুবিধা সম্প্রসারণ, প্রয়োজনীয় সংস্কার ও উন্নয়নসহ নতুন অবকাঠামোগত সুবিধাদি স্থাপনের লক্ষ্যে "বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হামিদ (জামালপুর জেলা স্টেডিয়াম) স্টেডিয়াম কমপ্লেক্সের উন্নয়ন" শীর্ষক মূল প্রকল্পটি মোট ৩৮২৩.৫০ লক্ষ টাকা ব্যয়ে ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ২৮ জুন ২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে নির্মাণ কাজের পরিমাণ বৃদ্ধি ও নতুন অংগ (নাম ফলকসহ সৌন্দর্য্য বৃদ্ধি এবং ক্রিকেট ও ফুটবলের স্কাল্পচার স্থাপন) সংযোজন জনিত কারণে প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি করে প্রকল্পটি ১ম বারের মত সংশোধন করা হয়। প্রকল্পটির ১ম সংশোধনীতে বাস্তবায়ন মেয়াদ ০১ জুলাই হতে ৩০জুন ২০২০ ও ব্যয় ৪৩৯৬.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। তবে, প্রকল্পটি ৪৩৮৩.৪৮ লক্ষ টাকা প্রকৃত ব্যয়ে ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত করা হয়।

৭.০ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:

৭.১ উদ্দেশ্য: জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন উপযোগী করার লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়াম কমপ্লেক্স উন্নয়ন।

৭.১ লক্ষ্যমাত্রা:

১. ১৫০০০ জন ব্যক্তি স্টেডিয়ামের গ্যালারিতে বসে খেলা উপভোগ করতে পারার বিষয়টি নিশ্চিত করা।

২. ক্রিকেট ও ফুটবলসহ অন্যান্য খেলার উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৩. আন্তর্জাতিক, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা।

৪. জাতীয় ও জেলা পর্যায়ে ক্রিকেট ও ফুটবলসহ বিভিন্ন ইভেন্টে প্রতিদিন ৫০০ জন খেলোয়াড় অনুশীলন করার সুযোগ সৃষ্টি করা।

৮.০ প্রকল্পের মূল কার্যক্রম: প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম হচ্ছে-ভূমি উন্নয়ন, খেলার মাঠ উন্নয়ন, গ্যালারিসহ অন্যান্য ভাঙ্গার কাজ, প্যাভিলিয়ন ভবন নির্মাণ, আভ্যন্তরী সেনেটারীসহ পানি সরবরাহের কাজ, আভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ, বৈদ্যুতিক সযযোগ প্রদান, আসবাবপত্র (প্যাভিলিয়ন ও হোস্টেল ভবন) সরবরাহ, ড্রেসিং রুম নির্মাণ, ভিআইপি রুম ৪টন এসি স্থাপন, প্রেসিডেন্ট বক্স ৩টন এর জন্য এসি সরবরাহ, আভ্যন্তরীণ সৌন্দর্য বৃদ্ধি করণ কাজ (মিডিয়া ভবন সহ), সেপটিক ট্যাংক স্থাপন, ভিআইপ গ্যালারি/সাধারণ গ্যালারির জন্য চেয়ার সরবরাহ ও স্থাপন, নিরাপত্তা বেষ্টনি তৈরী, গার্ড ওয়ালসহ সারফের ড্রেনের ফাউন্ডেশন কাজ, মেটালিক গ্রীল ফেন্সিং, সীমানা প্রাচীর নির্মাণ, সীমানা প্রাচীরের উপর গ্রীল ফেন্সিং এর কাজ, ১২ধাপ বিশিষ্ট সাধারণ গ্যালারি নির্মাণ, ৩তলা বিশিষ্ট মিডিয়া সেন্টার, গভীর নলকূপ স্থাপন, আরসিসি ওয়াকওয়ে, ৪ফুট ব্যাসের রিং পাইপ দ্বারা মেইন ড্রেন নির্মাণ, পাবলিক টয়লেট ব্লক নির্মাণ (পুরুষ ও মহিলা), গ্যালারীর উপর স্টিলের সেড নির্মাণ, গেইট নির্মাণ, ফাউন্ডেশনসহ মেইন গেইট নির্মাণ, প্রবেশ গেইট (মিনি) নির্মাণ, গ্রাউন্ড সরঞ্জামাদি সরবরাহ, পানি সংরক্ষণের জন্য আন্ডার গ্রাউন্ড ট্যাংক স্থাপন, নাম ফলকসহ বিভিন্ন রকমের সৌন্দর্য বৃদ্ধির কাজ, গাছ লাগানোর জন্য বেড তৈরীকরণ, ব্যাডমিন্টন ও বাস্কেটবল কোর্ট নির্মাণ, জিমন্যাসিয়াম উন্নয়ন, আউটার স্টেডিয়ারেম মাঠ লেভেলিং এবং ড্রেসিং এর কাজ, সাব-স্টেশন স্থাপন, প্যাভিলিয়নসহ অন্যান্য ভবনের চারদিকে গাছলাগানোসহ সৌন্দর্য বৃদ্ধিকরণ।

৯. প্রকল্পের অর্থায়নঃ বাংলাদেশ সরকারের অর্থায়ন।

১০.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অনুমোদিত আরডিপিপি অনযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
(ক)	**রাজস্ব ব্যয়ঃ**					
	পরামর্শক					
১.	ডিজাইন ড্রয়িং, সার্ভে, সাব সয়েল ইনভেস্টিগেশন ইত্যাদি	মাস	৭ মাস	২১.০০	১০০%	২০.৪০
২.	পার্টটাইম সুপার ভিশনসহ	মাস	২৪ মাস	৯.৬০	১০০%	৯.৫০
৩.	স্টেশনারী এবং অন্যান্য মালামাল	থোক	-	৫.০০	১০০%	৫.০০
৪.	বিজ্ঞাপন, বিল, দরপত্র প্রস্তুত এবং অন্যান্য	থোক	-	৩.০০	১০০%	২.০৫
৫.	সম্মানী (বিভিন্ন কমিটি, মধ্যবর্তী মূল্যায়ন ইত্যাদি)	থোক	-	৯.৮২	১০০%	৯.৮২
৬.	যানবাহন ভাড়া	মাস	১৮ মাস	১৬.২০	১০০%	১৬.২০
৭.	অপ্রত্যাশিত ব্যয়	থোক	-	৭.০০	১০০%	২.৮০
	মোট রাজস্ব ব্যয়ঃ			**৭১.৬২**		**৬০.৭৭**
(খ)	**মুলধন ব্যয়ঃ**					
৮	ভূমি উন্নয়ন কাজ	ঘঃমিঃ	৫৭৮০০	১২৫.৫২	১০০%	১২৫.৫১
	খেলার মাঠ উন্নয়ন কাজ					
৯	খেলা মাঠে দোঁয়াশ মাটি সরবরাহ ছড়ানোসহ	ঘঃমিঃ	৩৪০০	২৩.১৯	১০০%	২৩.১৯

ক্রমিক নম্বর	অনুমোদিত আরডিপিপি অনযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১০.	মাঠে ঘাস লাগানো	বঃমিঃ	১৪১৮৩	৫.৮২	১০০%	৫.৮১
	উপমোট			**১৫৪.৫৩**		**১৫৪.৫১**
	গ্যালারিসহ অন্যান্য ভাঙ্গার কাজ					
১১.	আরসিসি ভাঙ্গার কাজ	ঘঃমিঃ	১৭৫০	৪০.০৪	১০০%	৪০.০৩
১২.	ইটের গাথুনি ভাঙ্গার কাজ	ঘঃমিঃ	৮৯০	২.২০	১০০%	২.২০
১৩.	গ্রীল ফেন্সিং ও গার্ড ওয়াল ভাঙ্গার কাজ	মিঃ	৪৫০	৪.২৮	১০০%	৪.২৭
১৪.	ময়লা পরিস্কার	ঘঃমিঃ	২৬৫০	১৪.৮৯	১০০%	১৪.৮৯
	উপমোট			**৬১.৪১**		**৬১.৪১**
	প্যাভিলিয়ন ভবন নির্মাণ					
১৫.	পাইলসহ ফাউন্ডেশন (৪র্থ তলা)	বঃমিঃ	৬৭৯	১৩৮.২৪	১০০%	১৩৮.২৩
১৬.	১ম তলা	বঃমিঃ	৭০৮	১২৯.৩৩	১০০%	১২৯.৩২
১৭.	২য় তলা	বঃমিঃ	৪৫৭	৭৯.২২	১০০%	৭৯.২২
১৮.	৩য় তলা	বঃমিঃ	৪৫৭	৮০.৪০	১০০%	৮০.৪০
১৯.	৪র্থ তলা (হোস্টেল ভবন) ৩৮ জনের জন্য	বঃমিঃ	৪৫৭	৮১.৬১	১০০%	৮১.৬০
২০.	চিলাকোঠা	বঃমিঃ	১২১	২১.৯৩	১০০%	২১.৯৩
২১.	আভ্যন্তরী সেনেটারীসহ পানি সরবরাহ কাজ	বঃমিঃ	২০৭৯	২১.৭০	১০০%	২১.৭০
২২.	আভ্যন্তরী বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	২০৭৯	৩৭.২৬	১০০%	৩৭.২৬
২৩.	বৈদ্যুতিক সংযোগ	লট	১	৫.০০	১০০%	৫.০০
২৪.	ফার্নিচার (প্যাভিলিয়ন ও হোস্টেল ভবন) সরবরাহ	লট	১	২৮.৫০	১০০%	২৭.৫০
২৫.	ড্রেসিং রুম ২টির জন্য ২৪ টন, ভিআইপি রুম ৪ টন, প্রেসিডেন্ট বক্স ৩ টন এর জন্য এসি সরবরাহ	টন	৩১	২১.৪৭	১০০%	২১.১৫
২৬.	আভ্যন্তরী সৌন্দর্য বৃদ্ধিকরণ কাজ	বঃমিঃ	৪৬৭	৫৩.৭১	১০০%	৫৩.৭০
২৭.	সেপটিক ট্যাংক	সংখ্যা	২	৩.৬৬	১০০%	৩.৬৬
২৮.	ভিআইপি গ্যালারি/ সাধারণ গ্যালারীর জন্য চেয়ার সরবরাহ	সংখ্যা	৬০০	১৮.৬০	১০০%	১৮.৬০
	উপমোট			**৭২০.৬৩**		**৭১৯.২৬**
	নিরাপত্তা বেষ্টনী					
২৯.	গার্ড ওয়ালসহ সারফের ড্রেনের ফাউন্ডেশন	মিঃ	৪৮০	৫০.৪০	১০০%	৫০.৩৯
৩০.	মেটালিক গ্রীল ফেন্সিং	বঃমিঃ	১০৫১	৩৮.৩৬	১০০%	৩৮.৩৫
	উপমোট			**৮৮.৭৬**		**৮৮.৭৪**
৩১.	সীমানা প্রাচীর	মিঃ	৬৫৬	৫১.৬৮	১০০%	৫১.৬৭
৩২.	সীমানা প্রাচীরের উপর গ্রীল ফেন্সিং এর কাজ হলো বক্স দ্বারা	বঃমিঃ	৪৫০	১৪.৮৫	১০০%	১৪.৮৪
	উপমোট			**৬৬.৫৩**		**৬৬.৫১**

ক্রমিক নম্বর	অনুমোদিত আরডিপিপি অনযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	১২ ধাপ বিশিষ্ট সাধারণ গ্যালারি					
৩৩.	ফাউন্ডেশন	বঃমিঃ	৬৩৯২	৫৪৬.১৩	১০০%	৫৪৬.১১
৩৪.	সুপারস্ট্রাকচার	বঃমিঃ	৬০৫০	১১০৫.১৫	১০০%	১১০৫.১২
	উপমোট			**১৬৫১.২৮**		**১৬৫১.২৩**
	৩ তলা বিশিষ্ট মিডিয়া সেন্টার					
৩৫.	পাইলসহ ফাউন্ডেশন (৩ তলা)	বঃমিঃ	৪৩৭	৮২.৮৪	১০০%	৮২.৮৪
৩৬.	১ম তলা	বঃমিঃ	৪৩২	৭৮.৯১	১০০%	৭৮.৯০
৩৭.	২য় তলা	বঃমিঃ	৪৩২	৭৪.৮৮	১০০%	৭৪.৮৭
৩৮.	৩য় তলা	বঃমিঃ	৪৩২	৭৬.০১	১০০%	৭৬.০১
৩৯.	চিলাকোঠা	বঃমিঃ	৫২	৯.২৯	১০০%	৯.২৯
৪০.	আভ্যন্তরী সেনেটারীসহ পানি সরবরাহ কাজ	বঃমিঃ	১২৯৬	১৩.৫৩	১০০%	১৩.৫২
৪১.	আভ্যন্তরী বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	১২৯৬	২৩.২৩	১০০%	২৩.২২
৪২.	ফার্নিচার	লট	১	২৬.০৯	১০০%	২৬.০৮
৪৩.	এসি সরবরাহ	টন	১৮	১২.৪৬	১০০%	১২.৪৫
	উপমোট			**৩৯৭.২৪**		**৩৯৭.১৮**
৪৪.	গভীর নলকূপ স্থাপন	সংখ্যা	১	৪৫.০০	১০০%	৪৪.২৫
৪৫.	আরসিসি ওয়াক ওয়ে	বঃমিঃ	১২৫০	৩১.৪৯	১০০%	৩১.৪৮
৪৬.	আরসিসি সংযোগ সড়ক	বঃমিঃ	১৬২৫	৪০.৯৪	১০০%	৪০.৯৩
৪৭.	আভ্যন্তরী আরসিসি রাস্তাসহ কার পার্কিং	বঃমিঃ	৩৬৫০	৯১.৯৫	১০০%	৯১.৯৪
	উপমোট			**১৩২.৮৯**		**১৩১.৮৭**
৪৮.	৪ ফুট ব্যাসের রিং পাইপ দ্বারা মেইন ড্রেন নির্মাণ	মিঃ	১৯০	৩০.৭৫	১০০%	৩০.৭৩
৪৯.	পাবলিক টয়লেট ব্লক	সংখ্যা	১১	৫৫.০০	১০০%	৫৪.০০
	গ্যালারি উপর স্টিলের সেড নির্মাণ					
৫০.	প্রি-ফেব্রিকেট স্টিলের সেড নির্মাণ	বঃমিঃ	৩০৫৮	৩৮২.২৫	১০০%	৩৮২.২৪
৫১.	ট্রান্সক্লুসেন্ট মেমব্রেন/ ট্যাফলন	বঃফুট	৮৪০০	১৭৬.৪০	১০০%	১৭৬.৪০
	উপমোট			**৫৫৮.৬৫**		**৫৫৮.৬৪**
	গইট নির্মাণ					
৫২.	ফাউন্ডেশন মেইন গেইট নির্মাণ	সংখ্যা	১	২২.৩৭	১০০%	২২.৩৬
৫৩.	প্রবেশ গেইট (মিনি)	সংখ্যা	২	১৫.০০	১০০%	১৫.০০
	উপমোট			**৩৭.৩৭**		**৩৭.৩৬**
	গ্রাউন্ড সরঞ্জামাদি সরবরাহ					
৫৪.	নরমাল ঘাস কাটার মেশিন	সংখ্যা	২	৩.০০	১০০%	৩.০০
৫৫.	ঘাস কাটার মেশিন সরবরাহ (মেশিন চালিত)	সংখ্যা	১	৩৬.০০	১০০%	৩৬.০০
৫৬.	৮-১০ টন রোলার	সংখ্যা	১	২৫.০০	১০০%	২৫.০০
	উপমোট			**৬৪.০০**		**৬৪.০০**

ক্রমিক নম্বর	অনুমোদিত আরডিপিপি অনযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
৫৭.	পানি সংরক্ষণের জন্য আন্ডার গ্রাউন্ড ট্যাংক	গ্যালন	২০০০০	১৪.২০	১০০%	১৪.২০
৫৮.	নাম ফলকসহ বিভিন্ন রকমের সৌন্দর্য বৃদ্ধির কাজ	লট	১	৩৭.০০	১০০%	৩৭.০০
৫৯.	ব্যাডমিন্টন কোর্ট	বঃমিঃ	৮২.৫০	৫.৬৩	১০০%	৫.৬২
৬০.	বাস্কেটবল কোর্ট	বঃমিঃ	৪২০	২১.৫০	১০০%	২০.৭৫
	জিমন্যাসিয়াম উন্নয়নসহ সরঞ্জামাদি সরবরাহের কাজ					
	জিম সরঞ্জামাদি					
৬১.	এস্কারসাইজ ট্রেডমিল	সংখ্যা	১	৪.২৬	১০০%	৪.২৬
৬২.	মাল্টি জিম ১০ স্টেশন	সংখ্যা	১	৪.৫০	১০০%	৪.৫০
৬৩.	মাল্টি জিম ৫ স্টেশন	সংখ্যা	১	১.৮০	১০০%	১.৮০
৬৪.	কমার্শিয়াল রিকোমবেন্ট বাইক	সংখ্যা	১	২.৭০	১০০%	২.৭০
৬৫.	এস্কারসাইজ সাইকেল	সংখ্যা	১	১.২৪	১০০%	১.২৩
৬৬.	বক্সিং ব্যাগ	সংখ্যা	২	৩.৬০	১০০%	৩.৬০
৬৭.	লেগ প্রেস	সংখ্যা	১	১.৩২	১০০%	১.৩২
৬৮.	ওয়াল বার (১০ ধাপ)	সংখ্যা	২	১.০০	১০০%	১.০০
৬৯.	জিম বল	সংখ্যা	১০	০.২৫	১০০%	০.২৫
৭০.	জিমন্যাসিয়াম উন্নয়ন কাজ	সংখ্যা	১২১০	৯.৪৪	১০০%	৯.১৮
	উপমোট			**৩০.১১**		**২৯.৮৪**
	আউটার স্টেডিয়ামের মাঠ লেভেলিং এবং ড্রেসিং এর কাজ					
৭১.	খেলা মাঠে দোঁআশ মাটি সরবরাহ ও ছড়ানো	ঘঃমিঃ	১০৫০	৭.১৬	১০০%	৭.১৫
৭২.	মাঠে ঘাস লাগানো	বঃমিঃ	৮৫০০	৩.৪৯	১০০%	৩.৪৮
	উপমোট			**১০.৬৫**		**১০.৬৩**
	সাব স্টেশন স্থাপন কাজ					
৭৩.	৫০০ কেভিএ ট্রান্সফরমার	লট	১	৩০.০০	১০০%	২৯.০০
৭৪.	এলটি+এইচটি প্যানেল বোর্ড+পিএফআই	লট	১	২০.০০	১০০%	২০.০০
৭৫.	সাব স্টেশনের জন্য ভবন নির্মাণ	বঃমিঃ	৩০	৮.১০	১০০%	৮.১০
৭৬.	ক্যাবেল (এলটি+এইচটি ক্যাবেলসহ অন্যান্য কাজ)	লট	১	২০.০০	১০০%	২০.০০
৭৭.	মেইন সংযোগসহ পিডিবির ডিমান্ড নোট সংক্রান্ত খরচ	কিঃওঃ	৪০০	২৪.০০	১০০%	২৪.০০
	উপমোট			**১০২.১০**		**১০১.১০**
৭৮.	প্যাভিলিয়নসহ অন্যান্য ভবনের চারদিকে গাছলাগানোসহ সৌন্দয্য বৃদ্ধিকরণ কাজ	লট	১	৫.০০	১০০%	৪.৭৫
৭৯.	রান্নার রুমের জন্য ক্রোকারিজ সরঞ্জামাদি সরবরাহ	লট	১	২.৬৭	১০০%	২.৬৬
৮০.	ফিজিক্যাল কন্টিনজেন্সি	১	-			
	উপমোট			**৪৩২৪.৩৮**		**৪৩১৭.৭১**

ক্রমিক নম্বর	অনুমোদিত আরডিপিপি অনযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	সর্বমোট			**৪৩৯৬.০০**		**৪৩৮৩.৪৮**

১১.০ **<u>কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ</u>** পিসিআর অনুযায়ী প্রকল্পের কোন অংগের কাজ অসমাপ্ত নেই। মাঠ পর্যায়ে পরিদর্শনান্তে দেখা যায় যে, প্রকল্পের সংস্থান থাকলেও চিলাকোঠা নির্মাণ করা হয়নি যদিও এ অংগের সমুদয় (৯.২৯ লক্ষ টাকা) অর্থ ব্যয় করা হয়েছে।

১২.০ **<u>প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ</u>**

মূল প্রকল্পটি মোট ৩৮২৩.৫০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৮/০৬/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে বাস্তবতার নিরিখে প্রকল্পের নতুন কার্যক্রম বৃদ্ধির কারণে প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করে সংশোধন করা হয়। এছাড়া, প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করে ৪৩৯৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ০৭ এপ্রিল ২০১৯ তারিখে অনুমোদিত হয়।

১৩.০ **<u>বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ</u>**

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	আরডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়
		মোট		মোট
২০১৭-২০১৮	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০
২০১৮-২০১৯	২৮২৩.০০	৩০০১.০০	৩০০০.৯৮	৩০০০.৯৮
২০১৯-২০২০	৫৭৩.০০	৩৯৫.০০	৩৯৪.৬২	৩৮২.৫০
মোটঃ	**৪৩৯৬.০০**	**৪৩৯৬.০০**	**৪৩৯৫.৬০**	**৪৩৮৩.৪৮**

১৪.০ ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

ক্র নং	প্যাকেজের নাম্বার ও বর্ণনা	ডিপিপি/ আরডিপিপি'র সংস্থান	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
১.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকীম স্টেডিয়ামে সাধারণ গ্যালারি নির্মাণ এবং গ্যালারীর উপর ট্রান্সলুসেন্ট মেমব্রেন সেড/ষ্টীল সেড নির্মাণ কাজ।	মূল-১০৫৯.৩৭ সংশোধিত-১১২৬.৩৮	মূল-১০৪৩.২৯ সংশোধিত-১১২৬.০৮	ই-জিপি ওটিএম (এনসিটি)	৩১/১২/১৭	১৫/০৫/১৮	৩০/০৬/১৯	১৬/০৫/১৯
২.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল	মূল-৭৬১.৯১ সংশোধিত-	মূল-৬৮৫.৫৪ সংশোধিত-৬৯৪.৫১	ই-জিপি ওটিএম (এনসিটি)	৩১/১২/১৭	১৩/০৫/১৮	৩০/০৬/১৯	১৬/০৬/১৯

ক্র নং	প্যাকেজের নাম্বার ও বর্ণনা	ডিপিপি/ আরডিপি পি'র সংস্থান	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
	হাকীম স্টেডিয়ামে সাধারণ গ্যালারি এবং টয়লেট ব্লক নির্মাণ কাজ।	৬৯৪.৭০						
৩.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকীম স্টেডিয়ামে ৪ তলা বিশিষ্ট প্যাভিলিয়ন ভবন নির্মাণ	মূল-৬৫৫.০৬ সংশোধিত -৬৭৩.৫৩	মূল-৫৮৯.৩৬ সংশোধিত -৬৭৩.৫৩	ই-জিপি ওটিএম (এনসিটি)	৩১/১২/১৭	১৫/০৫/১৮	৩০/০৬/১৯	৩১/১২/১৯
৪.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকীম স্টেডিয়ামে ভূমি ও খেলার মাঠ উন্নয়ন, প্যালাসাইডিং, বিদ্যমান প্যাভিলিয়ন ভবন, গ্যালারি, গার্ড ওয়াল অপসারণ, আসিসি সীমানা প্রাচীর, আরসিসি ড্রেন, গার্ড ওয়ালসহ গ্রীল ফেন্সিং নির্মাণ কাজ।	মূল-৩৭১.৪৪ সংশোধিত -৩৭১.২২	মূল-৩৩৪.১৫ সংশোধিত -৩৭১.১৪	ই-জিপি ওটিএম (এনসিটি)	৩১/১২/১৭	১৪/০৫/১৮	৩০/০৬/১৯	২৯/০৬/২০
৫.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকীম স্টেডিয়ামে মিডিয়া সেন্টার নির্মাণ এবং গভীর নলকূপ সরবরাহ ও স্থাপন কাজসহ আন্ডার গ্রাউন্ড ট্যাংক নির্মাণ কাজ।	মূল-৩৩৪.৬৫ সংশোধিত -৩৪৩.৪০	মূল-৩০০.৯৪ সংশোধিত -৩৪৩.১৮	ই-জিপি ওটিএম (এনসিটি)	৩১/১২/১৭	১৫/০৫/১৮	৩০/০৬/১৯	৩১/১২/১৯
৬.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকীম স্টেডিয়ামে সংযোগ সড়ক, আভ্যন্তরী রাস্তা, ওয়াক-ওয়ে, মেইন গেটসহ বাস্কেটবল কোর্ট, ব্যাডমিন্টন কোর্ট নির্মাণ এবং বিদ্যমান জিমন্যাসিয়ামের সংস্কার ও উন্নয়ন কাজ।	মূল-২৫১.২৭ সংশোধিত -২৫৭.৭৩	মূল-২২৫.৬০ সংশোধিত -২৫৭.৭২	ই-জিপি ওটিএম (এনসিটি)	৩১/১২/১৭	১৫/০৫/১৮	৩০/০৬/১৯	৩১/১২/১৯
৭.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের অধীনে প্যাভিলিয়ন ভবন, মিডিয়া সেন্টার, হোস্টেল ভবনে আসবাবপত্র, রান্নার সরঞ্জামাদি, জিম সরঞ্জামাদি সরবরাহ এবং ৫০০ কেভিএ সাব-স্টেশন সরবরাহ ও স্থাপন কাজসহ সৌন্দর্য্য	২৯১.২৭	মূল-২৯০.২৮	ই-জিপি ওটিএম (এনসিটি)	০১/১১/১৮	১৮/১২/১৮	১৭/০৬/১৯	২৯/০৬/২০

ক্র নং	প্যাকেজের নাম্বার ও বর্ণনা	ডিপিপি/ আরডিপিপি'র সংস্থান	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
	বৃদ্ধির কাজ।							
৮.	"বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আব্দুল হাকিম স্টেডিয়াম কমপ্লেক্স, জামালপুর এর উন্নয়ন", শীর্ষক প্রকল্পের গ্যালারি, ষ্টীল সেড, টয়লেট ব্লক, মিডিয়া সেন্টারসহ অন্যান্য কাজ।	৫৬১.৭০	মূল-৫৬০.২১	ই-জিপি ওটিএম (এনসিটি)	১১/১০/১৯	০৯/০১/২০	৩০/০৬/২০	২৯/০৬/২০

১৫.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নং	প্রকল্প পরিচালকের নাম ও ফোন নম্বর	যোগদানের তারিখ	দায়িত্বের শেষ তারিখ
০১	জনাব মু: শুকুর আলী পরিচালক (পিএন্ডডি)	০৯.০৮.২০১৭	১৮.১২.২০১৮
০২	জনাব মো: রেজাউল করিম পরিচালক (পিএন্ডডি)	১৮.১২.২০১৮	০৮.০৪.২০১৯
০৩	জনাব মো: শাহ আলম সরদার পরিচালক (পিএন্ডডি)	০৮.০৪.২০১৯	৩০.০৬.২০২০

১৬.০ প্রকল্প পরিদর্শনঃ

আইএমইডি কর্তৃক ১০.০৬.২০২২ তারিখে জামালপুর জেলায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জাতীয় ক্রীড়া পরিষদের কর্মকর্তা ও জামালপুর জেলা ক্রড়িা সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্য নিম্নে তুলে ধরা হলঃ

প্যাভিলিয়ন ভবন নির্মাণ, আভ্যন্তরীণ সেনেটারীসহ পানি সরবরাহের কাজ, আভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ, ড্রেসিং রুম নির্মাণ কাজ, ভিআইপি রুম ৪টন এসি স্থাপন কাজ, প্রেসিডেন্ট বক্স ৩টন এর জন্য এসি স্থাপন কাজ, আভ্যন্তরীণ সৌন্দর্য বৃদ্ধিকরণ কাজ (মিডিয়া ভবন সহ), সেপটিক ট্যাংক স্থাপন, ভিআইপি গ্যালারি/সাধারণ গ্যালারির জন্য চেয়ার সরবরাহ ও স্থাপন কাজ, নিরাপত্তা বেষ্টনি, গার্ড ওয়ালসহ সারফেস ড্রেনের ফাউন্ডেশন কাজ, মেটালিক গ্রীল ফেন্সিং, সীমানা প্রাচীর নির্মাণ, সীমানা প্রাচীরের উপর গ্রীল ফেন্সিং এর কাজ, ১২ধাপ বিশিষ্ট সাধারণ গ্যালারি নির্মাণ, ৩ তলা বিশিষ্ট মিডিয়া সেন্টার, গভীর নলকূপ স্থাপন, আরসিসি ওয়াকওয়ে, ৪ফুট ব্যাসের রিং পাইপ দ্বারা মেইন ড্রেন নির্মাণ, পাবলিক টয়লেট ব্লক নির্মাণ (পুরুষ ও মহিলা), গ্যালারির উপর স্টিলের শেড নির্মাণ, গেইট নির্মাণ, ফাউন্ডেশনসহ মেইন গেইট নির্মাণ, প্রবশে গেইট (মিনি) নির্মাণ, গ্রাউন্ড সরঞ্জামাদি সরবরাহ, পানি সংরক্ষণের জন্য আন্ডার গ্রাউন্ড ট্যাংক, নাম ফলকসহ বিভিন্ন রকমের সৌন্দর্য বৃদ্ধির কাজ, ব্যাডমিন্টন কোর্ট, বাস্কেটবল কোর্ট, জিমন্যাসিয়াম উন্নয়নসহ সরঞ্জামাদি সরবরাহের কাজ, আউটার স্টেডিয়ামের মাঠ লেভেলিং এবং ড্রেসিং এর কাজ, সাব-স্টেশন স্থাপন, প্যাভিলিয়নসহ অন্যান্য ভবনের চারদিকে গাছলাগানোসহ সৌন্দর্য বৃদ্ধিকরণ কাজ পরিদর্শন করা হয়েছে।

উক্ত কার্যক্রম সরেজমিন পরিদর্শনান্তে দেখা যায় যে, প্যাভিলিয়ন ভবনের ভিআইপি রুমসংলগ্ন গ্লাসওয়াল ভেঙ্গে ফাঁকা অবস্থায় রয়েছে যার দরুন যে কোন সময় অনাকাংখিত দুর্ঘটনা ঘটতে পারে। এছাড়া, জিমন্যাসিয়াম রুম খুবই ছোট এবং তাতে অনেকগুলো সরঞ্জামাদি রাখার ফলে ফ্রী মুভমেন্টের সুযোগ সীমিত হওয়ার পাশাপাশি সাফোকেশন হওয়ার সম্ভাবনা রয়েছে। দুটি গ্যালারির অর্ধাংশ মেমব্রেন শীট দিয়ে ছাউনী দেয়া হয়েছে। ফলে, একই গ্যালারিতে সমমূল্যের টিকিট কেটে দর্শকদের সমসুবিধা নিশ্চিত করতে উক্ত গ্যালারি দুটি'র পুরো অংশে মেমব্রেন শীটের ছাউনী দেয়া প্রয়োজন। স্টেডিয়ামের মাঠে ইঁদুরের গর্ত ও কাশফুলের গাছ পরিলক্ষিত হয় যেগুলোর সত্বর অপসারণ প্রয়োজন অন্যথায় মাঠটি খেলার অনুপযোগী হয়ে পড়বে। প্রকল্পের আওতায় ৯.০০ লক্ষ টাকা ব্যয়ে চিলেকোঠা নির্মাণের সংস্থান থাকলিও তা করা হয়নি। তবে, এ খাতের সমুদয় অর্থ ব্যয় করা হয়েছে। এছাড়া, উক্ত পরিদর্শনকালীন উপস্থিত জাতীয়

ক্রীড়া পরিষদের কর্মকর্তা ও জামালপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্যদের সাথে মতবিনিময়কালে জানা যায় যে, এ প্রকল্পের আওতায় খেলোয়াড়দের জন্য ডিপিপি'র সংস্থান মোতাবেক যাবতীয় সুবিধাদির উন্নয়ন করা হলেও অদ্যাবধি জাতীয়/আন্তর্জাতিক কোন টুর্নামেন্টের আয়োজন করা সম্ভব হয়নি। প্রকল্পটি ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০ অর্থাৎ তিন বছর মেয়াদে বাস্তবায়িত হলেও ১ম অর্থবছর (২০১৭-১৮) ও শেষ অর্থবছরে (২০১৯-২০) প্রকল্প কার্যক্রমের কোন অডিট হয়নি। তবে, ২০১৮-২০১৯ আর্থিক সালের মঞ্জুরি ও বরাদ্দভিত্তিক হিসাব নীরিক্ষা গত ২৬/১২/২০১৯ খ্রি হতে ০১/০১/২০২০ খ্রি: সময়ে সম্পন্ন করা হলেও অডিট পর্যবেক্ষণ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন অদ্যাবধি দাখিল করা হয়নি।

১৭.০ প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র: সংযুক্তি-১ এ উপস্থাপন করা হয়েছে।

১৮.০ <u>প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ</u>

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন উপযোগী করার লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়াম কমপ্লেক্স উন্নয়ন।	এ প্রকল্পের আওতায় খেলোয়াড়দের জন্য ডিপিপি'র সংস্থান মোতাবেক যাবতীয় সুবিধাদির উন্নয়ন করা হলেও অদ্যাবধি জাতীয়/আন্তর্জাতিক কোন টুর্নামেন্টের আয়োজন করা সম্ভব হয়নি।

১৯.০ <u>প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণঃ</u>

১৯.১ প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৯৯.৭১% ও ৯৯.৯৭%।

১৯.২ প্রকল্প দলিল মোতাবেক প্রকল্প শেষে অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা ব্যবস্থার দায়িত্ব সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থাকে ন্যাস্ত করা হলেও এ সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংস্থান জেলা ক্রীড়া সংস্থার সীমতি আয় হতে সম্ভব নয় মর্মে অবহিত করা হয়।

১৯.৩ প্রকল্পের অধীনে নির্মিত অত্যাধুনিক মিডিয়া সেন্টারসহ অন্যান্য স্থাপনাগুলো নিয়মিতভাবে বিভিন্ন ক্রীড়ানুষ্ঠানের জন্য ব্যবহৃত না হলে উপযুক্ত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের অভাবে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ার আশংকা রয়েছে।

১৯.৪ প্যাভিলিয়ন ভবনের ভিআইপি রুমসংলগ্ন গ্লাসওয়াল ভেঙ্গে ফাঁকা অবস্থায় রয়েছে যার দরুন যে কোন সময় অনাকাংখিত দুর্ঘটনা ঘটতে পারে। এছাড়া, জিমন্যাসিয়াম রুম খুবই ছোট এবং তাতে অনেকগুলো সরঞ্জামাদি রাখার ফলে ফ্রী মুভমেন্টের সুযোগ সীমিত হওয়ার পাশাপাশি সাফোকেশন হওয়ার সম্ভাবনা রয়েছে।

১৯.৪ স্টেডিয়ামটির দুটি গ্যালারির অর্ধাংশ মেমব্রেন শীট দিয়ে ছাউনী দেয়া হয়েছে। ফলে, একই গ্যালারিতে সমমূল্যের টিকিট কেটে দর্শকদের সমসুবিধা নিশ্চিত করতে উক্ত গ্যালারি দুটি'র পুরো অংশে মেমব্রেন শীটের ছাউনী দেয়া প্রয়োজন। এছাড়া, স্টেডিয়ামের মাঠে ইঁদুরের গর্ত ও কাশফুলের গাছ পরিলক্ষিত হয় যেগুলোর সত্বর অপসারণ প্রয়োজন অন্যথায় মাঠটি খেলার অনুপযোগী হয়ে পড়বে।

১৯.৫ প্রকল্পটি ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০ অর্থাৎ তিন বছর মেয়াদে বাস্তবায়িত হলেও ১ম অর্থবছর (২০১৭-১৮) ও শেষ অর্থবছরে (২০১৯-২০) প্রকল্প কার্যক্রমের কোন অডিট হয়নি। তবে, ২০১৮-২০১৯ আর্থিক সালের মঞ্জুরি ও বরাদ্দভিত্তিক হিসাব নীরিক্ষা গত ২৬/১২/২০১৯ খ্রি হতে ০১/০১/২০২০ খ্রি: সময়ে সম্পন্ন করা হলেও অডিট পর্যবেক্ষণ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন অদ্যাবধি দাখিল করা হয়নি।

২০.০ <u>সুপারিশ/দিক-নির্দেশনাঃ</u>

২০.১ প্রকল্প দলিল মোতাবেক প্রকল্প শেষে অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা ব্যবস্থার দায়িত্ব সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থাকে ন্যাস্ত করা হলেও এ সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংস্থান জেলা ক্রীড়া সংস্থার সীমিত আয় হতে সম্ভব নয় বিধায় স্টেডিয়াম ও সংলগ্ন ইনডোর স্টেডিয়ামের রক্ষণাবেক্ষণ ও আনুষাংগিক ব্যয় বহনের বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, স্থানীয় প্রশাসন-কে সম্মিলিতভাবে উদ্যোগ গ্রহণ করতে হবে। অন্যথায় নির্মিত অবকাঠামো বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে।

২০.২ প্রকল্পের অধীনে নির্মিত অত্যাধুনিক মিডিয়া সেন্টারসহ অন্যান্য স্থাপনাগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিকল্পে নিয়মিতভাবে বিভিন্ন ক্রীড়ানুষ্ঠান আয়োজন করতে হবে। এছাড়া, স্থাপনাগুলোর উপযুক্ত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

২০.৩ প্যাভিলিয়ন ভবনের ভিআইপি রুমসংলগ্ন ভেঙ্গে যাওয়া গ্লাসওয়াল জরুরীভিত্তিতে মেরামত করাসহ একই গ্যালারীতে সমমূল্যের টিকিটধারী দর্শকদের সমসুবিধা নিশ্চিত করতে উক্ত গ্যালারী পুরো অংশে মেমব্রেন শীটের ছাউনী দেয়া প্রয়োজন। এছাড়া, স্টেডিয়ামের মাঠে ইঁদুরের গর্ত ও কাশফুলের গাছ সত্বর অপসারণ করা প্রয়োজন অন্যথায় মাঠটি খেলার অনুপযোগী হয়ে পড়বে।

২০.৪ প্রকল্পটি ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২০ অর্থাৎ তিন বছর মেয়াদে বাস্তবায়িত হলেও ১ম অর্থবছর (২০১৭-১৮) ও শেষ অর্থবছরে (২০১৯-২০) প্রকল্প কার্যক্রমের কোন অডিট সম্পন্ন না হওয়ার বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ব্যাখ্যা প্রদান করবেন। এছাড়া, গত ২৬/১২/২০১৯ খ্রি হতে ০১/০১/২০২০ খ্রি: সময়ে সম্পন্নকৃত প্রকল্পের ২০১৮-২০১৯ আর্থিক সালের মঞ্জুরি ও বরাদ্দভিত্তিক হিসাব নীরিক্ষা সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন সংগ্রহপুর্বক উত্থাপিত আপত্তি (যদি থাকে) নিস্পত্তি করে আইএমই বিভাগ- কে অবহিত করতে হবে।

২০.৫ উপরে উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ২৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

শেরপুর শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি স্টেডিয়াম উন্নয়ন এবং ইনডোর স্টেডিয়াম নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

(ছ) ইনডোর স্টেডিয়ামটি জাতীয় সম্পদ তাই এর যথাযথ রক্ষণাবেক্ষণ আবশ্যক। পরিদর্শনে দেখা যায় ইনডোর স্টেডিয়ামটির অভ্যন্তরে প্রচুর ধুলো ময়লা জমে আছে বিশেষ করে গ্যালারী যা বসার অনুপযোগী। রক্ষণাবেক্ষণ বিষয়ে জানতে চাইলে জেলা ক্রীড়া পরিষদের সভাপতি জানান, ইনডোর স্টেডিয়াম এবং ডরমেটরি ভবন রক্ষণাবেক্ষণের জন্য মাত্র একজন লোক আছে এবং যার বেতন ভাতা প্রতিমাসে তারা পরিশোধ করতে পারেন না। এছাড়া তিনি আরোও জানান যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের জন্য পর্যাপ্ত বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত হয়না। নির্মিত অবকাঠামোর পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে খুব অল্প পরিমাণে বাৎসরিক বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা দিয়ে প্রয়োজনীয় সংস্কার ও মেরামত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয় না।

৯. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

ক্রঃনং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন	ঘাটতির কারণ, যদি থাকে
১.	নেত্রকোনা জেলায় খেলাধুলার মান উন্নয়নের লক্ষ্যে ইনডোর স্টেডিয়াম, খেলোয়াড়দের জন্য ডরমেটরি ভবন নির্মাণ এবং বিদ্যমান টেনিস কমপ্লেক্সের উন্নয়ন।	এই প্রকল্পের আওতায় ইতিমধ্যেই খেলোয়াড়দের জন্য ক্রীড়া সুবিধা তৈরি করা হয়েছে। প্রকল্পের উন্নয়ন কাঠামো স্থানীয় ক্রীড়া কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে কিন্তু কোভিড-১৯ এর কারণে কাঠামোগত ব্যবহার সীমিত আছে।	সারা বিশ্বে মহামারী পরিস্থিতির কারণে।

১০. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে উহার কারণঃ

যে উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা যথাযথভাবে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১১. পর্যবেক্ষণ ও বাস্তবায়ন সমস্যাঃ

১১.১ প্রকল্পের আওতায় মোট ৮৭.১২ লক্ষ টাকা ব্যয়ে ক্রয়কৃত ফার্নিচারগুলো সঠিকভাবে মাকিং করে রক্ষনাবেক্ষণ করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। এতে ফার্নিচারগুলোর হারিয়ে যাওয়া এবং মার্কিং না থাকার কারণে যথাযথস্থানে ব্যবহৃত না হওয়ার সম্ভাবনা রয়েছে। ক্রয়কৃত ফার্নিচারগুলোর যথাযথ হিসাব সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য ইনভেনটরি মার্কিং করার প্রয়োজনীয়তা রয়েছে।

১১.২ ইনডোর স্টেডিয়াম ও খেলোয়াড়দের জন্য নির্মীত ডরমেটরি ভবনের নিরাপত্তার জন্য প্রতিটিতে সীমানা প্রাচীর নির্মাণ এবং এর উপর গ্রীল ফেন্সিং নির্মাণের (২৩০.০০ বঃমিঃ ও ৪৮৮.০০ বঃমিঃ) লক্ষ্যে আডিপিপি'তে সংস্থান ছিল (১০.২৮+২১.৮১) ৩২.০৫ লক্ষ টাকা। পরিদর্শনে দেখা যায় ইনডোর স্টেডিয়াম ও ডরমেটরি ভবন দুটিতে একসাথে সীমানা প্রাচীর নির্মাণ করা হলেও গ্রীল ফেন্সিং করা হয়নি অথচ পিসিআর এ ব্যয় দেখানো হয়েছে (১০.২৫+২১.৮০) ৩২.০৫ লক্ষ টাকা। ফলে এটি অনুমোদিত আরডিপিপি সংস্থানের একটি ব্যত্যয় হিসেবে পরিলক্ষিত হয়েছে যা সমীচীন নয়।

১১.৩ অনুমোদিত আরডিপিপি'তে ইনডোর স্টেডিয়াম ও ডরমেটরি ভবনের জন্য ১টি করে মোট ২টি সাব-মার্সিবল পানির পাম্পের সংস্থান রাখা হয়। পরিদর্শনের সময় ডরমেটরি ভবনের পানির পাম্পটি নষ্ট অবস্থায় পাওয়া যায়। ফলে,

ইনডোর স্টেডিয়ামের চালু ১টি পাম্প দিয়েই দুটি পৃথক ভবনের পানির চাহিদা মেটানো হচ্ছে মর্মে পরিদর্শনে অবহিত করা হয়।

১১.৪ প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্নের তথ্য পিসিআরে সংয়োজন করা হয়নি যা পিসিআর এর একটি আবশ্যিক অঙ্গ।

১২. পরিদর্শনের স্থির চিত্র:

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র-১: পুরাতন টেনিস কোর্টের উন্নয়ন</td><td>চিত্র-২: জিমন্যেশিয়াম</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র-৩: ধুলো ময়লা জমা গ্যালারী</td><td>চিত্র-৪: ময়লা ম্যাট</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র-৫: ক্ষতিগ্রস্ত ফাইবার টিনের সেড</td><td>চিত্র-৬: ইনডোর স্টেডিয়ামের অভ্যন্তর</td></tr>
</table>

১৩. <u>মতামত/সুপারিশঃ</u>

১৩.১ প্রকল্পের আওতায় আরপিপি অনুযায়ী সীমানা প্রচীরের উপর গ্রীল ফেন্সিং কেন করা হয়নি তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আইএমইডি'কে অবহিত করবে;

১৩.২ প্রকল্পের আওতায় নির্মীত অবকাঠামসমূহ সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে বাৎসরিক

বরাদ্দ প্রদান করার পাশাপাশি অবকাঠামসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৩.৩ প্রকল্পের ক্রয়কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগীর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কি-এর উদ্যোগ গ্রহণ করতে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

১৩.৪ ইনডোর স্টেডিয়ামের ২টি ইনডোর ফ্লাড লাইট এবং ডরমিটরি ভবনের নষ্ট পানির পাম্পটি অতিদ্রুত প্রতিস্থাপন করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৩.৫ ভবিষ্যতে প্রকল্পের পিসিআর এ সঠিক তথ্য অন্তর্ভুক্তির বিষয়ে বাস্তবায়নকারী সংস্থাকে আরও বেশী যত্নবান হতে হবে;

১৩.৬ ভবিষ্যতে স্টীল স্ট্রাকচারের অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে;

১৩.৭ প্রকল্পের উত্থাপিত অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির লক্ষ্যে চলমান প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করে আইএমইডি'কে অবহিত করতে হবে;

১৩.৮ উপরোল্লিখিত সুপারিশসমূহের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

সিলেট বিভাগীয় ক্রিকেট কমপ্লেক্সের আউটার স্টেডিয়ামের উন্নয়ন এবং মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়াম উন্নয়নসহ জাতির পিতার মুর‍্যাল স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০২০)

১.	প্রকল্পের নাম	:	"সিলেট বিভাগীয় ক্রিকেট কমপ্লেক্সের আউটার স্টেডিয়ামের উন্নয়ন এবং মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়াম উন্নয়নসহ জাতির পিতার মুর‍্যাল স্থাপন (১ম সংশোধিত)"
২.	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩.	**বাস্তবায়নকারী সংস্থা**	:	জাতীয় ক্রীড়া পরিষদ
৪.	**প্রকল্পের অবস্থান**	:	সিলেট সদর ও মাগুরা সদর
৫.	**প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়**	:	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	প্রকল্পের বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলনের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
৩৬০১.৪১	৩৮৬৮.০০	৩৮৬০.৩১	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০১৯	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	৭.১৯%	৬৬.৬৭%

৬. সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ <u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>

- সিলেট ও মাগুরা জেলা সদরে পুরুষ ও মহিলা খেলোয়ারদের জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধা তৈরি ও উন্নয়ন।

৬.২ <u>প্রকল্প গ্রহণের পটভূমিঃ</u>

যে কোন দেশের তরুণ সমাজ ও জনগণের শারীরিক, মানসিক এবং নৈতিক উৎকর্ষতা শরীর চর্চা ও খেলাধুলার মাধ্যমে অর্জন করা সম্ভব। জাতীয় জীবনে শৃঙ্খলা, সুস্বাস্থ্য, নেতৃত্ব ও চরিত্র গঠনে খেলাধুলার অবদান অপরিসীম। বিশেষ করে দেশের তরুণ ও যুব সমাজকে ক্রীড়া কার্যক্রমে আগ্রহী করে প্রাণ চাঞ্চাল্য ও চিত্ত-বিনোদনের সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদের পারস্পরিক সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ সৃষ্টিতেও খেলাধুলার ভূমিকা অনস্বীকার্য। আন্তর্জাতিক সম্পর্ক উন্নয়নে খেলাধুলা যুগযুগ ধরে একটি বিশেষ ভূমিকা পালন করে আসছে। আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগীতায় বিভিন্ন দেশ হতে আগত খেলোয়াড়দের মেলামেশার মাধ্যমে একে অন্যের সান্নিধ্যে আসার সুযোগ পায়। বিশ্ব অলিম্পিক, এশিয়ান গেমস, বিশ্বকাপ এরমত ক্রীড়া প্রতিযোগীতার আসরে বিভিন্ন দেশের ক্রীড়াবিদগণ নিজ নিজ দেশের জন্য সম্মান, সুনাম ও গৌরব অর্জন করে। খেলাধুলার উন্নয়নের ক্রীড়া অবকাঠামো ও ক্রীড়া সুবিধাবলী থাকা অপরিহার্য। সেলক্ষ্যে, সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্বেও সরকার দেশে খেলাধুলার সুবিধা সৃষ্টি, সম্প্রসারণ ও

উন্নয়নে আলোচ্য প্রকল্পটি **৩৬০১.৪১** লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি,২০১৮ হতে জুন, ২০**১৯** মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

মূল প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৩৬০১.৪১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৫/০৫/২০১৮তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পেটির বাস্তবায়নের জন্য প্রকল্পের অঙ্গের হ্রাস বৃদ্ধির কারণে প্রকল্পটি ২০/০৫/২০২০ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ৩৮৬৮.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদ জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০ বৃদ্ধি করে প্রকল্পটি ১ম বার সংশোধন করা হয়।

৬.৪ প্রকল্পের মূলকার্য ক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ঃ

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	দায়িত্বের মেয়াদকাল	
			আরম্ভ	সমাপ্তি
১.	জনাব মু: শুকুরআলী, পরিচালক (প্রশাসন ও অর্থ)	অতিরিক্ত দায়িত্বে	০৯/০৮/২০১৭	১৮/১২/২০১৮
২.	জনাব মোঃ রেজাউল করিম, পরিচালক (প্রশাসন ও অর্থ)	অতিরিক্ত দায়িত্বে	১৮/১২/২০১৮	০৮/০৪/২০১৯
৩.	জনাব মোঃ শাহ আলম সর্দার, পরিচালক (প্রশাসন ও অর্থ)	অতিরিক্ত দায়িত্বে	০৮/০৪/২০১৯	০১/১২/২০২০

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় প্রাক্কলন ৩৮৬৮.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ৩৮৬০.৩১ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ৯৯% এবং বাস্তব কাজ ১০০% সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.৭ বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ এবং এর বিপরীতে ব্যয়ের হিসাবঃ

(লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			অর্থছাড়	ব্যয়			বাস্তব অগ্রগতি (%)
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৭-২০১৮	-	-	-	-	-	-	-	
২০১৮-২০১৯	২০০০.০০	২০০০.০০	-	২০০০.০০	২০০০.০০	২০০০.০০	-	৫২%
২০১৯-২০২০	১৮৬৮.০০	১৮৬৮.০০	-	১৮৬৭.০৩	১৮৬০.৩১	১৮৬০.৩১	-	৪৮%
মোটঃ	৩৮৬৮.০০	৩৮৬৮.০০	-	৩৮৬৭.০৩	৩৮৬০.৩১	৩৮৬০.৩১	-	১০০%

- অব্যয়িত অর্থ ৬.৭২ লক্ষ টাকা এবং ব্যাংক সুদ ২১.৯১ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (চালানের কপি সংযুক্ত)।

৬.৮ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

ক্রঃনং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			পরিমাণ	টাকা	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	ক) সিলেট বিভাগীয় ক্রিকেট কমপ্লেক্সের আউটার স্টেডিয়াম স্পোর্টস ফ্যাসিলিটিস উন্নয়ন	বঃমিঃ				
১	৪তলা ভিত্তিসহ ৩তলা প্যাভিলিয়ন ভবন এবং ভিআইপি গ্যালারী নির্মাণ (১২০ ফুট × ৬০ ফুট) সং ২০০ ফুট × ৩১ ফুট এবং ৬২ ফুট × ৩৩ ফুট	বঃমিঃ				
	ক) ফাউন্টেশন (৪ তলা) ড্রেসিং রুম (২টি)	বঃমিঃ	৬৭২	১৩৬.৮২	১৩৬.৮১	১০০%
	খ) ১ম তলা (২১৮ ফুট × ৩১ ফুট)	বঃমিঃ	৬৭২	১২২.৭৫	১২২.৭৫	১০০%
	গ) ২য় তলা	বঃমিঃ	৬২৮	১০৮.৮৬	১০৮.৮৬	১০০%
	ঘ) ৩য় তলা	বঃমিঃ	৬২৮	১১০.৪৯	১১০.৪৯	১০০%
	ঙ) চিলাকোঠা	বঃমিঃ	১০৮	১৯.২৯	১৯.২৯	১০০%
	চ) সেনেটারী কাজ (ডরমিটরিসহ)	বঃমিঃ	২০২৩	২৩.৫৭	২৩.৫৭	১০০%
	ছ) বৈদ্যুতিক কাজ (ডরমিটরিসহ)	বঃমিঃ	২০২৩	৩৩.৪৪	৩৩.৪৪	১০০%
	জ) আভ্যন্তরীন সৌন্দর্য্য বৃদ্ধি	বঃমিঃ	৭১০	৪০.১২	৪০.১২	১০০%
	ঝ) এসি সরবরাহ (নতুন ড্রেসিং রুম ও ডরমিটরির জন্য)	টন	৫৬	৩৪.২১	৩৪.২০	১০০%
	ঞ) ফার্নিচার সরবরাহ	লট	১	২১.২৮	২১.২৭	১০০%
	উপ-মোট=			৬৫০.৮২	৬৫০.৮০	
২	ড্রেনেজ সিস্টেম এবং খেলার মাঠ উন্নয়ন					
	i) খেলার মাঠ উন্নয়ন					
	i)-ক) দোঁয়াশ মাটি এবং ছড়ানো	ঘঃমিঃ	৪০৮২	২৭.৮৪	২৭.৮৩	১০০%
	i)-খ) খাস স্থাপন	বঃমিঃ	২১৫০০	৮.৮২	৮.৮২	১০০%
	মোট (i)=			৩৬.৬৫	৩৬.৬৫	
	ii) ড্রেনেজ সিস্টেম					
	ক) পূর্ত কাজসহ স্প্রিংলার সিস্টেমের ড্রেনেজ কাজ	বঃমিঃ	২১৫০০	৩৬৫.৫০	৩৬৫.৪৮	১০০%
	খ) স্প্রিংলারের গান পয়েন্ট	সেট	৬	৬০.০০	৬০.০০	১০০%
	উপ-মোট=			৪২৫.৫০	৪২৫.৪৮	
৩	২০০ ফুট সাধারণ গ্যালারী নির্মাণ (১১ ধাপ বিশিষ্ট					
	ক) ফাউন্ডেশন	বঃমিঃ	১৮	১.৫৪	১.৫৩	১০০%
	খ) সুপার স্ট্রাকচার	সেট	১৮	২.৭২	২.৭২	১০০%
	উপ-মোট=			৪.২৬	৪.২৫	
৪	আভ্যন্তরীন ড্রেন এবং বাহিরের সংযোগ ড্রেন নির্মাণ					
	ক) আভ্যন্তরীন ড্রেন সাথে গাইড ওয়াল নির্মাণ	মিঃ	৬১০	৫১.৮৫	৫১.৮৪	১০০%
	খ) আরসিসি কভারসহ মেইন ড্রেন নির্মাণ	মিঃ	২৯৫	৪১.৩	৪১.২৯	১০০%
	উপ-মোট=			৯৩.১৫	৯৩.১৩	

ক্রঃনং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			পরিমাণ	টাকা	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
৫	গ্রীন গ্যালারী, রিটেইনিং ওয়াল এবং মাটি সেপিং (৫০০ ফুট ×৭৫ফুট) সং (৪৬০ ফুট ×৩৮ ফুট) এবং (৫১৩ ফুট ×১৯ফুট/২৫ ফুট), (৭৫ ফুট×৩৪ফুট)	বঃমিঃ	৪৭৩৫	৬৯৯.৮৩	৬৯৯.৮২	১০০%
৬	আরসিসি এ্যাপ্রোচ রাস্তা এবং গাড়ী পার্কিং নির্মাণ					
	ক) আরসিসি সংযোগ রাস্তা	বঃমিঃ	৮৩৬	২১.০৬	২১.০৬	১০০%
	খ) অভ্যন্তরীন রাস্তা	বঃমিঃ	১১২৫	২৮.৩৪	২৮.৩৪	১০০%
	গ) কার পার্কিং (৩৫০ ফুট ×১৮০ ফুট)	বঃমিঃ	৩৯৩৮	৯৯.২১	৯৯.২০	১০০%
	উপ-মোট=			১৪৮.৬১	১৪৮.৬০	
৭	মেইন গেট নির্মাণ	থোক	১	১৫.০০	১৫.০০	১০০%
৮	মাঠ সরঞ্জামাদি					
	ক) ঘাস কাটার মেশিন	সংখ্যা	২			
	খ) পিচ কভার	বঃমিঃ	২৯৪২			
	গ) জিমন্যাসিয়াম সরঞ্জামাদি					
	i) এস্কারসাইজ ট্রেডমিল	সংখ্যা	১	৪.২৬	৪.২৫	১০০%
	ii) মাল্টি জিম ৫-স্টেশন	সংখ্যা	১	১.৮০	১.৮০	১০০%
	iii) কমার্সিয়াল রিকোমবেন্ট বাইক	সংখ্যা	১	২.৭০	২.৭০	১০০%
	iv) এস্কারসাইজ সাইকেল	সংখ্যা	১	১.২৪	১.২৩	১০০%
	v) বক্সিং ব্যাগ	সংখ্যা	২	০.৩৬	০.৩৫	১০০%
	vi) লেগ প্রেস মেশিন	সংখ্যা	১	১.৩২	১.৩২	১০০%
	উপ-মোট=			২৩.২৮	২৩.২৪	
৯	কাটা তারসহ সীমানা প্রাচীর নির্মাণ	মিঃ	৬৯০	৮৪.১০	৮৪.০৯	১০০%
১০	এরিয়া লাইটিং					
	ক) বৈদ্যুতিক পোল	সংখ্যা	৪	০.৮১	০.৮১	১০০%
	খ) বৈদ্যুতিক লাইট	সংখ্যা	৪	০.৩২	০.৩২	১০০%
	গ) ক্যাবেল ২৫-২৬ মিঃমিঃ এনওয়াইওয়াই	মিঃ	৮০৯	১৫.০৩	১৫.০২	১০০%
	উপ-মোট=			১৬.১৬	১৬.১৫	
১১	টিকেট কাউন্টার					
	ক) ফাউন্ডেশন	বঃমিঃ	১৩১	৯.৯৮	৯.৯৭	১০০%
	খ) সুপারস্ট্রাকচার	বঃমিঃ	১৩১	২০.২১	২০.২০	১০০%
	উপ-মোট=			৩০.১৯	৩০.১৭	
১২	পুরুষ ও মহিলাদের জন্য পাবলিক টয়লেট নির্মাণ					
	ক) ফাউন্ডেশন (২৭ ফুট ×১৯ ফুট)	বঃমিঃ	৯৭	৭.৩৯	৭.৩৯	১০০%
	খ) সুপারস্ট্রাকচার	বঃমিঃ	৯৭	১৪.৯৬	১৪.৯৬	১০০%
	গ) সেনেটারী কাজ	বঃমিঃ	৯৭	১.১৩	১.১২	১০০%
	ঘ) বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	৯৭	১.৬০	১.৬০	১০০%
	উপ-মোট=			২৫.০৯	২৫.০৭	
১৩	আরসিসি স্লোপ প্রোটেকশন	বঃমিঃ	১১৫০	৩০.৮২	৩০.৮১	১০০%
১৪	মিডিয়া সেন্টার থেকে গ্রীন গ্যালারীতে যাওয়ার জন্য ফুটওভার ব্রীজ নির্মাণ					
	ক) ফাউন্ডেশন	বঃমিঃ	১৯০	১৬.২৩	১৬.২২	১০০%

ক্রঃনং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			পরিমাণ	টাকা	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	খ) আই বিম জয়েন্ট, গাটার, চেকার প্লেট, রুফ, স্টিল ইত্যাদি	টন	১৩৬.৫০	১৭০.৬৩	১৭০.৬২	১০০%
	গ) এসএস পাইপ এর রেলিং	বঃমিঃ	৮৫৫	৫৯.৯২	৫৯.৯১	১০০%
	উপ-মোট=			২৪৬.৭৮	৪৬.৩৯	১০০%
১৫	মেইন ক্যাবেলসহ বৈদ্যুতিক সংযোগ (১৫০ মিঃমিঃ)	মিঃ	৩৫০	৪৬.৪০	৪৬.৩৯	১০০%
১৬	৫.৫ এইচপি সাব-মার্সিবল পাম্প সাথে ৫০ মিঃমিঃ কলাম					
	ক) ৫.৫ এইচপি পাম্প	সংখ্যা	১	২.৬৩	২.৬২	১০০%
	খ) (৮ ইঞ্চি ×৪ ইঞ্চি) ইউপিভিসি পাইপ দ্বারা পাম্প স্থাপন কাজ	সংখ্যা	১	৬.৮৭	৬.৮৬	১০০%
	উপ-মোট=			৯.৫০	৯.৪৮	
১৭	ক) নিরাপত্তার জন্য আনসার সেড নির্মান	বঃমিঃ	১২৩	১২.০২	১২.০২	১০০%
	খ) সেনেটারী কাজ	বঃমিঃ	১২৩	১.৪৩	১.৪২	১০০%
	গ) বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	১২৩	২.০৩	২.০৩	১০০%
	উপ-মোট=			১৫.৪৯	১৫.৪৭	
১৮	ক) নামাজের স্থান (৬০ ফুট×৪৫ ফুট)	বঃমিঃ	৩০৫	৩৯.৬০	৩৯.৫৯	১০০%
	খ) সেনেটারী কাজ	বঃমিঃ	৩০৫	৩.৫৫	৩.৫৫	১০০%
	গ) বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	৩০৫	৫.০৪	৫.০৩	১০০%
	উপ-মোট=			৪৮.২০	৪৮.১৭	
	মোট (ক) =			২৬৪৯.৮৪	২৬৪৯.৫২	
	খ) মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়াম উন্নয়নসহ জাতির পিতার মুর‍্যাল স্থাপন					
১	ভূমি উন্নয়ন	ঘঃমিঃ	১৫৫৬৫	৩৩.৮	৩৩.৮০	১০০%
২	আরসিসি রাস্তা	বঃমিঃ	৬৫০	১৬.৩৭	১৬.৩৭	১০০%
৩	আরসিসি বেঞ্চ	বঃমিঃ	৬০	৫.১০	৫.১০	১০০%
৪	ফেসিং ব্রিক কাজ (২০০ ফুট×৫০ ফুট)	বঃমিঃ	৭১০	৪৯.৫৯	৪৯.৫৯	১০০%
৫	গার্ড রুম (২০ ফুট×১০ ফুট)					
	ক) ফাউন্ডেশন (২০ ফুট×১০ ফুট)	বঃমিঃ	৩৭	৩.১৬	৩.১৬	১০০%
	খ) সুপারস্ট্রাকচার	বঃমিঃ	৩৭	০.৮৭	৩.৮৭	১০০%
	গ) সেনেটারী কাজ	বঃমিঃ	৩৭	০.৩৯	০.৩৯	১০০%
	উপ-মোট			৭.৪২	৭.৪২	
৬	ক) স্টিল ফেসিং রেলিং	বঃমিঃ	৪৩৮	১৯.৫৮	১৯.৫৮	১০০%
	খ) এম এস স্টিয়ার	লট	১	৪.৫০	৪.৫০	১০০%
	উপ-মোট			২৪.০৮	২৪.০৮	
৭	বিদ্যমান পুকুরে রিটেইনিং ওয়াল এবং সাইট ওয়াল নির্মাণ					
	ক) ফাউন্ডেশন	বঃমিঃ	১৩০৫	৯৪.০৪	৯৪.০৪	১০০%
	খ) সুপার স্ট্রাকচার	বঃমিঃ	৪১০	৭৪.৮৯	৭৪.৮৯	১০০%
৮	১০ মিঃমিঃ গ্লাস পার্টিশন	বঃমিঃ	১৩৫	৪.৩৭	৩.৯৫	১০০%
৯	মুর‍্যাল স্থাপন					
	ক) জাতির পিতার মুর‍্যাল স্থাপন	লট	১	৭২.০০	৭২.০০	১০০%
	খ) পানির সাথে আংশিক স্কাল্পচার স্থাপন	লট	১	২৫.০০	২৫.০০	১০০%

ক্রঃনং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			পরিমাণ	টাকা	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	উপ-মোট			৯৭.০০	৯৭.০০	
১০	ফুট ওভার ব্রিজের সৌন্দর্য্য বৃদ্ধিকরণ কাজ					
	ক) ফাউন্ডেশন (১৫০ ফুট×২০ ফুট	বঃমিঃ	৪৯৬	৮৫.৬৪	৮৫.৬৪	১০০%
	খ) সুপারস্ট্রাকচার	বঃমিঃ	৫৭০	১০৪.১২	১০৪.১২	১০০%
	উপ-মোট=			১৮৯.৭৬	১৮৯.৭৬	
১১	ভলিবল কোর্ট (৯২ ফুট× ৭৬ ফুট)	বঃমিঃ	৬০০	২৭.৬৯	২৭.৬৯	১০০%
১২	ভাসমান ডেক স্লাব	বঃমিঃ	৬৩৬	১২৪.৯৭	১২৪.৯৭	১০০%
১৩	এরিয়া লাইটিং/বৈদ্যুতিক কাজ	লট	১	৩৮.০০	৩৮.০০	১০০%
১৪	পুরুষ ও মহিলাদের জন্য পাবলিক টয়লেট নির্মাণ (৩০ ফুট × ২২ ফুট)					
	ক) ফাউন্ডেশন	বঃমিঃ	৩০	২.২৯	২.২৯	১০০%
	খ) সুপারস্ট্রাকচার	বঃমিঃ	৩০	৪.৬৩	৪.৬৩	১০০%
	গ) সেনেটারী কাজ	বঃমিঃ	৩০	০.৩৫	০.৩৫	১০০%
	ঘ) বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	৩০	০.৫০	০.৫০	১০০%
	উপ-মোট=			৭.৭৬	৭.৭৬	
১৫	পেভমেন্ট টাইলস	বঃমিঃ	২৬৫০	৬৬.২৫	৬৬.২৫	১০০%
১৬	সুপারস্ট্রাকচারসহ ব্রিক ওয়ার্ক	বঃমিঃ	৪২০০	৭৭.১৫	৭৭.১৫	১০০%
১৭	ল্যান্ড স্কেপিং/ফেনসি গার্ডেনিং ওয়াক	বঃমিঃ	১	২০.০০	২০.০০	১০০%
১৮	এলটি এবং এইচটি ক্যাবেলসহ ৮০০ কেভি এ সাব-স্টেশন নির্মাণ সাথে	লট	১	১৫২.৩৮	১৫২.৩৮	১০০%
১৯	৬ ইঞ্চি ব্যাসের গভীর নলকূপ স্থাপন	লট	১	৪০.০০	৪০.০০	১০০%
২০	পানি ফোয়ারা স্থাপন কাজ	সংখ্যা	১	১.০০	-	
	মোট (খ) =			১১৫১.৬৪	১১৫০.৬৪	
	মোট (ক+খ)			৩৮০১.৪৮	৩৭৯৯.৭৩	
	মোট (মূলধন)					
	রাজস্ব ব্যয়					
গ	কনসালটেন্সি (ডিজাইন,ড্রয়িং, পার্টটাইম সুপার ভিশন)	জনমাস	১৫	৩১.৩৩	৩১.৩৩	
ঘ	স্টেশনারী এবং অন্যান্য মালামাল	থোক		৫.০০	৪.০৬	
ঙ	বিজ্ঞাপন বিল, দরপত্র প্রস্তুত এবং অন্যান্য	থোক		৩.০০	২.০০	
চ	সম্মানী (বিভিন্ন কমিটি, মধ্যবর্তী মূল্যায়ন ইত্যাদি)	থোক		৬.০০	৬.০০	
ছ	অপ্রত্যাশিত ব্যয় (উদ্বোধনী, সমাপনীর ফাউন্ডেশন স্টোন ও অন্যান্য)	থোক		৫.০০	৫.০০	
জ	যানবাহন ভাড়া	মাস	১৮	১৬.২০	১২.১৯	
	মোট রাজস্ব =			৬৬.৫৩	৬০.৫৮	
	মোট (মূলধন+রাজস্ব)			৩৮৬৮.০০	৩৮৬০.৩১	

৬.৯ কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণঃ

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.১০ <u>ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ</u>

প্রকল্পের আওতায় পণ্য ও কার্য হিসেবে মোট ৪ টি প্যাকেজের আওতায় ক্রয়/সংগ্রহ কার্যক্রম সম্পন্নের পরিকল্পনা আরডিপিপিতে অর্ন্তভূক্ত রয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত উল্লেখযোগ্য ক্রয়কার্য ক্রমের বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:

Description of procurement (Goods Works Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (In Corer Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Construction of 3-Storied Pavilion Building, Green Gallery in/c Retaining wall, RCC road & car parking, foot over bridge at Sylhet Divisional Outer Stadium under the project of "Development of outer Stadium at Sylhet Divisional Cricket complex and Development of outer stadium including installation of Father of the Nation's Mural at bir Muktijoddah Asaduzzman Stadium Magura.	O-1253.57 R-1441.21	O-1249.63 R-1436.81	16-09-2018	14-11-2018	O-30-06-2019 R-30-06-2020	29-06-2020

Description of procurement (Goods Works Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (In Corer Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Construction of General Gallery, Retainig wall adn Boundary wall. Ticket Counter, Prayer Room, Ansar Shed, Main gate, Drain Slope protection. Public Toilet at Syhlhet Divisional outer Stadium under the project of "Development of outer Stadium at Sylhet Divisional Cricket complex and Development of outer stadium including installation of Father of the Nation's Mural at bir Muktijoddah Asaduzzman Stadium Magura.	O-591.50 R-597.44	O-590.43 R-597.40	16-09-2018	28-11-2018	O-30-06-2019 R-30-06-2020	29-06-2020
Construction of Sprinkler Drainage System and Internal Drain at Sylhet Divisional outer Stadium under the project of "Development of outer Stadium at Sylhet Divisional Cricket complex and Development of outer stadium including installation of Father of the Nation's Mural at bir Muktijoddah Asaduzzman Stadium Magura.	O-557.10 R-611.19	O-555.92 R-1138.58	06-09-2018	26-09-2018	O-30-06-2019 R-30-06-2020	29-06-2020
Development of outer stadium at Bir Muktijodda Asaduzzaman Stadium	O-1139.24 R-	O-1117.95 R-	06-09-2018	26-09-2018	O-30-06-2019 R-30-06-	30-06-2020

Description of procurement (Goods Works Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (In Corer Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Complex, Magura under the project of "Development of outer Stadium at Sylhet Divisional Cricket complex and Development of outer stadium including installation of Father of the Nation's Mural at bir Muktijoddah Asaduzzman Stadium Magura	1151.64	1138.58			2020	

৭. <u>পরিদর্শিত এলাকাঃ</u>

সমাপ্ত এ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট সহকারী পরিচালক কর্তৃক গত ০২/০৪/২০২২ তারিখে প্রকল্প এলাকার সিলেট সদর ও ১২/০৪/২০২২ তারিখ মাগুরা সদরে বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় আলোচ্য প্রকল্পের প্রকল্প অফিসের কর্মকর্তা এবং জেলা ক্রীড়াপরষদের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

৮. <u>পরিদর্শন পর্যবেক্ষণঃ</u>

নিম্নে পরিদর্শিত এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িতও সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও বাস্তবায়ন সমস্যা প্রদত্ত হলঃ

৮.১ <u>সিলেট বিভাগীয় ক্রিকেট কমপ্লেক্স আউটার স্টেডিয়াম স্পোর্টস ফ্যাসিলিটিস উন্নয়ন:</u>

অনুমোদিত সংশোধিত ডিপিপিতে সিলেট বিভাগীয় ক্রিকেট কমপ্লেক্স আউটার স্টেডিয়াম স্পোর্টস ফ্যাসিলিটিস উন্নয়নের জন্য ৪ তলা ভিত্তিসহ ৩ তলা প্যাভিলিয়ন ভবন এবং ভিআইপি গ্যালারী (১২০ ফুট × ৬০ ফুট), সং ২০০ ফুট ×৩১ ফুট এবং ৬২ ফুট ×৩৩ ফুট) নির্মাণের জন্য ১ম তলা হতে ৩য় তলা পর্যন্ত দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ২১৮ ফুট ×৩১ ফুট , সেনেটারী ও বৈদ্যুতিক কাজ (ডরমিটরিসহ), অভ্যন্তরীন সৌন্দর্য্য বৃদ্ধি, এসি সরবরাহ এবং প্রয়োজনীয় ফার্নিচারের জন্য ৬৫০.৮২ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী উক্ত কাজে ৬৫০.৮০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, প্যাভিলিয়ন ভবন নির্মাণে গুনগত মান বজায় রাখা হয়েছে। প্যাভিলিয়ন ভবনে ভিআইপি গ্যালারী, প্লেয়ার্স ডেসিং রুম ২টি, আম্পিয়ারস ড্রেসিং রুম, ডাইনিং রুম, জিমনেসিয়াম রুম, কমেন্ট্রি বক্স সহ অন্যান্য ফ্যাসিলিটি রয়েছে যা আধুনিক মানের।

৮.২ **ড্রেনেজ সিস্টেম এবং খেলার মাঠ উন্নয়ন:**

অনুমোদিত সংশোধিত ডিপিপিতে ড্রেনেজ সিস্টেমের জন্য ২১৫০০ বঃমিঃ পূর্ত কাজসহ স্প্রিংলার সিস্টেমের ড্রেনেজ ও স্প্রিংলারের গান পয়েন্ট ৬ সেট কাজের জন্য ৪২৫.৫০ লক্ষ টাকার সংস্থান ছিল। খেলার মাঠ উন্নয়নের জন্য ৪০৮২ ঘঃমিঃ দোঁয়াশ মাটি এবং ছড়ানো এবং ২১৫০০ বঃমিঃ ঘাস স্থাপনের জন্য ৩৬.৬৫ লক্ষ টাকার সংস্থান ছিল। মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর অনুযায়ী দেখা যায় উক্ত কাজ শতভাগ সম্পন্ন করা হয়েছে এবং মোট ৪৬২.১৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, খেলার মাঠে ৬ সেট স্প্রিংলার গান পয়েন্ট সহ স্প্রিংলার সিস্টেমের ড্রেনেজ ব্যবস্থা স্থাপন করা হয়েছে। পরিদর্শনের সময় খেলার মাঠে পর্যাপ্ত সবুজ ঘাস এবং স্প্রিংলার সিস্টেমের ড্রেনেজ ও স্প্রিংলারের গান পয়েন্ট ৬ সেট দেখা যায়।

৮.৩ **মাগুরা বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান আউটার স্টেডিয়াম উন্নয়নসহ জাতির পিতার মুর‍্যাল স্থাপন:**

অনুমোদিত সংশোধিত ডিপিপিতে মাগুরা বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান আউটার স্টেডিয়াম উন্নয়নের জন্য ভূমি উন্নয়ন ১৫৫৬৫ ঘঃমিঃ, আরসিসি রাস্তা ও সিসি ক্রিকেট পিচসহ ৬৫০ বঃমিঃ, আরসিসি বেঞ্চ ৬০ বঃমিঃ, ফেসিং ব্রিক কাজ (২০০ ফুট ×৫০ ফুট), ফাউন্টেশন, সুপারস্ট্রাকচার ও সেনেটারী কাজসহ গার্ড রুম(২০ ফুট ×১০ ফুট), নির্মাণের জন্য ৭.৪২ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী উক্ত টাকায় শতভাগ কাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, আউটার স্টেডিয়াম উন্নয়নের জন্য ভূমি উন্নয়ন ও আরসিসি রাস্তাসহ প্রধান ফটকের পাশে গার্ডরুম নির্মাণ করার পাশাপাশি ৬০ বঃমিঃ আরসিসি বেঞ্চ, ফেসিং ব্রিকের নির্মাণ করা হয়েছে। আউটার স্টডিয়ামে প্রশিক্ষণের জন্য সিসি ক্রিকেট পিচ নির্মাণ করা হয়েছে।

৮.৪ বিদ্যমান পুকুরে রিটেইনিং ওয়াল ১৩০৫ বঃমিঃ এবং সুপার স্ট্রাকচার ৪১০ বঃমিঃ এর জন্য ১৬৮.৯৩ লক্ষ টাকার সংস্থান ছিল প্রাপ্ত পিসিআর অনুযায়ী দেখা যায় উক্ত টাকায় শতভাগ কাজ সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, ডিজাইন অনুযায়ী পুকুরে রিটেইনিং ওয়াল ব্যবহার করে বুলন্ত বীজ নির্মাণ করা হয়েছে যা দৃষ্টি নন্দন এবং একটি আধুনিক স্থাপনা মর্মে প্রতীয়মান।

৮.৫ **জাতির পিতার মুর‍্যাল স্থাপন**: অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী জাতির পিতার মুর‍্যাল নির্মাণের বেইজ ও পানি সাথে আংশিক স্কালচার স্থাপন (ফোয়ারাসহ) এ ৯৭.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী উক্ত টাকায় শতভাগ কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্প সাইটের মাগুরা-কুষ্টিয়া মহাসড়কের পাশে জাতির পিতার মুর‍্যাল স্থাপন করা হয়েছে এবং পরিদর্শনের সময় দেখা যায় সর্বসাধারণ সেখানে শ্রদ্ধা নিবেদন করেছেন। বিদ্যমান পুকুরটিতে দৃষ্টি নন্দন পানির ফোয়ারা স্থাপন করা হয়েছে।

৮.৬ **অন্যান্য কাজ**: অনুমোদিত সংশোধিত ডিপিপিতে অন্যান্য কাজ যেমন-ভলিবল কোর্ট, ভাসমান ডেক স্লাব ও ভূ-গর্ভস্থ আর সিসি জলাধার, এরিয়া লাইটিং/বৈদ্যুতিক কাজ, পুরুষ ও মহিলাদের জন্য টয়লেট স্থাপন, পেভমেন্ট টাইলস, সুপার স্ট্রাকচার ব্রিক ওয়ার্ক, ল্যান্ড স্কেপিং/ফেনসিং গার্ডেনিং ওয়াক, এলটি এবং এইচটি ক্যাবলসহ ৮০০ কেভিএ সাব-স্টেশন নির্মাণ, ৬ ইঞ্চি ব্যাসের গভীর নলকূপ স্থাপন এবং পানি ফোয়ারা স্থাপনের কাজের সংস্থান ছিল। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় উক্ত কাজ শতভাগ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় উক্ত কাজসমূহ মধ্যে ভলিবল **কোর্টের স্ট্যান্ড** দেখা যায়নি এবং পুরুষ ও মহিলাদের জন্য নির্মিত টয়লেটের দেয়ালের সুপার স্ট্রাকচার ব্রিক ওয়ার্ক এর মধ্যে একটি স্থান ভাঙ্গা রয়েছে। এছাড়া বাকি অঙ্গসমূহের কাজের গুনগত মান সঠিক আছে মর্মে প্রতীয়মান হয়।

৮.৭ মূল অনুমোদিত প্রকল্পটি বাস্তবায়নের সময় পরিলক্ষিত/উদ্ভূত সমস্যা অসুবিধা হতে পরিত্রাণের লক্ষ্যে প্রকল্পটি একবার সংশোধন করে সংশোধিত মেয়াদে এবং সংশোধিত প্রাক্কলনের তুলনায় হ্রাসকৃত ব্যয়ে কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন মেয়াদে প্রকল্প পরিচালক হিসেবে ৩ (তিন) জন কর্মকর্তা অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন।

৮.৮ প্রকল্পের আওতায় ৬.৭২ লক্ষ টাকা অব্যয়িত অর্থ যথানিয়মে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত চালানের সংশ্লিষ্ট কপি পিসিআরের সাথে সংযুক্ত করা হয়েছে।

৯. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

ক্রঃনং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন	ঘাটতির কারণ, যদি থাকে
১.	সিলেট ও মাগুরা জেলা সদরে পুরুষ ও মহিলা খেলোয়ারদের জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধা তৈরি ও উন্নয়ন প্রকল্পের মূল উদ্দেশ্য।	খেলোয়াড়দের জন্য ক্রীড়া সুবিধা ইতিমধ্যে তৈরি করা হয়েছে। উন্নয়ন কাঠামো প্রকল্প স্থানীয় ক্রীড়া কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করার হয়েছে কিন্তু কোভিড -১৯ এর কারণে কাঠামোগত ব্যবহার সীমিত।	প্রযোজ্য নয়।

১০. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে উহার কারণঃ

যে উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা যথাযথ ভাবে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১১. পর্যবেক্ষণঃ

১১.১ প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। পিসিআরে প্রকল্পের আওতায় অডিট কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত কোন তথ্য উল্লেখ করা হয়নি। বাস্তবায়িত প্রকল্পের এক্সটারনাল অডিট এর তারিখ উল্লেখ করা হয়েছে ৩০/১২/২০২১। তবে প্রকল্প অফিসের সাথে যোগাযোগ করে জানা যায় প্রকল্পটির বিপরীতে ২টি অডিট আপত্তি রয়েছে যার সন্তোষ জনক জবাব প্রদান করা হয়েছে কিন্তু অদ্যাবধি অডিট অফিস থেকে অডিট আপত্তি নিষ্পত্তির চিঠি পাওয়া যায়নি।

১১.২ প্রকল্পের আওতায় মোট ৮৭.১২ লক্ষ টাকা ব্যয়ে ক্রয়কৃত ফার্নিচার গুলো সঠিকভাবে মাকিং করে রক্ষনাবেক্ষণ করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। এতে ফার্নিচার গুলোর হারিয়ে যাওয়া এবং মার্কিং না থাকার কারণে যথাযথ স্থানে ব্যবহৃত না হওয়ার সম্ভাবনা রয়েছে। ক্রয়কৃত ফার্নিচার গুলোর যথাযথ হিসাব সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য ইনভেনটরি মার্কিং করার প্রয়োজনীয়তা রয়েছে।

১১.৩ অনুমোদিত আরডিপিপি'তে অত্যাধুনিক স্টীলস্ট্রাকচারের নির্মিত অবকাঠামোর আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের প্রয়োজনীয় কোন ফায়ারফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান নেই। ভবিষ্যতে এ জাতীয় অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে।

১২. পরিদর্শনের স্থিরচিত্র:



চিত্র-১: সিলেট আউটার সেটডিয়াম



চিত্র-২: মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়াম



চিত্র-৩: খেলোয়াড়দের ড্রেসিং রুম



চিত্র-৪: নান্দনিক ফুট ওভার ব্রিজ



চিত্র-৫: আভ্যন্তরীন ড্রেন



চিত্র-৬: জাতির পিতার মুর‍্যাল

১৩. <u>মতামত/সুপারিশঃ</u>

১৩.১ প্রকল্পের আওতায় নি**র্মিত অবকাঠামো**সমূহ সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে বাৎসরিক বরাদ্দ প্রদান করার পাশাপাশি অবকাঠামসমূ**হ** পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৩.২ মাগুরা বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান আউটার স্টেডিয়ামের ভলিবল **কোর্টের স্ট্যাড স্থাপন করার পাশাপাশি** পুরুষ ও মহিলাদের জন্য নির্মিত টয়লেটের দেয়ালের সুপার স্ট্রাকচার ব্রিক ওয়ার্ক এর ভাঙ্গা **স্থান অতিদ্রুত মেরামত করতে হবে**;

১৩.৩ প্রকল্পের ক্রয়কার্য ক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং ক্রয়কৃত সামগ্রীর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ইনভেনটরি ব্যবস্থাপনা ও ইনভেনটরি মার্কি-এর উদ্যোগ গ্রহণ করতে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

১৩.৪ ভবিষ্যতে স্টীলস্ট্রাকচারের অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের

সংস্থান রাখতে হবে;

১৩.৫ প্রকল্পের উত্থাপিত অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির লক্ষ্যে চলমান প্রক্রিয়া দ্রুতসমাপ্ত করে আইএমইডি'কে অবহিত করতে হবে; এবং

১৩.৬ উপরোল্লিখিত সুপারিশসমূহের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

১. প্রকল্পের নামঃ মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ (১ম সংশোধিত)।

২. (ক) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ জাতীয় ক্রীড়া পরিষদ।

৩. প্রকল্পের অবস্থানঃ মুন্সিগঞ্জ সদর।

৪. প্রকল্পের ধরণঃ বিনিয়োগ।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় মূল প্রঃ ব্যয়ের (%)	অতিক্রান্ত সময় মূল বাস্তবায়নকালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত (ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে)			
মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ						
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৮১৫.৪৭	২০৬৬.০০	২০৩৭.৭৪	১ জানুয়ারি, ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯	১ জানুয়ারি, ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৯	১ জানুয়ারি, ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৯	৩৩.২০%	৩৩.৩৩%

* প্রকল্পটির ১ম সংশোধনীতে সর্বমোট ধার্য ছিল ২০৬৬.০০ লক্ষ টাকা। প্রকৃত টাকা উত্তোলন করা হয়েছে মোট ২০৬৫.৭৬ লক্ষ টাকা, কিন্তু প্রকৃত ব্যয় করা হয়েছে ২০৩৭.৭৪ লক্ষ টাকা। উদ্বৃত্ত টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (ট্রেজারী চালানের কপি পিসিআরের সংযুক্তি পত্র পৃষ্ঠা-৬৪ ও ৬৫)।

৬. প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকা)

SL.	Name of Components	Unit	As per approved		Progress	
			Quantity	Amount (In Lakh)	Quantity	Amount (In Lakh)
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)
A.	**Munshigonj District Stadium**					
1.	**Play field development**					
	i) Alubiale soil (deep 17inch)	cum	8780.00	49.78	100%	49.75
	ii) Turffing	sqm	19950.00	8.18	100%	8.18

	Sub-total=			**57.96**		**57.90**
2.	**Exisiting Pavillion Building development**	sqm	1019.00	66.24	100%	66.24
3.	**Supply AC of Pavillion building**	Ton	8.00	6.66	100%	6.66
4.	**Supply Furniture of Pavillion building**	ps	234.00	24.00	100%	24.00
5.	**Dismantallin Works**					
	i) Office building	sqm	644.77	14.75	100%	14.75
	ii) Brickes wall	sqm	535.00	0.19	100%	0.19
	Sub-total=			**14.94**		**14.94**
6.	**Construction Gallery (Remaing) 11 step**					
	a) Pile Fundation	sqm	714.00	129.10	100%	129.10
	i) Foundation	sqm	1083.00	187.73	100%	187.70
	ii) Super structure	sqm	817.00	17.32	100%	17.22
	b) RCC walkway					
	c) Exisiting Pavillion Building, guard wall, grill fencing etc.					
	i) Weather coat	sqm	2650.00	2.73	100%	2.73
	ii) Anamel paints	sqm	1078.00	1.08	100%	1.08
	iii) MS gate	sqm	40.00	2.00	100%	2.00
	Sub-total=			**339.96**		**339.76**
7.	Construction VIP Gallery Steel shed Existing Pavilion Building	sqm	279.00	33.48	100%	33.48
8.	Boundary wall (RCC Colum)	m	160.00	12.34	100%	12.34
9.	Internal surface drain in/c outlet	m	475.00	49.88	100%	49.88
10.	**Grounds equipment**					
	i) Hand derive Grass cutting machine	nos	1.00	1.50	100%	1.50
	ii) Cricket site screen	nos	2.00	4.00	100%	4.00
	Sub-total=			**5.50**		**5.50**
	Total (A)=			**610.95**		**610.70**
B.	**Indoor Stadium (120ft x 85ft)**					
1.	Land Development (Swimming Pool Area)	cum	7000.00	15.20	100%	15.20
2.	New Boundary wall	m	125.00	8.61	100%	8.61
3.	Barbed wear fencing over boundary wall	sqm	280.00	2.13	100%	2.13
4.	Const. indoor stadium					
	i) Pile foundation	sqm	980.00	185.79	100%	185.79
	ii) Super Structure			0.00		0.00
	ii-a) Ground Floor	sqm	980.00	179.02	100%	179.02
	ii-b) 1st Floor	sqm	840.00	145.61	100%	145.60

	ii-c) Steel Structure (Over Roof)	sqm	1155.00	167.48	100%	167.48
	ii-d) Internal Electrification Works	sqm	1265.00	20.91	100%	20.90
	ii-e) Internal Sanitary & Water Supply works	sqm	1265.00	14.75	100%	14.75
	ii-f) External Electric Connection	Ls	1.00	3.03	100%	3.00
	ii-g) Wooden Floor	sqm	605.00	92.57	100%	92.57
	Sub-Total=			**809.14**		**809.11**
5.	**Gym equipment**					
	i) Exercise Trademail	nos	1.00	4.26	100%	4.26
	ii) Multi Gym 5 Station	nos	1.00	1.80	100%	1.80
	iii) Commercial Recombent	nos	1.00	2.70	100%	2.70
	iv) Exercise Cycle	nos	1.00	1.24	100%	1.24
	v) Boxing Bag	nos	2.00	0.36	100%	0.36
	vi) Leg Press	nos	1.00	1.32	100%	1.32
	Sub-Total=			**11.68**		**11.68**
6.	Indoor Flight (LED-150w)	nos	50.00	21.75	100%	21.75
7.	GI Pipe Leader	nos	1.00	2.50	100%	2.50
8.	Hanging for Light	nos	50.00	2.50	100%	2.50
9.	1c-2x6 bmm (wyy cable)	m	2330.00	10.14	100%	10.14
10.	**Electric Connection (Main line to indoor stadium)**					
	i) 1c-4x35 bmm & 16 earthing nyy	m	70.00	2.71	100%	2.71
	Sub-Total=			**39.60**		**39.60**
11.	Internal Road (RCC)	sqm	475.00	11.97	100%	11.97
12.	Surface Drain	m	175.00	7.00	100%	7.00
13.	Supply of Gallery Chair	nos	530.00	16.43	100%	16.43
14.	Supply of AC	ton	8.00	6.66	100%	6.66
15.	Supply of Furniture	nos	152.00	4.48	100%	4.48
16.	Mate (92ft x 50ft)	sqm	428.00	15.19	100%	15.19
	Total (B)=			**922.15**		**922.12**
C.	**Development of swimming pool**					
	Const. of Gallery (6 step)					
	i) Pile Foundation	sqm	401.00	72.50	100%	72.50
	ii) Super structure	sqm	460.00	79.74	100%	79.74
	iii) Pre-Fabricated Steel Shed (VIP)	sqm	137.93	20.00	100%	20.00
	Sub-Total=			**172.24**		**172.24**
2.	**Existing Swimming Pool**					
	a) Mosic Works					

	a-i) Cleaning & Polishing (Wall)	sqm	520.00	0.40	100%	0.40
	a-ii) Cleaning & Polishing (Floor)	sqm	1050.00	0.57	100%	0.57
	a-iii) Peatent Stone	sqm	1507.00	7.69	100%	7.65
	a-iv) Tiles (floor)	sqm	704.00	11.19	100%	11.19
	a-v) Ms Grill in/c drain cover	sqm	270.00	4.43	100%	4.40
	Sub-Total=			**24.27**		**24.21**
3.	Approach Road (RCC)	sqm	1922.00	48.42	100%	48.40
	Total (C)=			**244.93**		**244.85**
D.	**Tennis Court**					
1.	Construction Tennis Court					
	a) Sand Feeling	cum	1655.00	9.96	100%	9.95
	b) Khoa Cosollation (50mmm deep)	cum	670.00	4.47	100%	4.47
	c) RCC floor works					
	i) Concricket	cum	225.00	23.68	100%	23.68
	ii) Shuttering	sqm	30.00	0.12	100%	0.12
	d) MS Rod (40 Grade)	kg	16500.00	12.87	100%	12.87
	e) Artificial stone 38mm deep	sqm	1466.00	7.48	100%	7.48
	f) Colouring of Tennis Court	sqm	1466.00	8.47	100%	8.47
	g) 125 mm bricks works	sqm	180.00	1.51	100%	1.51
	h) 12 mm Plaster works	sqm	360.00	0.71	100%	0.68
	i) Weather Court Works	sqm	360.00	0.75	100%	0.75
	j) Anameil Paint	sqm	650.00	1.10	100%	1.10
	Sub-Total=			**91.12**		**91.08**
2.	**Construction Dressing Room**					
	a) Foundation	sqm	97.00	6.99	100%	6.99
	b) Ground Floor	sqm	97.00	15.77	100%	15.77
	c) Sanitary Works	sqm	97.00	1.13	100%	1.13
	d) Electric Works	sqm	97.00	1.60	100%	1.60
	e) AC Works	ton	6.00	4.99	100%	4.99
	Sub-Total=			**30.48**		**30.48**
3.	**Electric Works**					
	a) HI-Bay Induction LED Light	nos	16.00	6.96	100%	6.96
	b) Cable NYY	m	270.00	1.38	100%	1.38
	c) MDB Box	Lot	1.00	1.50	100%	1.50
	d) GI Pipe Pool	nos	4.00	0.74	100%	0.74
	e) Electric Pool	nos	4.00	0.09	100%	0.09
	Sub-Total=			**10.67**		**10.67**
4.	**Fibre Seed infront dressing room**					
	a) Plastic Pipe in/c GI Net	sqm	550.00	61.25	100%	61.15

	b) Nilon Net	nos	1.00	0.10	100%	0.10
	Sub-Total=			**61.35**		**61.25**
5.	Surface Drain	m	200.00	10.58	100%	10.57
6.	Deep Tubewel (Submersible Pump)	nos	2.00	7.00	100%	6.98
7.	MS Gate	sqm	12.00	0.60	100%	0.59
8.	Supply Furniture	nos	59.00	3.00	100%	2.95
	Total (D)=			214.80	100%	214.57
E.	**Installation of Solar Panel (25kw)**	Lot	1.00	15.00	100%	
	Total (A+B+C+D+E)=			**2033.76**		**2018.18**
F.	**Consultant**	Men month	12	8.00	100%	7.98
G.	**Stationary, DPP, Computer Equipment, Others**			3.00	100%	3.00
H.	**Advertisement and Tender Preparation, Others**			3.00	42%	1.26
I.	**Honorarium (Various Committee)**			4.24	100%	4.24
J.	**Hire Charge**	Month	15.00	12.00	21.58%	2.59
K.	**TA/DA**			2.00	24.50%	0.49
	Sub-Total=			**32.24**		**19.56**
	Grand Total =			**2066.00**		**2037.74**

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা যায়।

৮. সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১. পটভূমিঃ

এই প্রকল্প গ্রহণের পূর্বে মুন্সিগঞ্জ জেলায় বিদ্যমান স্টেডিয়ামএবং সুইমিংপুলটি অনেক পূর্বে নির্মিত হয়েছিল এবং প্রয়োজনীয় সংস্কার করা হয়নি। ফলে স্টেডিয়াম দুইটিতে খেলোয়ারদের খেলাধুলার ক্রীড়া চর্চা ও ক্রীড়ানুষ্ঠান পরিচালনা করা অনেক কষ্টকর হয়ে পড়েছিল। স্টেডিয়ামের উন্নয়নের কারনে মুন্সিগঞ্জ জেলায় ক্রিকেট ও ফুটবলসহ ইনডোর খেলার উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা সম্ভব হচ্ছে এবং এই স্টেডিয়ামে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা সম্ভব হয়েছে। অন্যদিকে ইনডোর স্টেডিয়ামে জাতীয় ও জেলা পর্যায়ে ক্রিকেট ও ফুটবলসহ ইনডোর গেমসের বিভিন্ন ইভেন্টে প্রতিদিন ৫০০ জন প্র্যাকটিস করতে পারবে এবং ইনডোর স্টেডিয়ামে ৫৩০ জন ব্যক্তি ইনডোর গেমস উপভোগ করতে পারবে একইসাথে বিভিন্ন ইভেন্টে (হ্যান্ডবল, ভলিবল, বাস্কেটবল, টেনিস, টেবিল টেনিস, জিমন্যাস্টিক্স, মার্শাল আর্ট, ভারোত্তলন, ব্যাডমিন্টন, দাবা, ক্যারম ইত্যাদিসহ সাতার খেলায়) প্রতিদিন ১০০জন খেলোয়াড় প্রাক্টিস করতে পারবে এ সকল লক্ষ্য সম্পাদনের উদ্দেশ্যে স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন করার লক্ষ্যে এ প্রকল্পটি গৃহীত হয়।

৮.২. প্রকল্পের উদ্দেশ্যঃ

মুন্সিগঞ্জ জেলায় খেলাধুলার মান উন্নয়নএর লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়ামের উন্নয়ন এবং সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ এ প্রকল্পের উদ্দেশ্য হিসেবে ডিপিপি-তে বর্ণিত রয়েছে।

লক্ষ্যমাত্রাঃ

- ক্রিকেট ও ফুটবলসহ ইনডোর খেলার উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা।
- জাতীয় ও জেলা পর্যায়ে ক্রিকেট ও ফুটবলসহ ইনডোর গেমসের বিভিন্ন ইভেন্টে প্রতিদিন ৫০০ জন প্রাকটিস করতে পারবে।
- ইনডোর স্টেডিয়ামে ৫৩০ জন ব্যক্তি ইনডোর গেমস উপভোগ করতে পারবে, তা নিশ্চিত করা।
- বিভিন্ন ইভেন্টে (হ্যান্ডবল, ভলিবল, বাস্কেটবল, টেনিস, টেবিল টেনিস, জিমন্যাস্টিক্স, মার্শাল আর্ট, ভারোত্তলন, ব্যাডমিন্টন, দাবা, ক্যারম ইত্যাদিসহ সাতার খেলায়) প্রতিদিন ১০০জন খেলোয়াড় প্রাক্টিস করতে পারবে।

৮.৩. অনুমোদন পর্যায়সমূহঃ

আলোচ্য প্রকল্পটি ১৮১৫.৪৭ লক্ষ টাকা (জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্তে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৭/০২/২০১৮ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ২০৬৬.০০ লক্ষ টাকা (জিওবি) ব্যয়ে জানুয়ারী ২০১৮ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে প্রকল্পটির ১ম সংশোধন গত ২৬/০৫/২০১৯ ইং তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদিত হয়।

৮.৪. প্রকল্পের মূল কার্যক্রমঃ

(১) মুন্সীগঞ্জ জেলা স্টেডিয়াম উন্নয়ন:

- খেলার মাঠ উন্নয়ন;
- নতুন গ্যালারী নির্মাণ;
- পরিত্যক্ত অফিস ভবন ও ব্রিক ওয়াল ভাঙ্গা;
- বিদ্যমান প্যাভিলিয়ন ভবনের ভিআইপি গ্যালারীর উপর সেড নির্মাণ;
- সীমানা প্রাচীর নির্মাণ;

(২) ইনডোর স্টেডিয়াম নির্মাণ:

- ভূমি উন্নয়ন;
- নতুন সীমানা প্রাচীর নির্মাণ;

(৩) জিম সরঞ্জামাদি সরবরাহ।

(৪) ইনডোর ফ্লাডলাইট, অভ্যন্তরীণ রাস্তা, সারফেস ড্রেন নির্মাণ ইত্যাদি।

(৫) সুইমিংপুলের উন্নয়ন কাজ:

- ৬ ধাপ বিশিষ্ট গ্যালারী নির্মাণ;
- বিদ্যমান সুইমিংপুলের উন্নয়ন;

(৬) টেনিসকোর্ট নির্মাণ।

(৭) ড্রেসিংরুম নির্মাণ।

(৮) বৈদ্যুতিক কাজ।

৮.৫. প্রকল্প ব্যবস্থাপনাঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দায়িত্বের ধরণ
১.	মুঃ শুকুর আলী পরিচালক	০৯/০৮/২০১৭	১৮/১২/২০১৮	খন্ডকালীন
২.	মোঃ রেজাউল করিম পরিচালক	১৮/১২/২০১৮	০৮/০৪/২০১৯	খন্ডকালীন
৩.	মোঃ শাহ আলম সরদার পরিচালক	০৮/০০৪/২০১৯	০১/১২/২০২০	খন্ডকালীন

৯. মূল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ণে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ-

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১০. অর্থবছর ভিত্তিক অগ্রগতিঃ

জানুয়ারী ২০১৮ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত সর্বশেষ অনুমোদিত মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২০৬৬.০০ লক্ষ টাকার (সর্বশেষ সংশোধিত) বিপরীত প্রকৃত ব্যয় হয়েছে ২০৩৭.৭৪ লক্ষ টাকা, যা অনুমোদিত ব্যয় বরাদ্দের ৯৮.৬৩%। পিসিআর এ আলোচ্য প্রকল্পটির অনুকূলে ২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত অর্থ বছরভিত্তিক সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ			অর্থছাড়	ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্রকল্প সাহায্য		মোট	টাকা	বাস্তব
১	২	৩	৪	৫	৭	৮	১০
২০১৭-১৮	০.০০	০.০০	-	০.০০	০.০০	০.০০	০%
২০১৮-১৯	১৯১৫.০০	১৯১৫.০০	-	১৯১৫.০০	১৯১৫.০০	১৯১৫.০০	৯৩%
২০১৯-২০	১৫১.০০	১৫১.০০	-	১৫০.৭৬	১২২.৭৪	১২২.৭৪	৭%
মোট	**২০৬৬.০০**	**২০৬৬.০০**	-	**২০৬৫.৭৬**	**২০৩৭.৭৪**	**২০৩৭.৭৪**	**১০০%**

(অব্যয়িত অর্থঃ ২৬.৫২+১.৫০ = ২৮.০২ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে চালানের কপি সংযুক্ত)

১১. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
• মুন্সীগঞ্জ জেলা সদরে অবকাঠামোগত ক্রীড়া ব্যবস্থাপনার উন্নয়ন যেখানে পুরুষ ও মহিলা খেলোয়ারদের জন্য অবকাঠামোগত সুবিধা তৈরি ও উন্নয়ন করা;	• এই প্রকল্পের আওতায় ইতিমধ্যেই খেলোয়াড়দের জন্য ক্রীড়া সুবিধা তৈরি করা হয়েছে। নির্মিত অবকাঠামো প্রকল্প স্থানীয় ক্রীড়া কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের করা হয়েছে।

১২. উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণঃ

নির্ধারিত সকল উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ রয়েছে।

১৩. অডিট সংক্রান্ত তথ্যঃ

প্রকল্প কার্যালয় হতে জানা যায় যে, আলোচ্য প্রকল্পে কোন অডিট আপত্তি নেই।

১৪. প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটির পিসিআর মূল্যায়নের জন্য গত ২৬/১০/২০২৩ তারিখ মুন্সিগঞ্জ জেলা অংশ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রতিনিধি, প্রকল্প পরিচালকের প্রতিনিধি এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

(ক) ইনডোর স্টেডিয়ামঃ

প্রকল্প পরিদর্শনকালে দেখা যায় যে, ইনডোর স্টেডিয়ামটি মুন্সিগঞ্জ জেলা সদরে, সার্কিটহাউসের পাশে অবস্থিত। উল্লেখিত প্রকল্পটি জেলা ক্রীড়া সংস্থার জমিতে নির্মিত হয়েছে। ইনডোর স্টেডিয়ামে অভ্যন্তরীণ আয়তন ১২০/৮৫ ফিট। নিচের তলায় দুটি অফিস রুম রয়েছে। ডিপিপিতে অনুমোদনকৃত জিমনেসিয়ামটি ইনডোর স্টেডিয়ামে অবস্থিত। এই স্টেডিয়ামের ২য় তলায় ওয়াশব্লক রয়েছে ২টি এবং এক তলায় ওয়াশব্লক রয়েছে ১টি। এছাড়া অফিস রুমের সাথে ২টি ওয়াশরুম রয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, ইনডোর স্টেডিয়ামে দর্শক ধারন ক্ষমতা ৪০০ জন। এই স্টেডিয়ামে স্টিমবাথ এর ব্যবস্থা রয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, জিমনেসিয়ামে ট্রেডমিল, মাল্টি জিম ৫ স্টিশন, কমার্শিয়াল রিকমবেন্ট, এক্সারসাইজ সাইকেল, বক্সিং ব্যাগ, লেগ প্রেস ও কিছু অংশে ফ্লোর ম্যাট প্রদান করা হয়েছে। ইনডোর স্টেডিয়ামের ভিতরে উডেন ফ্লোর নির্মিত হয়েছে। বৈদ্যুতিক কানেকশান এবং স্যানেটারি ও পানির সংযোগ দেয়া হয়েছে মর্মে দেখা যায়। ইনডোর স্টেডিয়ামের বাইরে অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ করা হয়েছে।

(খ) সুইমিংপুল নির্মাণঃ

প্রকল্প পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের অন্যতম কম্পোনেন্ট সুইমিংপুলটি ইনডোর স্টেডিয়াম ভবনের পাশে একই কম্পাউন্ডের মধ্যে অবস্থিত। সুইমিংপুলে ৬ ধাপ বিশিষ্ট গ্যালারী নির্মাণ করা হয়েছে। যার উপরে প্রি-ফেবরিকেটেড স্টিল সেড নির্মাণ করা হয়েছে এবং সুইমিংপুলের দুই পাশে টাইলসের কাজ করা হয়েছে। পরিদর্শনকালে সুইমিংপুলটি পানি ভরাট অবস্থায় পাওয়া যায় এবং সুইমিংপুলে নিয়মিতভাবে সুইমিংয়ের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে মর্মে জানা যায়। এখানে ২টি ওয়াশব্লক রয়েছে।

(গ) টেনিস কোর্ট নির্মাণঃ

প্রকল্প পরিদর্শনকালে দেখা যায় যে, টেনিস কোর্টটি মুন্সিগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের অদূরে জেলা শিক্ষা অফিসের বিপরীতে অবস্থিত। টেনিস কমপ্লেক্সটি ১৩৫ শতক জমির উপরে নির্মাণ করা হয়েছে। এই কমপ্লেক্সটি নির্মাণের জন্য ভূমি উন্নয়ন করা হয়েছে। পরিদর্শনকালে টেনিস কমপ্লেক্সসে ১টি অফিস রুম ১টি ড্রেসিং রুম এবং ১টি স্টোর রুম পাওয়া যায়।

(গ) মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়াম উন্নয়নঃ

প্রকল্প পরিদর্শনকালে দেখা যায় যে, স্টেডিয়ামের বাইরের গেটে নাম সম্বলিত ব্যানার সংযোজন করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় এই মাঠটি নির্মাণে ভূমি উন্নয়নের প্রয়োজন হয়েছে। এই স্টেডিয়ামে ড্রেনেজসিস্টেম তৈরি করা হয়েছে ও মাঠে ঘাস লাগানো হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় এই স্টেডিয়ামে ১১ ধাপ বিশিষ্ট গ্যালারী তৈরী করা হয়েছে। স্টেডিয়ামের ২য় তলায় বক্সসহ ভিআইপি গ্যালারী নির্মাণ করা হয়েছে। এই স্টেডিয়ামে ২টি ড্রেসিংরুম, ২টি ওয়াশব্লক, ৭টি অফিস রুম, ১টি কনফারেন্স রুম ও ১টি ডাইনিংরুম নির্মাণ করা হয়েছে। স্টেডিয়ামের বাইরে পার্কিং এ ২০টি গাড়ী পার্ক করা সম্ভব।

১৫. পর্যবেক্ষণঃ

১৫.১. ইনডোর স্টেডিয়ামের প্রবেশ পথে গেইটে প্রতিষ্ঠানের কোন নাম নেই।

১৫.২. নির্মিত টেনিস কোর্টে কিছু কিছু জায়গায় বৃষ্টির পানি জমে আছে। এতে টেনিস কোর্টের সারফেস নষ্ট হয়ে যাবে-মর্মে প্রতীয়মান হয়।

১৫.৩ মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়ামের মাঠে কিছু কিছু জায়গায় বৃষ্টির পানি জমে আছে-মর্মে দেখা যায়।

১৫.৪. এই প্রকল্পের আওতায় নির্মিত জেলা স্টেডিয়াম ভবনের কিছু কিছু জায়গায় দেয়ালে ড্যাম্প পড়ে গিয়েছে-মর্মে দেখা যায়।

১৫.৫ জেলা স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুল, ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্টে অগ্নি নির্বাপক ব্যবস্থা পর্যাপ্ত নয়-মর্মে দেখা যায়।

১৬. সুপারিশঃ

১৬.১. "মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি ২০৩৭.৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে। প্রকল্পটির প্রতিটি কম্পোনেন্ট সঠিকভাবে রক্ষণাবেক্ষন করা প্রয়োজন। সে প্রেক্ষিতে প্রতিবছর জেলা ক্রীড়া পরিষদ যে পরিমান অনুদান পায় তা অপ্রতুল-মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে স্থানীয়ভাবে কমিটি গঠন করে বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ফান্ড গঠন করে তা দ্বারা প্রকল্পের কম্পোনেন্ট গুলো রক্ষণাবেক্ষন করা যেতে পারে।

১৬.২ ইনডোর স্টেডিয়ামের প্রবেশ পথে গেইটে প্রতিষ্ঠানের নাম দিতে হবে।

১৬.৩. নির্মিত টেনিস কোর্টে যাতে বৃষ্টির পানি জমে না থাকে সে ব্যবস্থা নিতে হবে।

১৬.৪ মুন্সিগঞ্জ জেলা স্টেডিয়ামের মাঠে বৃষ্টির পানি যেন জমে না থাকে সে ব্যবস্থা নিতে হবে।

১৬.৫ এই প্রকল্পের আওতায় নির্মিত জেলা স্টেডিয়াম ভবনের যে সব স্থানে দেয়ালে ড্যাম্প পড়ে গিয়েছে সে সব জায়গা মেরামত করতে হবে।

১৬.৬ অগ্নি নির্বাপক ব্যবস্থা সময় সময় আপডেট করতে হবে এবং প্রয়োজনে ফায়ার সার্ভিস থেকে পর্যাপ্ত প্রশিক্ষণের জন্য ব্যবস্থা নিতে হবে।

১৬.৭. স্টেডিয়ামের মাঠে যে ঘাস লাগানো হয়েছে তার যথাযথ যত্ন নেয়ার ব্যবস্থা করতে হবে।

১৬.৮. উল্লিখিত সুপারিশসমূহের (১৬.১-১৬.৭নং অনুচ্ছেদ) আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে।

পরিশিষ্ট-ক

প্রকল্পটির সরেজমিনে পরিদর্শনকালের স্থির চিত্র



